৬৭. আর সে (ইয়া'কুব) বলল : হে আমার পুত্রগণ! তোমরা প্রবেশ করবে না এক দরজা দিয়ে, বরং প্রবেশ করবে বিভিন্ন দরজা দিয়ে। আর আমি তোমাদের জন্য কিছুই করতে পারি না, আল্লাহ্র বিধানের বিরুদ্ধে। বিধান তো আল্লাহ্রই। তাঁরই উপর আমি ভরসা করি এবং তাঁরই উপর ভরসা করুক যে ভরসা করতে চায়।

৬৮. আর যখন তারা প্রবেশ করল যেভাবে তাদের আদেশ করেছিল তাদের পিতা সেভাবে, তখন তা আল্লাহ্র বিধানের বিরুদ্ধে তাদের কোন কাজে আসার ছিল না। এছাড়া যে, ইয়া'কুব তার মনের একটি বাসনা পূর্ণ করেছিল, আর অবশ্যই সে ছিল একজন জ্ঞানী, কেননা আমি তাকে শিক্ষা দিয়েছিলাম। কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

৬৯. আর যখন তারা উপস্থিত হল ইউসুফের কাছে তখন ইউসুফ নিজের কাছে রাখল তার সহোদর ভাইকে এবং বলল : নিশ্চয় আমি তোমার সহোদর ভাই। সুতরাং তুমি দুঃখ করো না, তারা যা করত তার জন্য।

৭০. তারপর যখন সে তাদের মাল সামানের ব্যবস্থা করে দিল, তখন সে রেখে দিল পানপাত্র তার সহোদর ভাইয়ের মাল-পত্রের মাঝে। এরপর চিৎকার করে বলল এক ঘোষক : হে যাত্রীদল! তোমরা তো চোর।

৭১. তারা তাদের দিকে এগিয়ে বলল : কী হারিয়েছ তোমরা ?

○ مَا نَقُولُ وَكِيلٌ

৬৭- وَقَالَ يَبْنَى لَا تَدْخُلُوا مِنْ بَابٍ وَاحِدٍ وَادْخُلُوا مِنْ أَبْوَابٍ مُتَفَرِّقَةٍ ۖ وَمَا أُغْنِي عَنْكُمْ مِنَ اللَّهِ مِنْ شَيْءٍ ۚ إِنَّ الْحُكْمَ إِلَّا لِلَّهِ ۖ عَلَيْهِ تَوَكَّلْتُ ۖ وَعَلَيْهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُونَ ○

৬৮- وَلَمَّا دَخَلُوا مِنْ حَيْثُ أَمَرَهُمْ آبَاؤُهُمْ ۖ مَا كَانَ يُغْنِي عَنْهُمْ مِنَ اللَّهِ مِنْ شَيْءٍ إِلَّا حَاجَةٌ فِي نَفْسٍ يَعْقُوبَ قَضَاهَا ۖ وَإِنَّهُ لَدُوٌّ عَلِيمٌ لَمَّا عَلَّمْنَاهُ ۖ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ○

৬৯- وَلَمَّا دَخَلُوا عَلَى يُوسُفَ أَوَى إِلَيْهِ أَخَاهُ قَالَ إِنِّي أَنَا أَخُوكَ فَلَا تَبْتَئِسْ بِمَا كَانُوا يَعْمَلُونَ ○

৭০- ۝ فَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَاظِهِمْ جَعَلَ السَّقَايَةَ فِي رَحْلِ أَخِيهِ ثُمَّ أَذِنَ مُؤَدِّنٌ أَيَّتُهَا الْعِيرُ إِنَّكُمْ لَسِرْقُونَ ○

৭১- ۝ قَالُوا وَقُبلُوا عَلَيْهِمْ مَاذَا تَفْقَدُونَ ○

৭২. তারা বলল : আমরা হারিয়েছি আমাদের রাজার পানপাত্র, আর যে কেউ তা এনে দেবে, সে পাবে এক উট বোঝাই মাল। আর আমি তার যিস্মাদার।

৭৩. তারা বলল : আল্লাহ্‌র কসম! তোমরা তো জান যে, আমরা আসিনি ফাসাদ করতে এ দেশে, আর আমরা চোরও নই।

৭৪. তারা বলল : যদি তোমরা মিথ্যাবাদী হও, তবে তার শাস্তি কী ?

৭৫. তারা বলল : তার শাস্তি যার মালের মধ্যে পাত্রটি পাওয়া যাবে, সে নিজেই তার শাস্তি। এভাবেই আমরা যালিমদের শাস্তি দিয়ে থাকি।

৭৬. তারপর সে (ইউসুফ) তল্লাশি শুরু করল তাদের মালপত্রে, তার সহোদর ভাইয়ের মালপত্র তল্লাশির আগে, পরে সে বের করল পাত্রটি তার সহোদর ভাইয়ের মালপত্র থেকে। এভাবেই আমি কৌশল করেছিলাম ইউসুফের জন্য। সে দেশের রাজার আইনে সে তার ভাইকে আটকে রাখতে পারত না, আল্লাহ্‌ ইচ্ছা না করলে। আমি উন্নীত করি মর্যাদায় যাকে ইচ্ছা করি। আর প্রত্যেক জ্ঞানীর উপর রয়েছেন সর্বজ্ঞানী।

৭৭. তারা বলল : যদি সে চুরি করে থাকে, তবে তো চুরি করেছিল তার সহোদর ভাইওএর আগে। কিন্তু ইউসুফ প্রকৃত ব্যাপার গোপন রাখল নিজের মনে এবং প্রকাশ করল না তা তাদের কাছে। সে মনে মনে বলল : তোমাদের অবস্থা তো হীন এবং আল্লাহ্‌ সবিশেষ অবহিত সে সম্বন্ধে তোমরা যা বল।

৭২- قَالُوا نَفَقْدُ صَوَاعَ الْمَلِكِ وَلِمَنْ جَاءَ بِهِ حِمْلُ بَعِيرٍ وَأَنَا بِهِ زَعِيمٌ ○

৭৩- قَالُوا تَاللَّهِ لَقَدْ عَلِمْتُمْ مَا جِئْتَنَا لِنُفْسِدَ فِي الْأَرْضِ وَمَا كُنَّا سَارِقِينَ ○

৭৪- قَالُوا فَمَا جَزَاؤُهُ إِنْ كُنْتُمْ كَذِبِينَ ○

৭৫- قَالُوا جَزَاؤُهُ مَنْ وَجِدَ فِي رَحْلِهِ فَهُوَ جَزَاؤُهُ ۖ كَذَلِكَ نَجْزِي الظَّالِمِينَ ○

৭৬- فَبَدَأَ بِأَوْعِيَّتِهِمْ قَبْلَ وِعَاءِ أَخِيهِ ثُمَّ اسْتَخْرَجَهَا مِنْ وِعَاءِ أَخِيهِ ۖ كَذَلِكَ كِدْنَا لِيُوسُفَ ۖ مَا كَانَ لِيَأْخُذَ أَخَاهُ فِي دِينِ الْمَلِكِ إِلَّا أَنْ يَشَاءَ اللَّهُ ۖ نَرْفَعُ دَرَجَاتٍ مَن نَّشَاءُ ۖ وَفَوْقَ كُلِّ ذِي عِلْمٍ عَلِيمٌ ○

৭৭- قَالُوا إِنْ يَسْرِقْ فَقَدْ سَرَقَ أَخٌ لَهُ مِنْ قَبْلُ ۖ فَاسْرَهَُا يُّوسُفُ فِي نَفْسِهِ وَلَمْ يُبْدِهَا لَهُمْ ۚ قَالَ أَنْتُمْ شَرُّ مَكَانًا ۚ وَاللَّهُ أَعْلَمُ بِمَا تَصِفُونَ ○

৭৮- قَالُوا يَا أَيُّهَا الْعَزِيزُ إِنَّ لَهُ أَبًا
شَيْخًا كَبِيرًا فَخُذْ أَحَدَنَا مَكَانَهُ ؕ
إِنَّا نُرَاكَ مِنَ الْمُحْسِنِينَ ○
৭৯- قَالَ مَعَاذَ اللَّهِ أَنْ نَأْخُذَ
إِلَّا مَنْ وَجَدْنَا مُتَاعِنًا عِنْدَهُ ۚ
إِنَّا إِذَا الظَّالِمُونَ ○

৮০- فَلَمَّا اسْتِئْذِنُوا مِنْهُ خَلَصُوا نَجِيًّا ۖ
قَالَ كَبِيرُهُمْ أَلَمْ تَعْلَمُوا أَنَّ أَبَاكُمْ
قَدْ أَخَذَ عَلَيْكُمْ مَوْثِقًا مِنَ اللَّهِ
وَمِنْ قَبْلُ مَا فَرَّطْتُمْ فِي يُوسُفَ ۚ
فَلَنْ أَبْرَحَ الْأَرْضَ حَتَّى يَأْذَنَ
لِي أَبِي أَوْ يَحْكُمَ اللَّهُ لِي ۚ
وَهُوَ خَيْرُ الْحَاكِمِينَ ○

৮১- ارْجِعُوا إِلَىٰ آبَائِكُمْ فَقُولُوا يَا أَبَانَا
إِنَّ ابْنَكَ سَرَقَ ۚ
وَمَا شَهِدْنَا إِلَّا بِمَا عَلَّمْنَا
وَمَا كُنَّا لِلْغَيْبِ حَافِظِينَ ○

৮২- وَسُئِلَ الْقَرْيَةَ الَّتِي كُنَّا فِيهَا
وَالْعَيْرَ الَّتِي أَقْبَلْنَا فِيهَا ۖ
وَإِنَّا لَصَادِقُونَ ○

৮৩. সে (ইয়া'কুব) বলল : বরং সাজিয়ে দিয়েছে তোমাদের জন্য তোমাদের মন একটি কাহিনী। অতএব সবর করাই আমার জন্য শ্রেয়। আশা করি আল্লাহ তাদের এনে দেবেন আমার কাছে এক সাথে। নিশ্চয় তিনি সর্বজ্ঞ, হিক্মত-ওয়ালা।
৮৪. আর সে মুখ ফিরিয়ে নিল তাদের থেকে এবং বলল : আফসোস ইউসুফের জন্য! সাদা হয়ে গিয়েছিল তার দু'চোখ শোকে এবং সে ছিল অসহনীয় মনস্তাপ ক্লিষ্ট।
৮৫. তারা বলল : আল্লাহর কসম! আপনি তো ইউসুফের কথা সদা স্মরণ করতেই থাকবেন, যে পর্যন্ত না আপনি মুমূর্ষ হয়ে পড়েন অথবা মারা যান।
৮৬. সে (ইয়া'কুব) বলল : আমি তো নিবেদন করছি আমার দুঃসহ বেদনা ও আমার দুঃখ কেবল আল্লাহর কাছে এবং আমি জানি আল্লাহর তরফ থেকে, যা তোমরা জান না।
৮৭. হে আমার পুত্রগণ! তোমরা যাও এবং অনুসন্ধান কর ইউসুফ ও তার সহোদর ভাইয়ের, আর নিরাশ হয়ো না আল্লাহর রহমত থেকে। কেননা, কেউ-ই নিরাশ হয় না আল্লাহর রহমত থেকে কাফির লোক ছাড়া।
৮৮. আবার যখন তারা ইউসুফের কাছে উপস্থিত হল, তখন তারা বলল : হে আযীয! আপতিত হয়েছে আমাদের ও আমাদের পরিবার পরিজনের উপর দুঃখ-কষ্ট, আর আমরা এসেছি অতি সামান্য পূঁজি নিয়ে। আপনি আমাদের পূর্ণমাত্রায় দিন রসদ এবং আমাদের

আরো দান করুন। নিশ্চয় আল্লাহ পুরস্কার দেন দাতাদের।

৮৯. সে (ইউসুফ) বলল : তোমরা কি জান, কিরূপ আচরণ করেছিলে তোমরা ইউসুফ ও তার সহোদর ভাইয়ের সাথে, যখন তোমরা ছিলে জাহিল ?
৯০. তারা বলল : তবে কি তুমিই ইউসুফ ? সে বলল : আমিই ইউসুফ এবং এই আমার সহোদর ভাই। আল্লাহ তো অনুগ্রহ করেছেন আমাদের প্রতি। নিশ্চয় যে কেউ আল্লাহকে ভয় করে ও সবার করে, আল্লাহ তো এরূপ নেককারদের শ্রমফল নষ্ট করেন না।
৯১. তারা বলল : আল্লাহর কসম! নিশ্চয় আল্লাহ তোমাকে প্রাধান্য দিয়েছেন আমাদের উপর এবং আমরা তো ছিলাম অপরাধী।
৯২. সে (ইউসুফ) বলল : কোন অভিযোগ নেই তোমাদের বিরুদ্ধে আজ। আল্লাহ তোমাদের ক্ষমা করুন এবং তিনিই শ্রেষ্ঠ দয়ালু।
৯৩. তোমরা নিয়ে যাও আমার এ জামাটি এবং তা রেখে দিও আমার পিতার মুখমন্ডলের উপর, তিনি হয়ে যাবেন দৃষ্টিশক্তিসম্পন্ন। আর নিয়ে এসো তোমাদের পরিবারের সবাইকে আমার কাছে।
৯৪. আর যখন যাত্রীদল বেরিয়ে পড়ল, তখন তাদের পিতা বলল : আমি তো ইউসুফের স্রাণ পাচ্ছি, যদি তোমরা আমাকে অপ্রকৃতস্থ মনে না কর।
৯৫. তারা বলল : আল্লাহর কসম! আপনি তো রয়েছেন আপনার আগের বিভ্রান্তিতেই।

إِنَّ اللَّهَ يَجْزِي الْمُتَصَدِّقِينَ ○

৮৯- قَالَ هَلْ عَلِمْتُمْ مَا فَعَلْتُمْ يُّوسُفَ

وَ أَخِيهِ إِذْ أَنْتُمْ جَاهِلُونَ ○

৯০- قَالُوا ءَإِنَّكَ لَكُنْتَ يُّوسُفَ

قَالَ أَنَا يُّوسُفُ وَ هَذَا أَخِي

قَدْ مَنَّ اللَّهُ عَلَيْنَا

إِنَّهُ مَنْ يَتَّقِ وَيَصْبِرْ فَإِنَّ اللَّهَ

لَا يُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ ○

৯১- قَالُوا تَاللَّهِ لَقَدْ أَثَرَكَ اللَّهُ عَلَيْنَا

وَإِنْ كُنَّا لَخَطِيئِينَ ○

৯২- قَالَ لَا تَثْرِبَ عَلَيْكُمُ الْيَوْمَ

يَعْفِرُ اللَّهُ لَكُمْ وَهُوَ أَرْحَمُ الرَّحِيمِينَ ○

৯৩- إِذْ هَبُوا بِقِمِيصِي هَذَا فَإِنِّي

عَلَى وَجْهِ أَبِي يَاتٍ بَصِيرًا

وَآتُونِي بِأَهْلِكُمْ أَجْمَعِينَ ○

৯৪- وَلَمَّا فَصَلَتِ الْعِيرُ قَالَ

أَبُوهُمْ إِنِّي لَأَجِدُ رِيحَ يُّوسُفَ

لَوْ أَن تَفْقَدُونِ ○

৯৫- قَالُوا تَاللَّهِ إِنَّكَ لَفِي

ضَلَالِكَ الْقَدِيمِ ○

৯৬. তারপর যখন এলো সুসংবাদবাহক এবং রেখে দিল জামাটি তার মুখমণ্ডলের উপর তখন সে পুনরায় দৃষ্টিশক্তি সম্পন্ন হয়ে গেল। সে বলল : আমি কি তোমাদের বলিনি যে, আমি তো জানি আল্লাহ্র তরফ থেকে, যা তোমরা জান না।

৯৭. তারা বলল : হে আমাদের পিতা! ক্ষমা প্রার্থনা করুন আমাদের গুনাহের জন্য, আমরা তো অপরাধি।

৯৮. সে (ইয়া'কুব) বলল : আমি অচিরেই ক্ষমা প্রার্থনা করব তোমাদের জন্য আমার রবের কাছে, তিনি তো অতিশয় ক্ষমাশীল, পরম দয়ালু।

৯৯. এরপর যখন তারা ইউসুফের কাছে উপস্থিত হল, তখন সে তার কাছে স্থান দিল তার পিতা মাতাকে এবং বলল : আপনারা প্রবেশ করুন মিসরে, আল্লাহ্র ইচ্ছায় আপনারা নিরাপদ।

১০০. আর ইউসুফ তার মাতা পিতাকে বসাল সিংহাসনে এবং তারা তার সম্মানে সিজদায় পড়ল। ইউসুফ বলল : হে আমার পিতা ! এটাই হল আমার পূর্বকার স্বপ্নের ব্যাখ্যা, আমার রব তা সত্যে পরিণত করেছেন। আর তিনি তো আমার প্রতি অনুগ্রহ করেছেন, আমাকে কারাগার থেকে মুক্ত করে এবং আপনাদের আমার কাছে এনে দিয়ে মরু অঞ্চল থেকে, আমার ও আমার ভাইদের মাঝে শয়তান কর্তৃক সম্পর্ক নষ্ট করার পরে। নিশ্চয় আমার রব অতি সূক্ষ্মভাবে করেন যা করতে চান। অবশ্যই তিনি সর্বজ্ঞ, হিক্মত-ওয়ালা।

১০১. হে আমার রব! তুমি তো আমাকে দান করেছ রাজ্য এবং শিক্ষা দিয়েছ আমাকে

১৬- فَلَمَّا أَنْ جَاءَ الْبَشِيرُ أَلْقَاهُ عَلَى وَجْهِهِ فَارْتَدَّ بَصِيرًا ۖ
قَالَ أَلَمْ أَقُلْ لَكُمْ ۙ
إِنِّي أَعْلَمُ مِنَ اللَّهِ مَا لَا تَعْلَمُونَ ○

১৭- قَالُوا يَا أَبَا نَا اسْتَغْفِرْ لَنَا ذُنُوبَنَا إِنَّا كُنَّا خَاطِئِينَ ○

১৮- قَالَ سَوْفَ أَسْتَغْفِرُ لَكُمْ رَبِّي ۖ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ ○

১৯- فَلَمَّا دَخَلُوا عَلَى يُوسُفَ أَوَىٰ إِلَيْهِ أَبَوَاهُ وَقَالَ ادْخُلُوا مِصْرَ إِن شَاءَ اللَّهُ أَمِينٌ ○

১০০- وَرَفَعَ أَبَوَيْهِ عَلَى الْعَرْشِ وَخَرُّوا لَهُ سُجَّدًا ۖ وَقَالَ يَا أَبَتِ هَذَا تَأْوِيلُ رُؤْيَايَ مِنْ قَبْلُ ۖ قَدْ جَعَلَهَا رَبِّي حَقًّا ۖ وَقَدْ أَحْسَنَ بِي إِذْ أَخْرَجَنِي مِنَ السِّجْنِ وَجَاءَ بِكُم مِّنَ الْبَدْوِ مِن بَعْدِ ۚ إِنَّ نَزْعَ الشَّيْطَانِ بَيْنِي وَبَيْنَ إِخْوَتِي ۚ إِنَّ رَبِّي لَطِيفٌ لِّمَا يَشَاءُ ۖ إِنَّهُ هُوَ الْعَلِيمُ الْحَكِيمُ ○

১০১- رَبِّ قَدْ آتَيْتَنِي مِنَ الْمُلْكِ

স্বপ্নের ব্যাখ্যা। হে আসমান ও যমীনের স্রষ্টা! তুমিই আমার অভিভাবক, দুনিয়া ও আখিরাতে। তুমি আমাকে মৃত্যু দিও মুসলিম হিসেবে এবং শামিল করো নেককারদের মাঝে।

وَعَلَّمْتَنِي مِنْ تَأْوِيلِ الْآحَادِيثِ ۖ
فَاطَرِ السَّمَوَاتِ وَالْأَرْضِ ۖ
أَنْتَ وَلِيّ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۖ
تَوْفِّئْنِي مُسْلِمًا وَالْحَقِّنِي بِالصُّلَحِينَ ○

হযরত শু'আইব (আ)

সূরা আ'রাফ, ৭ : ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯,
৯০, ৯১, ৯২, ৯৩

৮৫. আর আমি পাঠিয়েছিলাম মাদইয়ান-বাসীদের কাছে তাদের ভাই শু'আইবকে, সে বলেছিল : হে আমার কাওম! তোমরা ইবাদত কর আল্লাহর। তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ তোমাদের রবের তরফ থেকে। সুতরাং তোমরা পুরোপুরি দেবে মাপে ও ওয়নে এবং কম দেবে না লোকদের তাদের প্রাপ্যবস্তু আর ফাসাদ সৃষ্টি করবে না যমীনে, সেখানে শান্তি স্থাপনের পর। এটা তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা মু'মিন হও।

۸۵- وَإِلَىٰ مَدْيَنَ أَخَاهُمْ شُعَيْبًا ۚ قَالَ
يُقَوْمِ اعْبُدُوا اللَّهَ
مَا لَكُمْ مِنْ إِلَهٍ غَيْرُهُ ۚ
قَدْ جَاءَكُمْ بَيِّنَةٌ مِنْ رَبِّكُمْ
فَأَوْفُوا الْكَيْلَ وَالْمِيزَانَ
وَلَا تَبْخَسُوا النَّاسَ أَشْيَاءَهُمْ وَلَا تَفْسِدُوا
فِي الْأَرْضِ بَعْدَ إِصْلَاحِهَا ۚ
ذِكْرُكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ○

৮৬. আর তোমরা বসে থাকবে না কোন পথে, ভয় দেখানোর জন্য এবং আল্লাহর পথে বাধা দেওয়ার জন্য তাদের যারা তাঁর প্রতি ঈমান এনেছে আর তোমরা বক্রতা অনুসন্ধান করবে না আল্লাহর পথে। স্মরণ কর যখন তোমরা ছিলে সংখ্যায় কম, তখন আল্লাহর তোমাদের সংখ্যা বৃদ্ধি করেছেন। আর লক্ষ্য কর, কিরূপ হয়েছিল পরিণাম ফাসাদ সৃষ্টিকারীদের।

۸۶- وَلَا تَقْعُدُوا بِكُلِّ صِرَاطٍ تُوعِدُونَ
وَتَصَّدُّونَ عَنْ سَبِيلِ اللَّهِ
مَنْ أَمَنَ بِهِ وَتَبْغُونَهَا عِوَجًا ۚ
وَإِذْ كُرُوا إِذْ كُنْتُمْ قَلِيلًا فَكَثَّرَكُمْ
وَانْظُرُوا كَيْفَ كَانَ
عَاقِبَةُ الْمُفْسِدِينَ ○

৮৭. যদি তোমাদের মধ্যে কোন এক দল, আমি যা নিয়ে প্রেরিত হয়েছি তাতে ঈমান আনে এবং কোন দল ঈমান না আনে, তবে তাতে তোমরা সবর করবে, যে পর্যন্ত না আল্লাহ ফয়সালা

۸۷- وَإِنْ كَانَ طَائِفَةٌ مِنْكُمْ آمَنُوا
بِالَّذِي أُرْسِلَتْ بِهِ وَطَائِفَةٌ لَمْ يُؤْمِنُوا
فَأَصْبِرُوا حَتَّىٰ يَحْكُمَ اللَّهُ بَيْنَنَا ۚ

করে দেন আমাদের মাঝে। আর তিনিই শ্রেষ্ঠ ফয়সালাকারী।

৮৮. বলেছিল তার সম্প্রদায়ের দাঙিক নেতারা, অবশ্যই আমরা বের করে দেব তোমাকে আমাদের জনপদ থেকে, হে শু'আইব ! আর তোমার সাথে যারা ঈমান এনেছে তাদেরও, অথবা অবশ্যই তোমাদের ফিরে আসতে হবে আমাদের ধর্মাদর্শে। শু'আইব বলল : যদিও আমরা তা ঘৃণা করি, তবুও ?
৮৯. আমরা তো মিথ্যারোপ করব আল্লাহর প্রতি, যদি আমরা ফিরে যাই তোমাদের ধর্মাদর্শে তা থেকে আল্লাহ আমাদের উদ্ধার করার পরে। আর আমাদের জন্য সমীচীন নয় তাতে ফিরে যাওয়া, যদি না আমাদের রব আল্লাহ্ ইচ্ছা করেন। আমাদের রব সব কিছু জ্ঞানে পরিব্যপ্ত করে আছেন। আমরা আল্লাহ্রই উপর ভরসা করি, হে আমাদের রব! ফয়সালা করে দিন আমাদের ও আমাদের কাওমের মধ্যে যথাযথভাবে, আর আপনিই শ্রেষ্ঠ ফয়সালাকারী।
৯০. আর বলেছিল তার কাওমের কাফির নেতারা : যদি তোমরা অনুসরণ কর, শু'আইবকে, তবে তো তোমরা হয়ে পড়বে ক্ষতিগ্রস্ত।
৯১. তারপর তাদের পাকড়াও করল ভূমিকম্প; ফলে তারা পড়ে থাকল তাদের ঘরে অধোমুখে।
৯২. যারা অস্বীকার করেছিল শু'আইবকে, মনে হল তারা যেন সেখানে কখনো বসবাস করেনি। যারা অস্বীকার করেছিল শু'আইবকে, তারা হয়ে পড়ল ক্ষতিগ্রস্ত।

৯৩. তারপর শু'আইব মুখে ফিরিয়ে নিল তাদের থেকে এবং বলল : হে আমার কাওম! আমি তো পৌঁছিয়েছি তোমাদের কাছে আমার রবের বাণী এবং উপদেশ দিয়েছি তোমাদের। অতএব, কি করে আমি আক্ষেপ করব কাফির লোকদের জন্য!

সূরা হূদ, ১১ : ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫

৮৪. আর আমি পাঠিয়েছিলাম মাদইয়ান-বাসীদের কাছে তাদের ভাই শু'আইব-কে। সে বলেছিল : হে আমার কাওম! তোমরা ইবাদত কর আল্লাহর, নেই তোমাদের জন্য কোন ইলাহ্‌ তিনি ছাড়া। আর তোমরা কম করবে না মাপে ও ওযনে, আমি তো দেখছি তোমরা সমৃদ্ধশালী। কিন্তু আমি আশংকা করছি তোমাদের জন্য এক সর্ব্বাঙ্গী দিনের শাস্তি।

৮৫. হে আমার কাওম! তোমরা পুরাপুরি দিবে মাপেও ওজনে ন্যায্যসঙ্গতভাবে এবং কম দিবে না লোকদের তাদের প্রাপ্যবস্তু, আর ফাসাদ সৃষ্টি করে বেড়াবে না পৃথিবীতে।

৮৬. আল্লাহ্‌ অনুমোদিত যা বাকী থাকবে, তা তোমাদের জন্য উত্তম যদি তোমরা মু'মিন হও আর আমি তোমাদের হিফায়তকারী নই।

৮৭. তারা বলল : হে শু'আইব! তোমার সালাত কি তোমাকে নির্দেশ দেয় যে আমরা বর্জন করি যার ইবাদত করত আমাদের পিতৃপুরুষরা তা অথবা আমরা বর্জন করি আমাদের ধন-সম্পদ সম্পর্কে যা করি তাও ? তুমি তো অবশ্যই সহনশীল, ভাল মানুষ।

۹۳-فَتَوَلَّى عَنْهُمْ
وَقَالَ يَقُومُ لَقَدْ أَبْلَغْتُكُمْ
رِسَالَتِ رَبِّي وَنَصَحْتُ لَكُمْ
فَكَيْفَ أَسَىٰ عَلَىٰ قَوْمٍ كَافِرِينَ ○

۸۴-وَإِلَىٰ مَدْيَنَ أَخَاهُمْ شُعَيْبًا ۖ قَالَ
يَقُومِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنِّ إِلَهِ
غَيْرِهِ ۖ وَلَا تَنقُصُوا الْمِكْيَالَ وَالْمِيزَانَ
إِنِّي أَرَاكُمْ بِخَيْرٍ وَإِنِّي
أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ مُحِيطٍ ○

۸۵-وَيَقُومِ أَوْفُوا الْمِكْيَالَ وَالْمِيزَانَ
بِالْقِسْطِ وَلَا تَبْخَسُوا النَّاسَ أَشْيَاءَهُمْ
وَلَا تَعْتُوا فِي الْأَرْضِ مُفْسِدِينَ ○

۸۶-بَقِيَّتُ اللَّهِ خَيْرٌ لَّكُمْ إِن كُنْتُمْ
مُؤْمِنِينَ ۚ وَمَا أَنَا عَلَيْكُمْ بِحَفِيظٍ ○

۸۷-قَالُوا يَشْعِبُ أَصْلُوكَ
بِأَمْرِكَ أَنْ تُتْرَكَ مَا يَعْبُدُ آبَاؤُنَا
أَوْ أَنْ تَفْعَلَ فِي أَمْوَالِنَا مَا نَشَاءُ
إِنَّكَ لَأَنْتَ الْحَلِيمُ الرَّشِيدُ ○

৮৮. সে (শু'আইব) বলল : হে আমার কাওম! তোমরা ভেবে দেখেছ কি, আমি যদি প্রতিষ্ঠিত হয়ে থাকি স্পষ্ট প্রমাণের উপর আমার রবের তরফ থেকে এবং তিনি যদি আমাকে রিয়ক দিয়ে থাকেন তাঁর তরফ থেকে উৎকৃষ্ট রিয়ক, তবে আমি কি করে আমার কর্তব্য থেকে বিরত থাকব? আমি তোমাদের যা নিষেধ করি আমি তার বিপরীত করতে চাই না। আমি তো চাই কেবল সংশোধন আমার সাধ্যমত। আর আমার কার্য সম্পাদন তো কেবল আল্লাহরই সাহায্য, তাঁরই উপর আমি ভরসা করি এবং তাঁরই অভিমুখী হই।

৮৯. হে আমার কাওম! আমার সাথে বিরোধ যেন কিছুতেই তোমাদের এমন অপরাধ করতে উদ্বুদ্ধ না করে যাতে তোমাদের উপর আপত্তি হয় সেরূপ বিপদ যেরূপ আপত্তি হয়েছিল নূহের কাওমের উপর অথবা হুদের কাওমের উপর অথবা সালিহের কাওমের উপর, আর লূতের কাওম তো তোমাদের থেকে দূরে নয়।

৯০. তোমরা ক্ষমা প্রার্থনা কর তোমাদের রবের কাছে, তারপর তাঁর দিকে ফির, নিশ্চয় আমার রব পরম দয়ালু, পরম মমতাময়।

৯১. তারা বলল : হে শু'আইব! আমরা বুঝি না তুমি যা বল তার অনেক কিছুই, আর আমরা তো তোমাকে দেখছি আমাদের মধ্যে দুর্বল। যদি তোমার স্বজনবর্গ না থাকত, তাহলে অবশ্যই আমরা পাথর ছুড়ে তোমাকে মেরে ফেলতাম, আর তুমি তো নও আমাদের উপর শক্তিদর।

৯২. সে (শু'আইব) বলল : হে আমার কাওম! আমার আত্মীয়বর্গ কি তোমাদের

৮৮- قَالَ يَقَوْمِ اَرَأَيْتُمْ اِنْ كُنْتُ عَلَىٰ بَيِّنَةٍ مِّنْ رَبِّي وَرَزَقْنِي مِنْهُ رِزْقًا حَسَنًا وَمَا اُرِيدُ اَنْ اُخَالِفَكُمْ اِلَىٰ مَا اَنْهَضَكُمْ عَنْهُ ۚ اِنْ اُرِيدُ اِلَّا الْاِصْلَاحَ مَا اسْتَطَعْتُ ۚ وَمَا تَوْفِيقِي اِلَّا بِاللّٰهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَاِلَيْهِ اُنِيبُ ۝

৮৯- وَيَقَوْمِ لَا يَجْرِمَنَّكُمْ شِقَاقِي اَنْ يُصِيبَكُمْ مِّثْلُ مَا اَصَابَ قَوْمَ نُوحٍ اَوْ قَوْمَ هُودٍ اَوْ قَوْمَ صَالِحٍ ۚ وَمَا قَوْمُ لُوطٍ مِّنْكُمْ بِبَعِيدٍ ۝

৯০- وَاسْتَغْفِرُوا رَبَّكُمْ ثُمَّ تُوبُوا اِلَيْهِ ۚ اِنَّ رَبِّي رَحِيْمٌ وَدُوْدٌ ۝

৯১- قَالُوا يَشْعِبُ مَا نَفَقَهُ كَثِيرًا مِّمَّا تَقُولُ وَاِنَّا لَنَرَاكَ فِينَا ضَعِيفًا وَلَوْلَا رَهْطُكَ لَرَجَمْنَاكَ ۚ وَمَا اَنْتَ عَلَيْنَا بِعَزِيزٍ ۝

৯২- قَالَ يَقَوْمِ اَرْهَطِيْ اَعَزُّ عَلَيْكُمْ مِّنْ

কাছে মর্যাদাবান আল্লাহর চেয়ে? আর তোমরা আল্লাহকে সম্পূর্ণভাবে তোমাদের পেছনে ফেলে রেখেছ। নিশ্চয়ই আমার রব, তোমরা যা কর তা বেটন করে আছেন।

৯৩. হে আমার কাওম! তোমরা কাজ করতে থাক নিজ নিজ অবস্থায়, আমিও আমার কাজ করছি। শীঘ্রই তোমরা জানতে পারবে কার উপর আসবে লাঞ্ছনাদায়ক শাস্তি এবং কে মিথ্যাবাদী। আর তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সাথে প্রতীক্ষা করছি।

৯৪. আর যখন আসল আমার নির্দেশ, তখন আমি রক্ষা করলাম শু'আইবকে এবং যারা তার সাথে ঈমান এনেছিল তাদেরকে আমার রহমতে এবং এক মহা গর্জন যালিমদের আক্রমণ করল, ফলে, তারা নিজ নিজ গৃহে উপুড় হয়ে পড়ে রইল।

৯৫. যেন তারা কোন দিন সেখানে বসবাস করেনি। জেনে রাখ, মাদইয়ানবাসীরা ধ্বংস হয়েছিল, যেমন ধ্বংস হয়েছিল সামূদ।

সূরা শু'আরা, ২৬ : ১৭৬, ১৭৭, ১৭৮, ১৭৯, ১৮০, ১৮১, ১৮২, ১৮৩, ১৮৪, ১৮৫, ১৮৬, ১৮৭, ১৮৮, ১৮৯, ১৯০, ১৯১

১৭৬. অস্বীকার করেছিল আয়কাবাসীরা* রাসূলদের।

১৭৭. যখন পদের বলেছিল শু'আইব : তোমরা কি সাবধান হবে না?

১৭৮. আমি তো তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল।

اللَّهُ ۖ وَاتَّخَذَ تَمُوهٖ وَرَآءَكُمْ
ظَهْرِيَّآ ۖ إِنَّ رَبِّي بِمَا
تَعْمَلُونَ مُحِيطٌ ۝

۹۳- وَيَقُومِرْ اَعْمَلُوا عَلَىٰ مَكَانَتِكُمْ
اِنِّي عَامِلٌ ۚ سَوْفَ تَعْلَمُونَ ۚ

مَنْ يَأْتِيهِ عَذَابٌ يُخْزِيهِ وَمَنْ هُوَ
كَاذِبٌ ۚ وَارْتَقِبُوا اِنِّي مَعَكُمْ رَقِيبٌ ۝

۹۴- وَلَمَّا جَاءَ اَمْرُنَا نَجَّيْنَا شُعَيْبًا
وَالَّذِينَ اٰمَنُوا مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا
وَاَخَذَتِ الَّذِيْنَ ظَلَمُوا الصَّيْحَةَ
فَاَصْبَحُوْا فِيْ دِيَارِهِمْ جُثَمِيْنَ ۝

۹۵- كَاَن لَّمْ يَغْنَوْا فِيْهَا
اِلَّا بُعْدًا لِّمَدَيْنٍ كَمَا بُعِدَتْ شُؤْدُ

۱۷۶- كَذَّبَ اَصْحٰبُ لَّيْكَةِ الْمُرْسَلِيْنَ ۝

۱۷৭- اِذْ قَالَ لَهُمْ شُعَيْبٌ اَلَا تَتَّقُوْنَ ۝

۱۷৮- اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اٰمِيْنٌ ۝

* আয়কা হলো মাদইয়ানের পশ্চিমবর্তী এলাকা। 'আসহাবুল আয়কা' শব্দের অর্থ গহীন অরণ্যের অধিবাসী, শু'আইব সম্প্রদায়-এ এলাকায় বাস করত বলে তাদেরকে 'আসহাবুল আয়কা' বলা হয়েছে।

১৭৯. অতএব তোমরা ভয় কর আল্লাহকে এবং আনুগত্য কর আমার।
১৮০. আর আমি চাই না তোমাদের কাছে এর জন্য কোন প্রতিদান। আমার প্রতিদান তো রাব্বুল আলামীনের কাছে।
১৮১. তোমরা পূর্ণ মাত্রায় দেবে মাপে এবং যারা মাপে কম দেয় তোমরা তাদের অন্তর্ভুক্ত হবে না।
১৮২. তোমরা ওযন করবে সঠিক দাঁড়ি-পাল্লায়।
১৮৩. আর কম দেবে না লোকদের তাদের পাপ্য বস্তুতে এবং পৃথিবীতে ফাসাদ করে বেড়াবে না।
১৮৪. আর তোমরা ভয় কর তাঁকে, যিনি সৃষ্টি করেছেন তোমাদের এবং তোমাদের পূর্ববর্তী জনগোষ্ঠিকে।
১৮৫. তারা বলল : তুমি তো যাদুঘস্তদের একজন,
১৮৬. আর তুমি তো আমাদেরই মত একজন মানুষ এবং আমরা মনে করি, তুমি তো মিথ্যাবাদীদের একজন।
১৮৭. অতএব তুমি ফেলে দাও আমাদের উপর আকাশের এক খণ্ড, যদি তুমি সত্যবাদী হও।
১৮৮. শু'আইব বলল : আমার রব ভাল জানেন, যা তোমরা কর তা।
১৮৯. তারপর তারা তাকে অস্বীকার করল : ফলে পাকড়াও করল তাদের মেঘাচ্ছন্ন দিনের আযাব। নিশ্চয় তা ছিল এক ভীষণ দিনের আযাব।
১৯০. অবশ্যই এতে রয়েছে নিশ্চিত নিদর্শন। কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।
১৯১. আর আপনার রব, তিনি তো পরাক্রম-শালী, পরম দয়ালু।

- ১৭৭- فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُوا ۝
- ১৮০- وَمَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ ۚ
- إِنْ أَجْرِيَ إِلَّا عَلَىٰ رَبِّ الْعَالَمِينَ ۝
- ১৮১- أَوْفُوا الْكَيْلَ وَلَا تَكُونُوا مِنَ الْمُخْسِرِينَ ۝
- ১৮২- وَزِنُوا بِالْقِسْطِاسِ الْمُسْتَقِيمِ ۝
- ১৮৩- وَلَا تَبْخَسُوا النَّاسَ أَشْيَاءَهُمْ وَلَا تَعْنُوا فِي الْأَرْضِ مُفْسِدِينَ ۝
- ১৮৪- وَاتَّقُوا الَّذِي خَلَقَكُمْ
- وَالْجِبِلَّةَ الْأُولِينَ ۝
- ১৮৫- قَالُوا إِنَّمَا أَنْتَ مِنَ الْمُسَحَّرِينَ ۝
- ১৮৬- وَمَا أَنْتَ إِلَّا بَشَرٌ مِّثْلُنَا
- وَإِنْ ظَنَنْتَ لِمِنَ الْكَذِبِينَ ۝
- ১৮৭- فَاسْقِطْ عَلَيْنَا كِسْفًا مِّنَ السَّمَاءِ
- إِنْ كُنْتَ مِنَ الصَّادِقِينَ ۝
- ১৮৮- قَالَ رَبِّيَ أَعْلَمُ بِمَا تَعْمَلُونَ ۝
- ১৮৯- فَكَذَّبُوهُ فَأَخَذَهُمْ عَذَابٌ يَوْمَ الظُّلَّةِ ۚ إِنَّهُ كَانَ عَذَابٌ يَوْمٍ عَظِيمٍ ۝
- ১৯০- إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً ۚ
- وَمَا كَانَ أَكْثَرُهُمْ مُّؤْمِنِينَ ۝
- ১৯১- وَإِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ۝

সূরা আনকাবুত, ২৯ : ৩৬, ৩৭

৩৬. আর আমি পাঠিয়েছিলাম মাদইয়ান-বাসীদের কাছে তাদের ভাই শু'আইব-কে। সে বলেছিল : হে আমার কাওম! তোমরা ইবাদত কর আল্লাহর এবং আশা রাখ শেষ দিনের, আর ফাসাদ সৃষ্টি করে বেড়িও না পৃথিবীতে।

৩৭. কিন্তু তারা অস্বীকার করেছিল তাকে, তারপর তাদের পাকড়াও করেছিল ভূমিকম্প, ফলে তারা মুখ খুবড়ে পড়ে থাকল নিজ নিজ ঘরে।

۳۶- وَإِلَىٰ مَدْيَنَ أَخَاهُمْ شُعَيْبًا ۚ
فَقَالَ يَوْمَ يَعْبُدُوا اللَّهَ وَارْجُوا الْيَوْمَ
الْآخِرَ وَلَا تَعْثَوْا فِي الْأَرْضِ مُفْسِدِينَ ۝

۳۷- فَكَذَّبُوهُ فَأَخَذَتْهُمُ الرَّجْفَةُ
فَأَصْبَحُوا فِي دَارِهِمْ جُثَمِينَ ۝

হযরত আইউব (আ)

সূরা আশ্বিয়া, ২১ : ৮৩, ৮৪

৮৩. আর স্মরণ কর আইউবের কথা, যখন সে ডেকে বলেছিল তার রবকে : আমাকে তো স্পর্শ করেছে দুঃখ-কষ্ট, আর আপনি তো সর্বশ্রেষ্ঠ দয়ালু।

৮৪. তখন আমি তার দু'আ কবুল করে-ছিলাম এবং বিদূরিত করেছিলাম সে কষ্ট যাতে সে নিঃপতিত হয়েছিল এবং ফিরিয়ে দিয়েছিলাম তাকে তার পরিবার পরিজন এবং তাদের সাথে তাদের মত আরো দিয়েছিলাম আমার তরফ থেকে রহমতরূপে এবং উপদেশ স্বরূপ ইবাদতকারীদের জন্য।

۸۳- وَآيُوبَ إِذْ نَادَىٰ رَبَّهُ
أَنِّي مَسْنِيَ الضُّرَّ وَأَنْتَ
أَرْحَمُ الرَّحِيمِينَ ۝

۸۴- فَاسْتَجَبْنَا لَهُ فَكَشَفْنَا مَا بِهِ
مِنْ ضُرٍّ وَأَتَيْنَاهُ أَهْلَهُ وَمِثْلَهُمْ مَعَهُمْ
رَحْمَةً مِّنْ عِنْدِنَا
وَذِكْرَىٰ لِلْعَبِيدِينَ ۝

সূরা সোয়াদ, ৩৮ : ৪১, ৪২, ৪৩, ৪৪

৪১. আর স্মরণ কর, আমার বান্দা আইউবের কথা, যখন সে ডেকে বলেছিল তার রবকে : আমাকে তো শয়তান যন্ত্রণায় ও কষ্টে ফেলেছে।

৪২. তখন আমি তাকে বললাম : তুমি আঘাত কর যমীনে তোমার পা দিয়ে এই তো গোসলের সুশীতল পানি ও পানীয়।

۴۱- وَادْكُرْ عَبْدَنَا أَيُّوبَ إِذْ نَادَىٰ رَبَّهُ
أَنِّي مَسْنِيَ الشَّيْطَانُ بِنُصْبٍ وَعَذَابٍ ۝

۴۲- اَرْكُضْ بِرِجْلِكَ
هَذَا مَغْتَسِلٌ بَارِدٌ وَشَرَابٌ ۝

৪৩. আর আমি তাকে দান করলাম তার পরিবারবর্গকে এবং তাদের মত আরো আমার তরফ থেকে অনুগ্রহস্বরূপ এবং উপদেশ স্বরূপ বোধসম্পন্ন লোকদের জন্য।
৪৪. আর আমি তাকে আদেশ করলাম : নেও এক মুঠো তৃণ এবং তা দিয়ে আঘাত কর, কিন্তু শপথ ভঙ্গ করো না। আমি তো তাকে পেয়েছিলাম সবরকারী। সে ছিল উত্তম বান্দা, সে ছিল আমার অভিমুখী।

৪৩- وَوَهَبْنَا لَهُ أَهْلَهُ
وَمِثْلَهُمْ مَعَهُمْ رَحْمَةً
مِّنَّا وَذِكْرًا لِأُولِي الْأَلْبَابِ

৪৪- وَخُذْ بِيَدِكَ ضُغْعًا فَاَضْرِبْ بِهِ
وَلَا تَحْنُتْ ۚ إِنَّا وَجَدْنَاهُ صَابِرًا
نِعْمَ الْعَبْدُ ۚ إِنَّهُ أَوَّابٌ

হযরত মূসা (আ)

সূরা বাকারা, ২ : ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫,
৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬৭,
৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৮৭, ৯২

৫১. আর স্মরণ করুন! আমি নির্ধারিত করেছিলাম মূসার জন্য চল্লিশ রাত। তারপর তোমরা উপাস্যরূপে গ্রহণ করেছিলে বাছুর, তার প্রস্থানের পরে। আর তোমরা হলে যালিম।
৫২. তারপর আমি মাফ করেছি তোমাদের এতদসত্ত্বেও, যাতে তোমরা শোকর কর।
৫৩. আর স্মরণ করুন! আমি দিয়েছিলাম মূসাকে কিতাব ও ফুরকান, যাতে তোমরা হিদায়েত পাও।
৫৪. আর স্মরণ করুন! বলেছিল মূসা তার কাওমকে : হে আমার কাওম! তোমরা তো নিজেদের উপর যুলুম করেছ বাছুরকে উপাস্যরূপে গ্রহণ করে। অতএব, তোমরা ফিরে এস তোমাদের স্রষ্টার দিকে এবং তোমরা হত্যা কর নিজেদের। ইহাই শ্রেয় তোমাদের স্রষ্টার কাছে। তারপর আল্লাহ তোমাদের তাওবা কবুল করেন। নিশ্চয়

৫১- وَإِذْ وُعِدْنَا مُوسَىٰ أَرْبَعِينَ لَيْلَةً ثُمَّ
اتَّخَذْتُمُ الْعِجْلَ مِن بَعْدِهِ
وَأَنتُمْ ظَالِمُونَ

৫২- ثُمَّ عَفَوْنَا عَنْكُمْ مِّن بَعْدِ ذَلِكَ

نَعَلَكُم تَشْكُرُونَ
৫৩- وَإِذْ آتَيْنَا مُوسَى الْكِتَابَ وَالْفُرْقَانَ
نَعَلَكُم تَهْتَدُونَ

৫৪- وَإِذْ قَالَ مُوسَىٰ لِقَوْمِهِ يُقَوْمِ إِنَّا كُنَّا
ظَالِمِينَ أَنْفُسِكُمْ إِنَّا قَدْ خَوَّلْنَاكُمْ الْعِجْلَ فَتُوبُوا
إِلَىٰ بَارِيكُمْ فَاقْتُلُوا أَنْفُسَكُمْ
ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ عِنْدَ بَارِيكُمْ

তিনি হলেন মহা তাওবাকবুলকারী পরম দয়ালু।

৫৫. আর যখন তোমরা বলেছিলে : হে মুসা! কখনো আমরা ঈমান আনব না তোমার প্রতি, যতক্ষণ না আমরা প্রত্যক্ষ করি আল্লাহকে। তখন পাকড়াও করেছিল তোমাদের বজ্র, আর তোমরা তা দেখেছিলে।

৫৬. তারপর আমি পুনরায় জীবিত করেছিলাম তোমাদেরকে, তোমাদের মৃত্যুর পর, যাতে তোমরা শোকর কর।

৫৭. আর আমি ছায়া বিস্তার করেছিলাম তোমাদের উপর মেঘ দিয়ে এবং নাখিল করেছিলাম তোমাদের কাছে মান্না ও সালওয়া। বলেছিলাম : আহার কর, ভাল যা কিছু আমি তোমাদের দান করেছি তা থেকে। তারা আমার প্রতি কোন যুলুম করেনি, বরং তারা নিজীদেরই উপর যুলুম করেছিল।

৫৮. আর স্মরণ করুন! আমি বলেছিলাম : তোমরা প্রবেশ কর এ জনপদে এবং আহার কর সেখানে যেথা ইচ্ছা স্বচ্ছন্দে এবং প্রবেশ কর দরজা দিয়ে নতশিরে এবং বল : মাফ চাই। আমি মাফ করব তোমাদের অপরাধ এবং বাড়িয়ে দেব আমার দান নেককারদের জন্য।

৫৯. কিন্তু যারা যুলুম করেছিল, তারা বদলে দিল, যে কথা তাদের বলা হয়েছিল, তার স্থানে অন্য কথা। সুতরাং আমি নাখিল করলাম যারা যুলুম করেছিল তাদের উপর আসমান থেকে শাস্তি, কেননা তারা অবাধ্য আচরণ করত।

৬০. আর স্মরণ করুন! মুসা পানি প্রার্থনা করেছিল তার কাওমের জন্য। আমি

فَتَابَ عَلَيْكُمْ إِنَّهُ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ ○

৫৫-وَإِذْ قُلْتُمْ يَمُوسَى لَنْ نُؤْمِنَ لَكَ حَتَّى نَرَى اللَّهَ جَهْرَةً فَأَخَذَتْكُمُ الصَّعِقَةُ وَأَنْتُمْ تَنْظُرُونَ ○

৫৬-ثُمَّ بَعَثْنَاكَ مِنْ بَعْدِ مَوْتِكَ لَعَلَّكُمْ تَشْكُرُونَ ○

৫৭-وَظَلَّلْنَا عَلَيْكُمُ الْغَمَامَ وَأَنْزَلْنَا عَلَيْكُمُ الْمَنَّاءَ وَالسَّلْوَٰى كُلُوا مِنْ طَيِّبَاتِ مَا رَزَقْنَاكُمْ وَمَا ظَلَمُونَا وَلَكِنْ كَانُوا أَنْفُسَهُمْ يَظْلِمُونَ ○

৫৮-وَإِذْ قُلْنَا ادْخُلُوا هَذِهِ الْقَرْيَةَ فكلُوا مِنْهَا حَيْثُ شِئْتُمْ رَغَدًا وَاَدْخُلُوا الْبَابَ سُجَّدًا وَقُولُوا حِطَّةٌ نَغْفِرْ لَكُمْ خَطِيئَتَكُمْ وَاَسْتَزِيدُ الْمُحْسِنِينَ ○

৫৯-فَبَدَّلَ الَّذِينَ ظَلَمُوا قَوْلًا غَيْرَ الَّذِي قِيلَ لَهُمْ فَأَنْزَلْنَا عَلَى الَّذِينَ ظَلَمُوا رِجْزًا مِّنَ السَّمَاءِ بِمَا كَانُوا يَفْسُقُونَ ○

৬০-وَإِذِ اسْتَسْقَىٰ مُوسَىٰ لِقَوْمِهِ فَقُلْنَا

বলেছিলাম : আঘাত কর তোমার লাঠি দিয়ে পাথরে, ফলে তা ফেটে বের হলো বারটি ঝরণাধারা। প্রত্যেক গোত্র চিনে নিল স্ব-স্ব পান করার স্থান। আমি বললাম : তোমরা আহাৰ কর এবং পান কর, আল্লাহ্ যে রিযিক দিয়েছেন তা থেকে, কিন্তু ফাসাদ সৃষ্টি করে বেড়িও না যমীনে।

৬১. আর যখন তোমরা বলেছিলে : হে মূসা! আমরা কখনো ধৈর্যধারণ করব না একই রকম খাদ্যের উপর। অতএব আপনি প্রার্থনা করুন আমাদের জন্য আপনার রবের কাছে, তিনি যেন উৎপন্ন করেন আমাদের জন্য ভূমি থেকে শাক-সজ্জী, কাঁকড়, গম, মসুর ও পেঁয়াজ। তখন মূসা বলল : তোমরা কি বদল করতে চাও নিকৃষ্টতর বস্তুর সাথে উৎকৃষ্টতর বস্তুকে? তাহলে তোমরা নেমে যাও কোন শহরে, সেখানে তোমাদের জন অবশ্যই রয়েছে, যা তোমরা চাও। তাদের উপর অবধারিত করা হলো লাঞ্ছনা ও দারিদ্র এবং তারা হয়ে পড়ল আল্লাহর ক্রোধের পাত্র। কেননা তারা প্রত্যাখ্যান করে আল্লাহর আয়াতসমূহ এবং হত্যা করত নবীদের অন্যায়ভাবে। ইহা এজন্য যে, তারা নাফরমানী করেছিল এবং সীমালঙ্ঘন করত।

৬৭. আর যখন বলেছিলো মূসা তার কাওমকে : নিশ্চয় আল্লাহ্ হুকুম দিয়েছেন তোমাদের একটি গরু যবেহ করতে। তখন তারা বলেছিল : তুমি কি আমাদের সাথে ঠাট্টা করছ? মূসা বলল : আমি আল্লাহর সাহায্য প্রার্থনা করি জাহিলদের অন্তর্ভুক্ত হওয়া থেকে।

اضْرِبْ بِعَصَاكَ الْحَجَرَ فَانْفَجَرَتْ مِنْهُ
اثْنَتَا عَشْرَةَ عَيْنًا قَدْ عَلِمَ كُلُّ اُنَاسٍ
مَّشْرَبَهُمْ كُلُوا وَاشْرَبُوا مِنْ رِزْقِ اللَّهِ
وَلَا تَعْتَوُوا فِي الْاَرْضِ مُفْسِدِينَ ۝

৬১- وَإِذْ قُلْتُمْ يٰمُوسٰى لَنْ نَّصْبِرَ عَلَىٰ
طَعَامٍ وَاحِدٍ فَادْعُ لَنَا رَبَّكَ يُخْرِجْ لَنَا
مِمَّا تَنْبِتُ الْاَرْضُ مِنْ بَقْلِهَا وَقِثَّائِهَا
وَفُومِهَا وَعَدَسِهَا وَبَصِلَٰهًا ۗ قَالَ اَسْتَبْدِلُوْنَ
الَّذِى هُوَ اَدْنٰى بِالَّذِى هُوَ خَيْرٌ
اِهْبِطُوْا مِصْرًا ۚ اِنَّ لَكُمْ مَّا سَأَلْتُمْ
وَضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ وَالْمَسْكَنَةُ
وَبَاءُوْا بِغَضَبٍ مِّنَ اللّٰهِ
ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِآيٰتِ اللّٰهِ
وَيَقْتُلُوْنَ النَّبِيْنَ بِيْغْرِ الْحَقِّ ۗ ذٰلِكَ بِمَا
عَصَوْا وَكَانُوْا يَعْتَدُوْنَ ۝

৬৭- وَإِذْ قَالَ مُوسٰى لِقَوْمِهِ اِنَّ اللّٰهَ
يَاْمُرُكُمْ اَنْ تَذْبَحُوْا بَقْرَةً ۗ قَالُوْٓا
اَتَتَّخِذُنَا هٰزِوًا ۗ قَالَ اَعُوْذُ بِاللّٰهِ
اَنْ اَكُوْنَ مِنَ الْجٰهِلِيْنَ ۝

৬৮. তারা বলল : প্রার্থনা কর আমাদের জন্য তোমার রবের কাছে, তিনি যেন স্পষ্টভাবে আমাদের জানিয়ে দেন, সেটি কিরূপ ? মুসা বলল : আল্লাহ বলছেন, সেটি এমন গরু, যা বৃদ্ধও নয় এবং অল্প বয়স্কও নয়, বরং এ দুয়ের মাঝামাঝি। অতএব তোমরা কর, যা তোমাদের হুকুম করা হয়েছে তা।

৬৯. তারা বলল : তুমি প্রার্থনা কর আমাদের জন্য তোমার রবের কাছে, তিনি যেন স্পষ্টভাবে আমাদের জানিয়ে দেন, সেটির রং কী ? মুসা বলল : আল্লাহ বলছেন, সেটি হলুদ বর্ণের গরু, তার রং উজ্জ্বল গাঢ়, যা দর্শকদের আনন্দিত করে।

৭০. তারা বলল : তুমি প্রার্থনা কর আমাদের জন্য তোমার রবের কাছে, তিনি যেন স্পষ্টভাবে আমাদের বলে দেন, সেটি কোনটি ? আমরা তো গরুটির ব্যাপারে সন্দেহে পতিত হয়েছি। আর আল্লাহ ইচ্ছা করলে আমরা অবশ্যই ঠিক চিনতে পারব।

৭১. সে (মুসা) বলল : আল্লাহ বলছেন, সেটি এমন গরু, যা ব্যবহৃত হয়নি জমি চাষে ও ক্ষেতে পানি সেচের জন্য, যা সুস্থ, যাতে নেই কোন খুঁত। তারা বলল : এখন তুমি এনেছ আমাদের কাছে সত্য, তখন তারা সেটি যবাহ করল, যদিও তারা তা করার ছিল না।

৭২. আর স্মরণ করুন ! তোমরা হত্যা করেছিলে এক ব্যক্তিকে, তারপর দোষারূপ করছিলে একে অন্যের প্রতি। আর আল্লাহ ব্যক্ত করছেন, যা তোমরা গোপন করছিলে।

৬৮- قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَنَا مَا هِيَ ۖ
قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَا ظَرِئٌ وَلَا
بِكْرٌ عَوانٌ بَيْنَ ذَلِكَ ۖ
فَاعْلَوْا مَا تَوْمَرُونَ ○

৬৯- قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَنَا مَا لَوْنُهَا ۖ
قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ صَفْرَاءٌ
فَاتِعٌ لَوْنُهَا تَسُرُّ النَّاظِرِينَ ○

৭০- قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَنَا مَا هِيَ ۖ
إِنَّ الْبَقَرَ تَشْبَهُ عَلَيْنَا ۖ
وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ لَمُهْتَدُونَ ○

৭১- قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَا ذَلُولٌ تُثِيرُ
الْأَرْضَ وَلَا تَسْقِي الْحَرْثَ مُسَلَّمَةٌ لَا
شِيَةَ فِيهَا ۖ قَالُوا الْفَنَ جِئْتَ بِالْحَقِّ ۖ
فَذَبَحُوهَا وَمَا كَادُوا يَفْعَلُونَ ○

৭২- وَإِذْ قَتَلْتُمْ نَفْسًا فَادَرَأْتُمُ فِيهَا ۖ
وَاللَّهُ مُخْرِجٌ مَا كُنْتُمْ
تَكْتُمُونَ ○

৭৩. তারপর আমি বললাম : তোমরা আঘাত কর যবাহুকৃত গরুর কোন অংশ দিকে মৃত ব্যক্তিকে। এভাবেই জীবিত করেন আল্লাহ মৃতকে এবং তোমাদের দেখান তাঁর নিদর্শনসমূহ, যাতে তোমরা বুঝতে পার।

৮৭. আর আমি তো দিয়েছি মূসাকে কিতাব এবং পর্যায়ক্রমে পাঠিয়েছি তার পরে রাসূলদের এবং দিয়েছি ঈসা ইবন মারইয়ামকে স্পষ্ট নিদর্শন এবং তাকে শক্তিশালী করেছি জিব্রাঈলকে দিয়ে। তবে কি যখনই এসেছে তোমাদের কাছে কোন রাসূল এমন কিছু নিয়ে, যা তোমাদের মনঃপূত নয়, তখনই তোমরা অহংকার করেছ, আর কতককে অস্বীকার করেছ এবং কতককে হত্যা করেছ ?

৯২. আর মূসা তো নিয়ে এসেছে তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ, কিন্তু তোমরা উপাস্যরূপে গ্রহণ করেছ বাছুর তারপর, আর তোমরা তো হলে যালিম।

সূরা মায়িদা, ৫ : ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬

২০. আর স্মরণ কর, বলেছিল মূসা তার কাওমকে : হে আমার কাওম! তোমরা স্মরণ কর তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ, যখন তিনি করেছিলেন তোমাদের মধ্য থেকে নবী, করেছিলেন তোমাদের বাদশাহ এবং দিয়েছিলেন তোমাদের তা, যা দেওয়া হয়নি সারা জাহানে কাউকে।

২১. হে আমার কাওম! তোমরা প্রবেশ কর সে পবিত্র ভূমিতে, যা আল্লাহ তোমাদের জন্য নির্দিষ্ট করেছেন এবং

৭৩- فَقُلْنَا اضْرِبُوهُ بِبَعْضِهَا

كَذَلِكَ يُعَذِّبُ اللَّهُ الْفَاسِقِينَ

وَيُرِيكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ

৮৭- وَلَقَدْ آتَيْنَا مُوسَى الْكِتَابَ وَقَفَّيْنَا

مِنْ بَعْدِهِ بِالرُّسُلِ ۖ وَآتَيْنَا عِيسَى ابْنَ

مَرْيَمَ الْبَيِّنَاتِ وَأَيَّدْنَاهُ بِرُوحِ الْقُدُسِ ۖ

أَفَكُلَّمَا جَاءَكُمْ رَسُولٌ بِمَا لَا تَهْوَى

أَنفُسُكُمْ اسْتَكْبَرْتُمْ ۖ

فَفَرِّقَنَّ كَذِبَتْكُمْ وَفَرِّقًا تَقْتُلُونَ

৯২- وَلَقَدْ جَاءَكُمْ مُوسَى بِالْبَيِّنَاتِ

ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ

مِنْ بَعْدِهِ وَأَنْتُمْ ظَالِمُونَ

২০- وَإِذْ قَالَ مُوسَى لِقَوْمِهِ

يَقَوْمِ ادْكُرُوا نِعْمَةَ اللَّهِ عَلَيْكُمْ

إِذْ جَعَلَ فِيكُمْ أَنْبِيَاءَ وَجَعَلَكُمْ مُلُوكًا

وَأَتاكم مَالًا يُؤْتِي أَحَدًا

مِنَ الْعَالَمِينَ

২১- يَقَوْمِ ادْخُلُوا الْأَرْضَ الْمُبَارَكَةَ

الَّتِي كُتِبَ لَكُمْ وَلَا تَرْتَدُّوا

পৃষ্ঠপ্রদর্শন করো না, করলে তোমরা হয়ে পড়বে ক্ষতিগ্রস্ত।

২২. তারা বলল : হে মূসা! সেখানে তো রয়েছে এক দুর্ধর্ষ সম্প্রদায়, আমরা কিছুতেই প্রবেশ করব না সেখানে, যতক্ষণ না তারা বেরিয়ে আসে সেখান থেকে। তবে যদি তারা সেখান থেকে বেরিয়ে আসে, তাহলেই আমরা প্রবেশ করব।

২৩. যারা ভয় করছিল, তাদের মধ্যে দু'জন, যাদের প্রতি আল্লাহ্ অনুগ্রহ করেছিলেন, তারা বললঃ তোমরা তাদের মুকাবিলা কর দরজা দিয়ে প্রবেশ কর, যখনই তোমরা সেখানে প্রবেশ করবে, তখনই তোমরা বিজয়ী হবে। আর তোমরা আল্লাহ্রই উপর ভরসা কর, যদি তোমরা মু'মিন হও।

২৪. তারা বলল : হে মূসা! আমরা কখনো সেখানে প্রবেশ করব না, যতক্ষণ তারা সেখানে থাকবে। অতএব, যাও তুমি ও তোমার রব, যুদ্ধ কর গিয়ে। আমরা এখানেই বসে থাকব।

২৫. মূসা বলল : হে আমার রব! আমার কোন আধিপত্য নেই, আমার ও আমার ভাইয়ের উপর ছাড়া। অতএব আপনি ফয়সালা করে দিন আমাদের ও নাফরমান কাওমের মাঝে।

২৬. আল্লাহ্ বললেন : তবে ইহা নিষিদ্ধ রইল তাদের জন্য চল্লিশ বছর পর্যন্ত, তারা উদ্ভ্রান্ত হয়ে ঘুরে বেড়াবে পৃথিবীতে। অতএব তুমি দুঃখ করো না নাফরমান কাওমের জন্য।

সূরা আন'আম, ৬ : ১৫৪

১৫৪. তারপর আমি দিয়েছিলাম মূসাকে কিতাব, যা ছিল সম্পূর্ণ নেককারদের

○ عَلَىٰ أَذْبَارِكُمْ فَتَنْقَلِبُوا خَاسِرِينَ

২২- قَالُوا يٰمُوسَىٰ إِنَّ فِيهَا قَوْمًا جَبَّارِينَ
وَإِنَّا لَن نَّدْخُلَهَا
حَتَّىٰ يَخْرُجُوا مِنْهَا ۖ

○ فَإِنْ يَخْرُجُوا مِنْهَا فَإِنَّا دَاخِلُونَ

২৩- قَالَ رَجُلَيْنِ مِنَ الَّذِينَ يَخَافُونَ
أَنعَمَ اللَّهُ عَلَيْهِمَا ادْخُلُوا عَلَيْهِمُ الْبَابَ ۖ
فَإِذَا دَخَلْتُمُوهُ فَإِذْكُمْ غَلِبُونَ ۖ
وَعَلَى اللَّهِ فَتَوَكَّلُوا
إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ○

২৪- قَالُوا يٰمُوسَىٰ إِنَّا لَن نَّدْخُلَهَا أَبَدًا
مَّا دَامُوا فِيهَا فَادْهَبْ أَنْتَ وَرَبُّكَ
فَقَاتِلْ إِنَّا هَهُنَا قَاعِدُونَ ○

২৫- قَالَ رَبِّ إِنِّي لَا أَمْلِكُ
إِلَّا نَفْسِي وَآخِي
فَافْرُقْ بَيْنَنَا وَبَيْنَ الْقَوْمِ الْفَاسِقِينَ ○

২৬- قَالَ فَإِنَّهَا مُحَرَّمَةٌ عَلَيْهِمْ
أَرْبَعِينَ سَنَةً يَيَّتُهُنَّ فِي الْأَرْضِ ۚ
○ فَلَا تَأْسَ عَلَى الْقَوْمِ الْفَاسِقِينَ

১৫৪- ثُمَّ آتَيْنَا مُوسَى الْكِتَابَ تِبَابًا

জন্য এবং বিশদ বিবরণ সব কিছুর, আর হিদায়েত ও রহমত স্বরূপ ; যাতে তারা তাদের রবের সাক্ষাৎ সম্বন্ধে ঈমান আনে।

সূরা আ'রাফ, ৭ : ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮, ১৩৯, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৪৭, ১৪৮, ১৪৯, ১৫০, ১৫১, ১৫২, ১৫৩, ১৫৪, ১৫৫, ১৫৬, ১৫৭, ১৫৮, ১৫৯, ১৬০

১০৩. তারপর আমি পাঠাই মূসাকে এদের পরে আমার নিদর্শনসহ ফির'আউন ও তার পারিষদবর্গের কাছে, কিন্তু তারা সে সবার প্রতি অবিচার করে। অতএব, লক্ষ্য কর কিরূপ হয়েছিল পরিণাম ফাসাদ সৃষ্টিকারীদের।

১০৪. আর বলেছিল মূসা : হে ফির'আউন ! আমি তো একজন রাসূল রাসূল আলামীনের তরফ থেকে।

১০৫. ইহা স্থির নিশ্চিত যে, আমি বলব না আল্লাহ্ সম্বন্ধে সত্য ছাড়া কিছু। আমি তো নিয়ে এসেছি তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ তোমাদের রবের তরফ থেকে ; সুতরাং যেতে দাও আমার সাথে বন্ ইসরাঈলকে।

১০৬. ফির'আউন বলল : যদি তুমি এনে থাক কোন নিদর্শন, তবে তা পেশ কর। যদি হও তুমি সত্যবাদী।

১০৭. তারপর মূসা নিষ্ক্ষেপ করল তার লাঠি, আর তখনই তা হয়ে গেল এক স্পষ্ট অজগর।

عَلَىٰ الذِّئْبِ أَحْسَنَ وَتَفْصِيلًا لِّكُلِّ شَيْءٍ
وَهَدًى وَرَحْمَةً
لِّعَالَمِهِمْ بِلِقَاءِ رَبِّهِمْ يُؤْمِنُونَ ○

১০৩- ثُمَّ بَعَثْنَا مِنْ بَعْدِهِمْ مُوسَىٰ بِآيَاتِنَا
إِلَىٰ فِرْعَوْنَ وَمَلَئِهِ فَظَلَمُوا بِهَا
فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِينَ ○

১০৪- وَقَالَ مُوسَىٰ يُفْرَعُونَ
إِنِّي رَسُولٌ مِنْ رَبِّ الْعَالَمِينَ ○

১০৫- حَقِيقٌ عَلَىٰ أَنْ لَا أَقُولَ
عَلَى اللَّهِ إِلَّا الْحَقُّ

قَدْ جِئْتُكُمْ بِبَيِّنَةٍ مِنْ رَبِّكُمْ
فَارْسِلْ مَعِيَ بَنِي إِسْرَءِيلَ ○

১০৬- قَالَ إِنْ كُنْتَ جِئْتَ بِآيَةٍ
فَأْتِ بِهَا إِنْ كُنْتَ مِنَ الصَّادِقِينَ ○

১০৭- فَأَلْقَىٰ عَصَاهُ
فَإِذَا هِيَ ثُعْبَانٌ مُبِينٌ ○

১০৮. আর সে তার হাত বের করল এবং তা প্রতিভাত হল শুভ্র উজ্জ্বল দর্শকদের কাছে।
১০৯. ফির'আউনের কাওমের নেতারা বলল : এতো একজন সুবিজ্ঞ যাদুকর,
১১০. সে চায় তোমাদের বের করে দিতে তোমাদের দেশ থেকে, এখন তোমরা কি পরামর্শ দাও ?
১১১. তারা বলল : কিঞ্চিৎ অবকাশ দাও তাকেও তার ভাইকে এবং পাঠাও শহরে নগরে সংগ্রহকারীদের।
১১২. যেন তারা নিয়ে আসে তোমার কাছে প্রত্যেক অভিজ্ঞ যাদুকরকে।
১১৩. আর উপস্থিত হল যাদুকররা ফির-'আউনের কাছে, তারা বলল : অবশ্যই থাকবে তো আমাদের জন্য পুরস্কার, যদি আমরা বিজয়ী হই ?
১১৪. ফির'আউন বলল : হ্যাঁ, থাকবে ; আর তোমরা হবে আমার নৈকট্য-প্রাপ্তদের অন্তর্ভুক্ত।
১১৫. যাদুকররা বলল : হে মুসা ! তুমি কি নিষ্ক্ষেপ করবে, না আমরা প্রথম নিষ্ক্ষেপকারী হব ?
১১৬. মুসা বলল : তোমরাই নিষ্ক্ষেপ কর। আর যখন তারা নিষ্ক্ষেপ করল, তখন তারা লোকের চোখে যাদু করল, তাদের আতংকিত করল এবং তারা সংঘটিত করল এক বড় ধরনের যাদু।
১১৭. তারপর আমি ওহী করলাম মুসার প্রতি যে, তুমিও নিষ্ক্ষেপ কর তোমার লাঠি, আর তখন তা গ্রাস করতে লাগল তাদের অলীক সৃষ্টিগুলোকে।

১০৮- وَنَزَعَ يَدَهُ فَإِذَا

هِيَ بَيْضَاءٌ لِلنَّظِيرِينَ ○

১০৯- قَالِ الْمَلَأُ مِنْ قَوْمِ فِرْعَوْنَ

إِنَّ هَذَا السَّحَرُ عَلَيْهِمُ ○

১১০- يَرِيدُ أَنْ يُخْرِجَكُمْ مِنْ أَرْضِكُمْ،

فَمَاذَا تَأْمُرُونَ ○

১১১- قَالُوا آرِجْهُ وَأَخَاهُ

وَأَرْسِلْ فِي الْمَدَائِنِ حَاشِرِينَ ○

১১২- يَا تَوَكَّ بِكُلِّ سِحْرِ عَلَيْهِمُ ○

১১৩- وَجَاءَ السَّحَرَةُ فِرْعَوْنَ

قَالُوا إِنَّ لَنَا لَأَجْرًا

○ إِنْ كُنَّا نَحْنُ الْغَالِبِينَ ○

১১৪- قَالَ نَعَمْ

○ وَإِنَّكُمْ لَمِنَ الْمُقَرَّبِينَ ○

১১৫- قَالُوا يَمُوسَى إِمَّا أَنْ تُلْقِيَ

○ وَإِمَّا أَنْ نَكُونَ نَحْنُ الْمُلْقِينَ ○

১১৬- قَالَ أَلْقُوا

فَلَمَّا أَلْقَوْا سَحَرُوا أَعْيُنَ النَّاسِ

○ وَاسْتَرْهَبُوهُمْ وَجَاءُوا بِسِحْرِ عَظِيمٍ ○

১১৭- وَأَوْحَيْنَا إِلَى مُوسَى

أَنْ أَلْقِ عَصَاكَ، فَإِذَا

○ هِيَ تَلْقَفُ مَا يَأْفِكُونَ ○

১১৮. ফলে সত্য প্রতিষ্ঠিত হল এবং অসার প্রতিপন্ন হল যা তারা করেছিল।
১১৯. আর তারা পরাভূত হল সেখানে এবং হয়ে গেল লাজ্জিত ;
১২০. আর যাদুকররা লুটিয়ে পড়ল সিজদায়।
১২১. তারা বলল : আমরা ঈমান আনলাম রাসুল আলামীনের প্রতি।
১২২. যিনি রব মুসা ও হারুনের।
১২৩. ফির'আউন বলল : তোমরা ঈমান আনলে এতে, আমি তোমাদের অনুমতি দেবার আগে ? এ তো এক চক্রান্ত, যা তোমরা করেছ শহরে বসে, যাতে তোমরা বের করে দিতে পার সেখান থেকে এর অধিবাসীদের। শিগ্গীরই তোমার জানতে পারবে।
১২৪. অবশ্যই আমি কেটে ফেলব তোমাদের হাত ও তোমাদের পা বিপরীত দিক থেকে, তারপর আমি অবশ্যই শূলবিদ্ধ করব তোমাদের সবাইকে।
১২৫. তারা বলল : আমরা তো আমাদের রবের কাছে ফিরে যাব।
১২৬. তুমি তো আমাদের শাস্তি দিচ্ছ শুধু এ জন্য যে, আমরা ঈমান এনেছি আমাদের রবের নিদর্শনে, যখন তা আমাদের কাছে এসেছে। হে আমাদের রব! তাওফীক দিন আমাদের সবর করার এবং মউত দিন আমাদের মুসলমানরূপে।
১২৭. ফির'আউনের কাওমের নেতারা বলল : আপনি কি ছেড়ে দিচ্ছেন মুসা ও তার কাওমকে দেশে বিপর্যয় সৃষ্টি করতে এবং আপনাকে ও আপনার দেবতাদের বর্জন করতে ?

- ১১৮- فَوَقَّعَ الْحَقُّ
وَبَطَلَ مَا كَانُوا يَعْمَلُونَ ○
১১৯- فَغَلِبُوا هُنَاكَ
وَانْقَلَبُوا صُغْرَيْنِ ○
১২০- وَأُلْقِيَ السَّحَرَةُ سَاجِدِينَ ○
১২১- قَالُوا آمَنَّا بِرَبِّ الْعَالَمِينَ ○
১২২- رَبِّ مُوسَى وَهَارُونَ ○
১২৩- قَالَ فِرْعَوْنُ اٰمَنْتُمْ بِهٖ
قَبْلَ اَنْ اٰذَنَ لَكُمْ ؕ اِنَّ هٰذَا لَمَكْرٌ
مِّكَرْتُمْوهُ فِى الْمَدِيْنَةِ
لِيُخْرِجُوْا مِنْهَا اَهْلَهَا
فَسَوْفَ تَعْلَمُوْنَ ○
১২৪- لَا قِطْعَنَ اَيْدِيْكُمْ وَاَرْجُلَكُمْ
مِّنْ خِلَافٍ
ثُمَّ لَا صَلْبَ لَكُمْ اٰجْمَعِيْنَ ○
১২৫- قَالُوْا اِنَّا اِلٰى رَبِّنَا مُنْقَلِبُوْنَ ○
১২৬- وَمَا تَنْقِمُ مِنَّا
اِلَّا اَنْ اٰمَنَّا بِاٰيٰتِ
رَبِّنَا لَمَّا جَآءَتْكُمَا
رَبَّنَا اَفْرِغْ عَلَيْنَا صَبْرًا
وَتَوَقَّنَا مُسْلِمِيْنَ ○
১২৭- وَقَالَ الْمَلَاۤمِۦنُ قَوْمُ فِرْعَوْنَ
اَتَذَرُ مُوسٰى وَقَوْمَهُ لِيُفْسِدُوْا
فِى الْاَرْضِ وَيَذَرَكَ وَآٰلِهَتَكَ

ফির'আউন বলল : অবশ্যই আমরা হত্যা করব তাদের পুত্র সন্তানদের এবং জীবিত রাখব তাদের নারীদের, আর আমরা তো তাদের উপর প্রবল ক্ষমতাবান।

قَالَ سَتَقْتُلُ أَبْنَاءَهُمْ
وَنَسْتَجِي نِسَاءَهُمْ
وَإِنَّا فَوْقَهُمْ قَاهِرُونَ ○

১২৮. মূসা বলল তার কাওমকে : তোমরা সাহায্য চাও আল্লাহর কাছে এবং সবার কর। নিশ্চয় যমীন তো আল্লাহরই। তিনি এর উত্তরাধিকারী করেন যাকে চান তার বান্দাদের থেকে। আর শুভ পরিণাম তো মুত্তাকীদের জন্য।

১২৮- قَالَ مُوسَى لِقَوْمِهِ اسْتَعِينُوا بِاللَّهِ
وَاصْبِرُوا ۚ إِنَّ الْأَرْضَ لِلَّهِ
يُورِثُهَا مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ ط
وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِينَ ○

১২৯. তারা বলল : আমরা তো নির্যাতিত হয়েছি, আমাদের কাছে তোমার আমার আগে এবং তোমার আসার পরেও। মূসা বলল : শিগগীরই তোমাদের রব ধ্বংস করবেন তোমাদের শত্রু এবং তিনি তোমাদেরকে তাদের স্থলাভিষিক্ত করবেন যমীনে। তারপর তিনি দেখবেন, তোমরা কেমন কর।

১২৯- قَالُوا أَوْذَيْنَا مِنْ قَبْلُ
أَنْ تَأْتِيَنَا وَمِنْ بَعْدِ مَا جِئْتَنَا ط
قَالَ عَسَى رَبُّكُمْ
أَنْ يَهْلِكَ عِدَاكُمْ وَيَسْتَخْلِفَكُمْ
فِي الْأَرْضِ فَيَنْظُرَ كَيْفَ تَعْمَلُونَ ○

১৩০. আর আমি তো পাকড়াও করেছিলাম ফির'আউনীদে দুর্ভিক্ষ ও ফল-ফসলের ক্ষতি দিয়ে, যাতে তারা অনুধাবন করে।

১৩০- وَلَقَدْ أَخَذْنَا آلَ فِرْعَوْنَ
بِالسِّنِينَ وَنَقْصٍ مِنَ الثَّمَرَاتِ
لَعَلَّهُمْ يَذْكُرُونَ ○

১৩১. আর যখন তাদের কোন কল্যাণ হত, তখন তারা বলত : এটা তো আমাদের প্রাপ্য, আর যদি তাদের কোন অকল্যাণ হত, তাহলে তারা অলুক্ষণে মনে করত তার জন্য মূসা ও তার সাথীদের। জেনে রাখ, তাদের অকল্যাণ তো আল্লাহরই নিয়ন্ত্রণে। কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।

১৩১- فَإِذَا جَاءَهُمْ الْحَسَنَةُ
قَالُوا لَنَا هَذِهِ ۚ وَإِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ
يَطَّيَّرُوا بِمُوسَى وَمَنْ مَعَهُ ط
إِنَّمَا ظَنَرُوهُمْ عِنْدَ اللَّهِ
وَلَكِنْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ ○

১৩২. আর তারা বলেছিল : তুমি যে কোন নিদর্শনই আমাদের কাছে পেশ করনা কেন, তা দিয়ে আমাদের যাদু করার জন্য, আমরা তো নই তোমাতে ঈমান আনার।

১৩২- وَقَالُوا مَهْمَا تَأْتِنَا بِهِ مِنْ آيَةٍ
لِتَسْحَرَنَا بِهَا ۖ
فَمَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِينَ ○

১৩৩. তারপর আমি পাঠাই তাদের উপর প্লাবন, পঙ্গপাল, উকুন, বেঙ এবং রক্ত, যা ছিল স্পষ্ট নিদর্শন ; কিন্তু তারা অহংকার করে এবং তারা ছিল এক অপরাধী কাওম ।

১৩৪. আর যখন আপতিত হত তাদের উপর কোন শাস্তি তখন তারা বলত : হে মুসা! তুমি দু'আ করো আমাদের জন্য তোমার রবের কাছে, তোমার সাথে তিনি যে ওয়াদা করছেন সে অনুযায়ী, যদি তুমি দূর কর আমাদের থেকে শাস্তি, তবে তো আমরা তোমার প্রতি ঈমান আনবই এবং অবশ্যই যেতে দেব তোমার সাথে বনু ইসরাঈলকে ।

১৩৫. বস্তুত, যখনই আমি দূর করতাম তাদের থেকে শাস্তি, এক নির্দিষ্ট কালের জন্য, যে শাস্তি তাদের জন্য অবধারিত ছিল, তখন তারা ভংগ করত অস্বীকার ।

১৩৬. সুতরাং আমি শাস্তি দিয়েছিলাম তাদের এবং ডুবিয়ে দিয়েছিলাম তাদের অতল সমুদ্রে । কেননা, তারা অস্বীকার করেছিল আমার নিদর্শনসমূহ এবং তারা ছিল এ ব্যাপারে গাফিল ।

১৩৭. আর আমি উত্তরাধিকারী করেছিলাম সে কাওমকে যাদের দুর্বল মনে করা হত পূর্ব ও পশ্চিমের যমীনের, যাতে আমি কল্যাণ রেখেছিলাম । আর পূর্ণ হল তোমার রবের কল্যাণ বাণী বনু ইসরাঈলের প্রতি । কেননা তারা সবার করেছিল । আর আমি ধ্বংস করেছিলাম শিল্ল, যা তৈরী করেছিল ফির'আউন ও তার কাওম এবং সে' সব প্রাসাদ, যা তারা নির্মাণ করেছিল ।

১৩৩- فَأَرْسَلْنَا عَلَيْهِمُ الطُّوفَانَ
وَ الْجَرَادَ وَ الْقُمَّلَ وَ الضَّفَادِعَ
وَ الدَّمَ آيَاتٍ مُّفَصَّلَاتٍ
فَاسْتَكْبَرُوا وَ كَانُوا قَوْمًا مُّجْرِمِينَ ○

১৩৪- وَلَمَّا وَقَعَ عَلَيْهِمُ الرِّجْزُ قَالُوا
يُمُوسَى ادْعُ لَنَا رَبَّكَ
بِمَا عَاهَدَ عِنْدَكَ
لَئِنْ كَشَفْتَ عَنَّا الرِّجْزَ
لَنُؤْمِنَنَّ لَكَ

وَ لَنُرْسِلَنَّ مَعَكَ بَنِي إِسْرَءِيلَ ○

১৩৫- فَلَمَّا كَشَفْنَا عَنْهُمْ الرِّجْزَ
إِلَى أَجَلٍ
هُمْ يَلْغَوْنَ إِذَا هُمْ يَنْكُتُونَ ○

১৩৬- فَانْتَقَمْنَا مِنْهُمْ فَأَغْرَقْنَاهُمْ فِي الْيَمِّ
بِآيَاتِنَا
وَ كَانُوا عَنْهَا غَافِلِينَ ○

১৩৭- وَأَوْرَثْنَا الْقَوْمَ الَّذِينَ كَانُوا
يُستَضْعَفُونَ مَشَارِقَ الْأَرْضِ
وَ مَغَارِبَهَا الَّتِي بَرَكْنَا فِيهَا
وَ تَمَّتْ كَلِمَتُ رَبِّكَ الْحُسْنَى
عَلَى بَنِي إِسْرَءِيلَ بِمَا صَبَرُوا
وَ دَمَرْنَا مَا كَانِ يَصْنَعُ فِرْعَوْنُ
وَ قَوْمَهُ وَ مَا كَانُوا يَعْرِشُونَ ○

১৩৮. আর আমি প্যার করিয়ে ছিলাম বনু ইসরাঈলকে সমুদ্র, ফলে তারা পৌঁছে এমন এক কাওমের কাছে, যারা পূজা করত তাদের প্রতীমার। তারা বলল : হে মুসা ! বানিয়ে দেও আমাদের জন্য প্রতীমা, তাদের প্রতীমার মত। মুসা বলল : তোমরা তো এক মূর্থ সম্প্রদায়।

১৩৯. নিশ্চয় এসব লোক যাতে লিপ্ত রয়েছে, তত্বো বিধ্বস্ত হবে এবং যা তারা করছে তাও অসার।

১৪০. সে (মুসা) আরো বলল : আমি কি তালাশ করব তোমাদের জন্য আল্লাহকে ছেড়ে অন্য ইলাহ ; অথচ তিনিই তোমাদের শ্রেষ্ঠত্ব দিয়েছেন সারা জাহানের উপর ?

১৪১. আর স্মরণ কর, আমি উদ্ধার করেছিলাম তোমাদের ফির'আউনের হাত থেকে, যারা দিত তোমাদের নিকৃষ্ট শাস্তি। তারা হত্যা করত তোমাদের পুত্র সন্তানদের এবং জীবিত রাখত তোমাদের নারীদের। আর এতে ছিল তোমাদের জন্য, তোমাদের রবের তরফ থেকে এক মহা পরীক্ষা।

১৪২. আর আমি ওয়াদা করেছিলাম মুসার জন্য ত্রিশ রাত এবং পূর্ণ করেছিল তা আরো দশ দিয়ে। এভাবেই পূর্ণ হয় তার রবের নির্ধারিত চল্লিশ রাত। আর বলেছিল মুসা তার ভাই হারুনকে : আপনি আমার প্রতিনিধিত্ব করবেন, আমার কাওমের মধ্যে এবং সংশোধন করবেন, আর অনুসরণ করবেন না ফ্যাসাদ সৃষ্টিকারীদের পথ।

১৪৩. আর যখন মুসা উপস্থিত হলো আমার নির্ধারিত সময়ে এবং কথা বললেন

১৩৮- وَجُوزْنَا بِبَنِي إِسْرَائِيلَ الْبَحْرَ فَأَتَوْا عَلَى قَوْمٍ يَعْكُفُونَ عَلَى أَصْنَامٍ لَهُمْ ؕ قَالُوا يُمُوسَى اجْعَلْ لَنَا إِلَهًا كَمَا لَهُمْ آلِهَةٌ ؕ قَالَ إِنَّكُمْ قَوْمٌ تَجْهَلُونَ ○

১৩৯- إِنَّ هَؤُلَاءِ مُتَّبِعُونَ مَا هُمْ فِيهِ وَبِطِلٌ مَا كَانُوا يَعْمَلُونَ ○

১৪০- قَالَ أَغَيْرَ اللَّهِ أَبْغَيْكُمْ إِلَهًا وَهُوَ فَضَّلَكُمْ عَلَى الْعَالَمِينَ ○

১৪১- وَإِذْ أَنْجَيْنَاكَ مِنْ آلِ فِرْعَوْنَ يَسُومُونَكَ سُوءَ الْعَذَابِ ؕ يُقَتِّلُونَ أَبْنَاءَكَ وَيَسْتَحْيُونَ نِسَاءَكَ ؕ وَفِي ذَٰلِكُمْ بَلَاءٌ مِّنْ رَبِّكَ عَظِيمٌ ○

১৪২- وَوَعَدْنَا مُوسَى ثَلَاثِينَ لَيْلَةً وَأَتَمَّمْنَا بِعَشْرِ فِتْنَةٍ مُّيَقَّاتٍ رَبِّهِ أَرْبَعِينَ لَيْلَةً ؕ وَقَالَ مُوسَى لِأَخِيهِ هَارُونَ خُلْفَنِي فِي قَوْمِي وَأَصْلِحْ وَلَا تَتَّبِعْ سَبِيلَ الْمُفْسِدِينَ ○

১৪৩- وَلَمَّا جَاءَ مُوسَى لِمِيقَاتِنَا

তার সঙ্গে তার রব, তখন সে বলল :
হে আমার রব ! আমাকে দেখা দিন,
আমি আপনাকে দেখতে চাই। তিনি
বললেন : তুমি কখনো আমাকে
দেখতে পাবে না। তুমি বরং তাকাও
পাহাড়ের দিকে, যদি তা স্থির থাকে
স্বস্থানে, তবে অবশ্যই তুমি আমাকে
দেখতে পাবে। তারপর যখন তার রব
তাজাল্লী প্রকাশ করলেন পাহাড়ে,
তখন তা চূর্ণ-বিচূর্ণ করে দিল তা
আর বেহুশ হয়ে পড়ে গেল মূসা।
তারপর যখন সে হুশ ফিরে পেল, তখন
বলল : পবিত্র মহান আপনি, আমি
অনুতপ্ত হয়ে আপনার প্রতি ফিরে
এলাম। আর আমিই প্রথম মু'মিন।

১৪৪. আল্লাহ বললেন : হে মূসা ! আমি তো
তোমাকে বৈশিষ্ট্য দান করেছি মানুষের
উপর আমার রিসালাত ও বাক্যালাপ
দিয়ে। অতএব তুমি গ্রহণ করো, যা
আমি তোমাকে দিয়েছি তা এবং হয়ে
যাও শোকরকারীদের শামিল।

১৪৫. আর আমি লিখে দিয়েছি মূসার
জন্য ফলকে সব বিষয়ে উপদেশ ও
সবকিছুর ব্যাখ্যা। অতএব তুমি তা
দৃঢ়ভাবে ধারণ কর এবং নির্দেশ দাও
তোমার কাওমকে যেন তারা তার যা
উত্তম তা গ্রহণ করে। আর শিগ্গীরই
আমি তোমাদের দেখাব পাপাচারীদের
বাসস্থান।

১৪৬. আর মূসার কাওম বানিয়ে নিল তার
অনুপস্থিতিতে নিজেদের অলংকার দিয়ে
'হাম্বা' রবকারী বাছুরের এক দেহ।
তারা কি দেখেনি যে, সেটি তাদের
সাথে কথা বলে না এবং তাদের পথও
দেখায় না ? তারা সেটিকে উপাস্যরূপে

وَكَلَّمَهُ رَبُّهُ ۖ قَالَ رَبِّ ارِنِي
أَنْظُرْ إِلَيْكَ ۖ قَالَ لَنْ تَرِنِي
وَلَكِنْ أَنْظُرْ إِلَى الْجَبَلِ
فَإِنْ اسْتَقَرَّ مَكَانَهُ فَسَوْفَ تَرِنِي ۖ
فَلَمَّا تَجَلَّى رَبُّهُ لِلْجَبَلِ جَعَلَهُ دَكًّا وَخَرَّ
مُوسَى صَعِقًا ۖ
فَلَمَّا أَفَاقَ
قَالَ سُبْحَنَكَ تُبْتُ إِلَيْكَ
وَأَنَا أَوَّلُ الْمُؤْمِنِينَ ○

১৪৪- قَالَ يُوسَىٰ إِنِّي اضْطَقَيْتُكَ
عَلَى النَّاسِ بِرِسَالَتِي وَبِكَلَامِي ۖ
فَخُذْ مَا آتَيْتُكَ وَكُنْ مِنَ الشَّاكِرِينَ ○

১৪৫- وَكَتَبْنَا لَهُ فِي الْأَلْوَامِ مِنْ كُلِّ شَيْءٍ
مُوعِظَةً وَتَفْصِيلًا لِّكُلِّ شَيْءٍ ۖ
فَخُذْهَا بِقُوَّةٍ وَأْمُرْ قَوْمَكَ يَأْخُذُوا
بِأَحْسَنِهَا ۖ
سَأُرِيكُمْ دَارَ الْفَاسِقِينَ ○

১৪৬- وَاتَّخَذَ قَوْمُ مُوسَىٰ
مِنْ بَعْدِهِ مِنْ خَلْقِهِمْ
عِجْلًا جَسَدًا آلَهُ خَوَازِ
أَلَمْ يَرَوْا أَنَّهُ لَا يَكْلِمُهُمْ وَلَا يَهْدِيهِمْ

গ্রহণ করল, আর তারা তো ছিল
যালিম।

১৪৯. আর যখন তারা অনুতপ্ত হলো আর
দেখল যে, তারা তো গুমরাহ্ হয়ে
গেছে, তখন তারা বলল : আমাদের
রব যদি আমাদের প্রতি রহম না করেন
এবং আমাদের ক্ষমা না করেন ;
তাহলে আমরা তো হয়ে পড়ব
ক্ষতিগ্রস্তদের শামিল।

১৫০. আর যখন ফিরে এলো মূসা তার
কাওমের কাছে জ্রুদ্ধ হয়ে, তখন সে
বলল : কত নিকৃষ্ট প্রতিনিধিত্ব করেছ
তোমরা আমার, আমার অনুপস্থিতিতে,
তোমরা জলদি করলে, তোমাদের
রবের আদেশের আগে ? আর সে ফেলে
দিল ফলকগুলো এবং তার ভাইয়ের
চুল ধরে নিজের দিকে টেনে আনল।
তার ভাই হারুন বলল : হে আমার
সহোদর ! লোকেরা তো আমাকে দুর্বল
করে ফেলেছিল। অতএব তুমি আমার
সাথে এমন আচরণ করো না, যাতে
শত্রুরা খুশী হয়। আর তুমি আমাকে
যালিমদের অন্তর্ভুক্ত করো না।

১৫১. মূসা বলল : হে আমার রব ! আপনি
মাফ করুন আমাকে এবং আমার
ভাইকে, আর দাখিল করুন আমাদের
উভয়কে আপনার রহমতের মধ্যে।
আর আপনি তো শ্রেষ্ঠ রহমকারী।

১৫৪. আর যখন প্রশমিত হল মূসার ক্রোধ,
তখন সে ফলকগুলো তুলে নিল এবং
সে লিপিতে ছিল হিদায়েত ও রহমত
তাদের জন্য, যারা তাদের রবকে ভয়
করে।

১৫৫. আর বেছে নিল মূসা তার কাওম থেকে
সত্তর জন লোককে, আমার নির্ধারিত

سَبِيلًا مَّاتَّخَذُوهُ وَكَانُوا ظَالِمِينَ ○

١٤٩- وَلَمَّا سَقَطَ فِي أَيِّدِهِمْ

وَرَأَوْا أَنَّهُمْ قَدْ ضَلُّوا

قَالُوا لَئِنْ لَمْ يَرْحَمْنَا رَبُّنَا

وَيَغْفِرَ لَنَا لَنَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ ○

١٥٠- وَلَمَّا رَجَعَ مُوسَى إِلَى قَوْمِهِ غَضْبَانَ

أَسْفًا ۖ قَالَ يَبْنَاسَا خَلَفْتُمُونِي

مِنْ بَعْدِي ۖ أَعَجَلْتُمْ أَمْرَ رَبِّكُمْ ۖ

وَأَلْقَى الْأُلُوحَ

وَآخَذَ بِرَأْسِ أَخِيهِ يَجُرُّهُ إِلَيْهِ ۖ

قَالَ ابْنُ أُمِّ

إِنَّ الْقَوْمَ اسْتَضْعَفُونِي

وَكَادُوا يَقْتُلُونِي ۖ

فَلَا تُشْمِتْ بِيَ الْأَعْدَاءَ

وَلَا تَجْعَلْنِي مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ ○

١٥١- قَالَ رَبِّ اغْفِرْ لِي وَلِإِخِي

وَادْخُلْنَا فِي رَحْمَتِكَ ۖ

وَأَنْتَ أَرْحَمُ الرَّحِيمِينَ ○

١٥٤- وَلَمَّا سَكَتَ عَنْ مُوسَى الْغَضَبُ

آخَذَ الْأُلُوحَ ۖ وَفِي نُسْخَتِهَا هُدًى

وَرَحْمَةٌ لِلَّذِينَ هُمْ لِرَبِّهِمْ يَرْهَبُونَ ○

١٥٥- وَاخْتَارَ مُوسَى قَوْمَهُ سَبْعِينَ رَجُلًا

স্থানে সমবেত হওয়ার জন্য। আর যখন পাকড়াও করল তাদের ভূমিকম্প, তখন মূসা বলল : হে আমার রব ! আপনি যদি ইচ্ছা করতেন, তবে এর আগেই তাদের ও আমাদের ধ্বংস করতে পারতেন। আপনি কি ধ্বংস করবেন আমাদের, যা করেছে নির্বোধরা আমাদের থেকে তার জন্য ? এত কেবল আপনার পরীক্ষা। যা দিয়ে আপনি গুমরাহ করেন যাকে চান এবং যাকে ইচ্ছা হিদায়াত দান করেন। আপনি তো আমাদের অভিভাবক, অতএব আপনি আমাদের মাফ করুন এবং আমাদের রহম করুন, আর আপনি তো শ্রেষ্ঠ ক্ষমাকারী।

১৫৬. আর আপনি লিপিবদ্ধ করুন আমাদের জন্য এ দুনিয়াতে কল্যাণ এবং আখিরাতেও আর আমরা তো প্রত্যাবর্তন করেছি আপনারই দিকে। আল্লাহ বললেন : আমার আযাব, আমি দেই তা যাকে চাই, আর আমার রহমত, তা তো পরিব্যপ্ত প্রত্যেক বস্তুতে। সুতরাং আমি তা লিখে দেব তাদের জন্য, যারা তাকওয়া অবলম্বন করে, যাকাত দেয় এবং আমার নিদর্শনসমূহে ঈমান রাখে।

১৫৯. আর মূসার কাওমের মাঝে আছে একদল, যারা ন্যায়ভাবে হিদায়েত করে এবং সে মতেই ইনসাফ করে।

১৬০. আর আমি বিভক্ত করেছি তাদের বারো গোত্রে-দলে। আর আমি ওহীর মাধ্যমে জানালাম মূসাকে, যখন তার কাছে পানি চেয়েছিল তার কাওম : আঘাত কর তোমার লাঠি দিয়ে পাথরে। ফলে উৎসারিত হল সে পাথর থেকে বারোটি

لَيِّقَاتِنَا ۖ فَلَمَّا أَخَذَتْهُمُ الرَّجْفَةُ
قَالَ رَبِّ لَوْ شِئْتَ
أَهْلَكْتَهُمْ مِّن قَبْلُ وَإِيَّايَ ۚ
أَتَهْلِكُنَا بِمَا فَعَلَ السَّفَهَاءُ مِنَّا ۖ
إِنْ هِيَ إِلَّا فِتْنَتُكَ ۚ
تُضِلُّ بِهَا مَن تَشَاءُ
وَتَهْدِي مَن تَشَاءُ ۚ
أَنْتَ وَلِيِّنَا فَاغْفِرْ
لَنَا وَارْحَمْنَا وَأَنْتَ
خَيْرُ الْغَافِرِينَ ○

১৫৬- وَكَتَبْنَا لَنَا فِي هَذِهِ الدُّنْيَا حَسَنَةً
وَّفِي الْآخِرَةِ إِنَّا هُنَا إِلَيْكَ
قَالَ عَذَابِي أُصِيبُ بِهِ مَن أَشَاءُ ۚ
وَرَحْمَتِي وَسِعَتْ كُلَّ شَيْءٍ ۚ
فَسَاكِنُهَا لِلَّذِينَ يَتَّقُونَ وَيُؤْتُونَ
الزَّكَاةَ وَالَّذِينَ هُمْ بِآيَاتِنَا يُؤْمِنُونَ ○

১৫৯- وَمِنْ قَوْمِ مُوسَى
أُمَّةٌ يَهْدُونَ بِالْحَقِّ وَبِهِ يَعْدِلُونَ ○

১৬০- وَقَطَعْنَاهُمْ اثْنَتَيْ عَشْرَةَ أَسْبَاطًا
أُمَمًا ۚ وَأَوْحَيْنَا إِلَىٰ مُوسَىٰ إِذِ اسْتَسْقَاهُ
قَوْمُهُ أَنْ اضْرِبْ بِعَصَاكَ الْحَجَرَ ۚ
فَانبَجَسَتْ مِنْهُ اثْنَتَا عَشْرَةَ عَيْنًا ۚ

প্রস্রবণ, প্রত্যেক গোত্র চিনে নিল নিজ নিজ পান-স্থান, আর আমি ছায়া বিস্তার করেছিলাম তাদের উপর মেঘ দিয়ে এবং পাঠিয়েছিলাম তাদের কাছে মাল্লা ও সালওয়া। আর বলেছিলাম : খাও, ভাল যা কিছু তোমাদের দিয়েছি তা থেকে। তারা কোন যুলুম করেনি আমার প্রতি বরং তারা তো যুলুম করেছে নিজেদের প্রতি।

সূরা ইউনুস, ১০ : ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯

৭৫. তাদের পরে আমি পাঠাই মূসা ও হারুনকে ফির'আউন ও তার পারিষদ-বর্গের কাছে, আমার নিদর্শন দিয়ে। কিন্তু তারা অহংকার করে এবং তারা ছিল অপরাধী কাওম।

৭৬. তারপর যখন এল তাদের কাছে সত্য আমার তরফ থেকে, তখন তারা বলল : নিশ্চয় এতো স্পষ্ট যাদু।

৭৭. মূসা বলল : তোমরা এরূপ বলছ সত্য সম্পর্কে। যখন তা তোমাদের কাছে এলো? এটা কি যাদু? আর যাদুকররা তো সফলকাম হয় না।

৭৮. তারা বলল : তুমি কি এসেছ আমাদের কাছে, আমাদের বিচ্যুত করার জন্য তা থেকে, যার উপর আমরা পেয়েছি আমাদের পিতৃ-পুরুষদের এবং যাতে তোমাদের দু'জনার জন্য দেশে প্রতিপত্তি হয়? আর আমরা তোমাদের প্রতি ঈমান আনার নই।

৭৯. আর ফির'আউন বলল : তোমরা নিয়ে এসো আমার কাছে সব দক্ষ যাদুকরদের।

قَدْ عَلِمَ كُلُّ أُنَاسٍ مَّشْرَبَهُمْ ۖ

وَوَضَعْنَا عَلَىٰهِمُ الْعِمَامَ ۖ وَانْزَلْنَا عَلَيْهِمُ الْمَنَّٰۤیَ وَالسَّلٰوٰی ۖ
كُلُوا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ ۖ وَمَا ظَلَمُوْنَا وَلٰكِنْ كَانُوْا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ۝

৭৫- ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهِم مُّوسٰی وَهٰرُونَ اِلٰی فِرْعَوْنَ وَمَلَآِیْهِ بِآٰیٰتِنَا
فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا مُّجْرِمِیْنَ ۝

৭৬- فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوْۤا اِنَّ هٰذَا سِحْرٌ مُّبِیْنٌ ۝

৭৭- قَالَ مُّوسٰی اَتَقُوْلُوْنَ لِلسَّحْرِ اَنَّا جَآءُكُمْ اَسِحْرٌ هٰذَا ۙ وَلَا يُفْلِحُ السَّحَرُوْنَ ۝

২১৪-وَإِنْذِرْ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ ○
২১৫-وَاخْفِضْ جَنَاحَكَ لِمَنِ اتَّبَعَكَ
مِنَ الْمُؤْمِنِينَ ○
২১৬-فَإِنْ عَصَوْكَ
فَقُلْ إِنِّي بَرِيءٌ مِّمَّا تَعْمَلُونَ ○
২১৭-وَتَوَكَّلْ عَلَى الْعَزِيزِ الرَّحِيمِ ○
২১৮-الَّذِي يَرِيكَ حِينَ تَقُومُ ○
২১৯-وَتَقْلُبَكَ فِي السَّجْدِ
২২০-إِنَّهُ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ○
- ৬-وَإِنَّكَ لَتَلْقَى الْقُرْآنَ
مِنَ لَدُنْ حَكِيمٍ عَلِيمٍ ○
৭৬-إِنَّ هَذَا الْقُرْآنَ يَقُصُّ عَلَى بَنِي
إِسْرَءِيلَ أَكْثَرَ الَّذِي هُمْ فِيهِ يَخْتَلِفُونَ ○
৭৭-وَإِنَّهُ لَهْدَى وَرَحْمَةً لِّلْمُؤْمِنِينَ ○
৭৮-إِنَّ رَبَّكَ يَقْضِي بَيْنَهُمْ بِحُكْمِهِ
وَهُوَ الْعَزِيزُ الْعَلِيمُ ○

৭৯. সুতরাং আপনি ভরসা করুন আল্লাহ্র উপর। আপনি তো প্রতিষ্ঠিত আছেন স্পষ্ট সত্যের উপর।

৮০. আপনি তো শুনাতে পারেন না কথা মৃতদেরকে এবং শুনাতে পারবেন না বধিরকেও আহ্বান, যখন তারা পিঠ ফিরিয়ে নেয়।

৮১. আর আপনি হিদায়েত করতে পারবেন না অন্ধদের, তাদের গুমরাহী থেকে। আপনি তো শুনাতে পারবেন কেবল তাদের যারা ঈমান রাখে আমার নিদর্শনাবলীতে। আর তারাই প্রকৃত মুসলিম।

৯১. আমি তো আদিষ্ট হয়েছি ইবাদত করতে এই নগরীর রবের, যিনি সম্মানীত করেছেন একে। আর তাঁরই সব কিছু এবং আমি আরো আদিষ্ট হয়েছি, যেন আমি হই মুসলিমদের শামিল।

৯২. আর আমি আরো আদিষ্ট হয়েছি, যেন আমি তিলাওয়াত করে শোনাই কুরআন। সুতরাং যে কেউ সৎপথ অবলম্বন করে, সে তো সৎপথ অবলম্বন করে নিজের কল্যাণের জন্য। কিন্তু কেউ ভ্রান্তপথ অবলম্বন করলে, আপনি বলুন : আমি তো একজন সতর্ককারী মাত্র।

৯৩. আর আপনি বলুন : সমস্ত প্রশংসা আল্লাহ্র। অচিরেই তিনি দেখাবেন তোমাদেরকে তাঁর নিদর্শনসমূহ, তখন তোমরা তা চিনতে পারবে। আর আপনার রব গাফিল নন, তোমরা যা কর সে সস্বন্ধে।

সূরা কাসাস, ২৮ : ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫৬, ৫৭, ৫৯, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৮৫, ৮৬, ৮৭, ৮৮

৭৭-فَتَوَكَّلْ عَلَى اللَّهِ إِنَّكَ عَلَى الْحَقِّ الْمُبِينِ ○

৮০-إِنَّكَ لَا تَسْمِعُ الْمَوْتَى وَلَا تَسْمِعُ

الصُّمَّ الدَّعَاءَ إِذَا وَلَّوْا مُدْبِرِينَ ○

৮১- وَمَا أَنْتَ بِهَادِي الْعُمَى

عَنْ ضَلَلَتِهِمْ إِنْ تَسْمِعُ إِلَّا مَنْ يُؤْمِنُ

بِآيَاتِنَا فَهُمْ مُسْلِمُونَ ○

৯১- إِنَّمَا أُمِرْتُ أَنْ أَعْبُدَ رَبَّ

هَذِهِ الْبَلَدَةِ الَّذِي حَرَّمَهَا وَلَهُ كُلُّ

شَيْءٍ زُيِّنَ وَأُمِرْتُ أَنْ أَكُونَ مِنَ الْمُسْلِمِينَ ○

৯২- وَأَنْ أَتْلُوا الْقُرْآنَ ۚ فَمَنْ اهْتَدَى

فَأَنَّمَا يَهْتَدِي لِنَفْسِهِ ۚ وَمَنْ ضَلَّ فَقُلْ

إِنَّمَا أَنَا مِنَ الْمُنذِرِينَ ○

৯৩- وَقُلِ الْحَمْدُ لِلَّهِ سَيَرِّكُمْ

إِلَيْهِ فَتَعْرِفُونَهَا ۚ

وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ ○

৪৪. আর আপনি উপস্থিত ছিলেন না পশ্চিম-প্রান্তে যখন আমি বিধান দিয়েছিলাম মূসাকে এবং আপনি প্রত্যক্ষদর্শীও ছিলেন না।

৪৫. বস্তুত আমি সৃষ্টি করেছিলাম অনেক মানবগোষ্ঠি, তারপর অতিবাহিত হয়েছিল তাদের উপর দীর্ঘ সময়। আর আপনি অবস্থান করেছিলেন না মাদইয়ান-বাসীদের মাঝে, তাদের কাছে আমার আয়াত পাঠ করে শোনাবার জন্য। কিন্তু আমি-ই রাসূল প্রেরণকারী।

৪৬. আর আপনি উপস্থিত ছিলেন না তুর পর্বতের পাশে, যখন আমি আহ্বান করেছিলাম মূসাকে। আসলে এটা রহমত আপনার রবের তরফ থেকে। যাতে আপনি সতর্ক করতে পারেন এমন এক কাওমকে, যাদের কাছে আসেনি কোন সতর্ককারী আপনার আগে, যাতে তারা উপদেশ গ্রহণ করে।

৪৭. আর যদি এমন না হত যে, তাদের কৃতকর্মের দরুন তাদের উপর কোন বিপদ আপতিত হয়, আর তারা বলে, হে আমাদের রব! কেন আপনি পাঠালেন না আমাদের কাছে কোন রাসূল? পাঠালে আমরা মেনে চলতাম আপনার নির্দেশ এবং হতাম আমরা মু'মিন।

৪৮. তারপর যখন এলো তাদের কাছে আমার তরফ থেকে সত্য, তখন তারা বলল : কেন তাকে দেয়া হলো না, যেমন দেয়া হয়েছিল মূসাকে, যা দেয়া হয়েছিল এর পূর্বে? তারা বলেছিল : দু'টি যাদু, একটি অপরটির সমর্থক। আর তারা বলেছিল, আমরা তো সবই প্রত্যাখ্যান করি।

৪৪- وَمَا كُنْتَ بِجَانِبِ الْغَرْبِيِّ إِذْ قَضَيْنَا إِلَىٰ مُوسَى الْأَمْرَ وَمَا كُنْتَ مِنَ الشَّاهِدِينَ ○

৪৫- وَلَكِنَّا أَنْشَأْنَا قُرُونًا فَتَطَاوَلَ عَلَيْهِمُ الْعُمُرُ، وَمَا كُنْتَ ثَاوِيًا فِي أَهْلِ مَدْيَنَ تَتْلُوَا عَلَيْهِمْ آيَاتِنَا، وَلَكِنَّا كُنَّا مُرْسِلِينَ ○

৪৬- وَمَا كُنْتَ بِجَانِبِ الطُّورِ إِذْ نَادَيْنَا وَلَكِنْ رَحْمَةً مِّن رَّبِّكَ لِتُنذِرَ قَوْمًا مَّا أَتَتْهُمْ مِّنْ نَّذِيرٍ مِّن قَبْلِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ○

৪৭- وَلَوْلَا أَن تُصِيبَهُمْ مُصِيبَةٌ بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ فَيَقُولُوا رَبَّنَا لَوْلَا أَرْسَلْتَ إِلَيْنَا رَسُولًا فَنُتَّبِعَ آيَاتِكَ وَنَكُونُ مِنَ الْمُؤْمِنِينَ ○

৪৮- فَلَمَّا جَاءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوا لَوْلَا أُوتِيَ مِثْلَ مَا أُوتِيَ مُوسَىٰ أَوْ لَمْ يَكْفُرُوا بِمَا أُوتِيَ مُوسَىٰ مِنْ قَبْلُ قَالُوا سِحْرَانِ تَظَاهَرَا وَقَالُوا إِنَّا بِكُلِّ كَفَرُونَ ○

৪৯. আপনি বলুন : তা হলে তোমরা নিয়ে এসো এক কিতাব আল্লাহর তরফ থেকে, যা হবে এ দু'টির থেকে উৎকৃষ্ট পথ নির্দেশক, আমি তা অনুসরণ করব, যদি হও তোমরা সত্যবাদী।

৫০. তবে তারা যদি আপনার কথার জবাব না দেয়, তাহলে জেনে রাখবেন; তারা কেবল অনুসরণ করে তাদের খেয়াল খুশীর, আর তার চাইতে অধিক গুমরাহ কে, যে অনুসরণ করে খেয়াল-খুশীর, আল্লাহ্ হিদায়েতকে অগ্রাহ্য করে। নিশ্চয় আল্লাহ্ হিদায়েত দেন না যালিমদের।

৫৬. আপনি ইচ্ছা করলেই হিদায়েত দান করতে পারেন না, যাকে আপনি ভালবাসেন। তবে আল্লাহ্-ই হিদায়েত দেন, যাকে তিনি ইচ্ছা করেন, আর তিনিই সবিশেষ অবহিত অনুসারীদের সম্বন্ধে।

৫৭. আর তারা বলে : আমরা যদি তাদের সাথে সৎপথ অনুসরণ করি, তাহলে আমাদের উৎখাত করা হবে আমাদের দেশ থেকে। আমি কি প্রতিষ্ঠিত করিনি তাদের নিরাপদ হারামে, যেখানে সব ধরনের ফলমূল আমদানী হয় রিয়করূপে আমার তরফ থেকে? কিন্তু তাদের অধিকাংশই জানে না।

৫৯. আর আপনার প্রতিপালক ধ্বংস করেন না জনপদসমূহের কেন্দ্রে তাঁর আয়াতসমূহ আবৃত্তি করার জন্য রাসূল প্রেরণ না করে এবং আমি ধ্বংস করি না জনপদসমূহ যে পর্যন্ত না এর বাসিন্দারা যালিম হয়।

৬৮. আর আপনার প্রতিপালক সৃষ্টি করেন, যা তিনি ইচ্ছা করেন এবং মনোনীত করেন

৫৭- قُلْ فَأْتُوا بِكِتَابٍ مِّنْ عِنْدِ اللَّهِ هُوَ أَهْدَىٰ مِنْهُمَا ۖ أَتَّبِعُهُ إِن كُنْتُمْ صَادِقِينَ ○

৫০- فَإِنْ لَّمْ يَسْتَجِيبُوا لَكَ فَاعْلَمْ أَنَّهُ لَا يُتَّبَعُونَ أَهْوَاءَهُمْ ۖ وَمَنْ أَضَلُّ مِمَّنِ اتَّبَعَ هَوَاهُ بِغَيْرِ هُدًى مِّنَ اللَّهِ ۚ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ○

৫৬- إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ وَلَكِنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَشَاءُ ۚ وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ ○

৫৭- وَقَالُوا إِن نَّتَّبِعِ الْهُدَىٰ مَعَكَ نُتَخَذَفُ مِنْ أَرْضِنَا ۚ أَوَلَمْ نُمَكِّنْ لَهُمْ حَرَمًا آمِنًا يُجْبَىٰ إِلَيْهِ ثَمَرَاتُ كُلِّ شَيْءٍ رَّزَقًا مِّنْ لَّدُنَّا وَلَكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ○

৫৯- وَمَا كَانَ رَبُّكَ مُهْلِكَ الْقُرَىٰ حَتَّىٰ يَبْعَثَ فِي أُمِّهَا رَسُولًا يَتْلُوا عَلَيْهِمْ ۚ أَيْنَمَا وَكُنَّا مُهْلِكِ الْقُرَىٰ إِلَّا وَاهْلَهَا ظَلِمُونَ ○

৬৮- وَرَبُّكَ يَخْلُقُ مَا يَشَاءُ وَيَخْتَارُ ۚ

যাকে চান। এতে তাদের কোন ইখতিয়ার নেই। পবিত্র মহান আল্লাহ্ তিনি অনেক উর্ধ্বে তারা যে শরীক করে তা থেকে।

৬৯. আর আপনার প্রতিপালক জানেন তাদের অন্তর যা গোপন করে এবং তারা যা প্রকাশ করে।

৭০. আর তিনিই আল্লাহ্, নেই কোন ইলাহ্ তিনি ছাড়া। তাঁরই সমস্ত প্রশংসা দুনিয়া ও আখিরাতে এবং বিধান তাঁরই। আর তাঁরই দিকে তোমাদের ফিরিয়ে আনা হবে।

৭১. বলুন : তোমরা কি ভেবে দেখেছ, যদি আল্লাহ্ তোমাদের জন্য রাতকে কিয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, তবে কোন ইলাহ্ আছে আল্লাহ্ ছাড়া, যে এনে দিতে পারে তোমাদের জন্য তোমাদের আলো ? তবুও কি তোমরা স্তব্ধ না ?

৭২. আপনি বলুন : তোমরা ভেবে দেখেছ কি—যদি আল্লাহ্ স্থায়ী করে দেন দিনকে তোমাদের জন্য কিয়ামত পর্যন্ত, তবে কোন ইলাহ্ আছে আল্লাহ্ ছাড়া, যে নিয়ে আসতে পারে তোমাদের জন্য রাত, যাতে তোমরা বিশ্রাম করতে পার ? তবুও কি তোমরা অনুধাবন করবে না ?

৮৫. নিশ্চয় যিনি কুরআনকে বিধান করেছেন আপনার জন্য, অবশ্যই তিনি ফিরিয়ে আনবেন আপনাকে আপনার জন্ম-ভূমিতে। বলুন : আমার প্রতিপালক ভাল জানেন, কে নিয়ে এসেছে হিদায়েত। আর কে রয়েছে স্পষ্ট গুমরাহীতে।

৮৬. আর আপনি তো আশা করেন যে, অবতীর্ণ করা হবে আপনার প্রতি

مَا كَانَ لَهُمُ الْخِيَرَةُ ۚ

سُبْحَنَ اللَّهِ وَتَعَالَى عَمَّا يُشْرِكُونَ ○

৬৯- وَرَبُّكَ يَعْلَمُ مَا تُكِنُّ صُدُورُهُمْ

وَمَا يُعْلِنُونَ ○

৭০- وَهُوَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ ۚ

لَهُ الْحَمْدُ فِي الْأُولَىٰ وَالْآخِرَةِ ۚ

وَلَهُ الْحُكْمُ وَإِلَيْهِ تُرْجَعُونَ ○

৭১- قُلْ أَرَأَيْتُمْ إِنْ جَعَلَ اللَّهُ عَلَيْكُمُ

الَّيْلَ سَرَمَدًا إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ

مَنْ إِلَهٌ غَيْرُ اللَّهِ يَأْتِيكُمْ بِضِيَاءٍ ۚ

أَفَلَا تَسْعَوْنَ ○

৭২- قُلْ أَرَأَيْتُمْ إِنْ جَعَلَ اللَّهُ

عَلَيْكُمْ النَّهَارَ سَرَمَدًا إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ

مَنْ إِلَهٌ غَيْرُ اللَّهِ يَأْتِيكُمْ بِلَيْلٍ

تَسْكُنُونَ فِيهِ ۚ أَفَلَا تُبْصِرُونَ ○

৮৫- إِنَّ الَّذِي فَرَضَ عَلَيْكَ الْقُرْآنَ

لَرَأَدُّكَ إِلَىٰ مَعَادٍ ۚ

قُلْ رَبِّيَ أَعْلَمُ مَنْ جَاءَ

بِالْهُدَىٰ وَمَنْ هُوَ فِي ضَلَالٍ مُّبِينٍ ○

৮৬- وَمَا كُنْتَ تَرْجُو أَنْ يُتْلَىٰ

কিতাব। তবে এতো কেবল রহমত আপনার রবের তরফ থেকে। অতএব আপনি কখনো হবেন না, কাফিরদের সাহায্যকারী।

৮৭. আর তারা যেন কখনো ফিরিয়ে না রাখে আপনাকে আল্লাহর আয়াত থেকে, তা আপনার প্রতি নাযিল হওয়ার পর। আর আপনি ডাকুন, আপনার রবের দিকে এবং হবেন না কখনো মুশ্রিকদের শামিল।

৮৮. আর আপনি ডাকবেন না আল্লাহর সংগে অন্য কোন ইলাহ। নেই কোন ইলাহ-তিনি ছাড়া। সব কিছুই ধ্বংসশীল আল্লাহর সত্তা ছাড়া। বিধান তাঁরই এবং তাঁরই কাছে তোমাদের ফিরিয়ে আনা হবে।

সূরা আনকাবূত, ২৯ : ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৬১, ৬২, ৬৩

৪৫. আপনি তিলাওয়াত করে শোনান, আপনার প্রতি যা ওহী করা হয় কিতাব থেকে তা এবং কায়ম করুন সালাত। অবশ্যই সালাত বিরত রাখে অশ্লীল ও মন্দকাজ থেকে। আর আল্লাহর যিকির-ই তো সর্বশ্রেষ্ঠ। আল্লাহ জানেন তোমরা যা কর।

৪৬. আর তোমরা তর্ক-বিতর্ক করবে না আহলে কিতাবের সাথে উত্তম পন্থা ছাড়া, তবে তাদের মাঝে যারা সীমালংঘনকারী তাদের ব্যতিরেকে। আর বল : আমরা ঈমান আনলাম তাতে, যা নাযিল করা হয়েছে আমাদের প্রতি। আর আমাদের ইলাহ ও তোমাদের ইলাহ তো এক এবং আমরা তাঁরই প্রতি আত্মসমর্পণকারী।

إِلَيْكَ الْكِتَابُ إِلَّا رَحْمَةً مِنْ رَبِّكَ
فَلَا تَكُونَنَّ ظَهِيرًا لِلْكَافِرِينَ ۝

৪৭- وَلَا يَصُدُّكَ عَنْ آيَاتِ اللَّهِ
بَعْدَ إِذْ أَنْزَلْتُ إِلَيْكَ وَأَدْعُ إِلَى سَبِيلِكَ
وَلَا تَكُونَنَّ مِنَ الْمُشْرِكِينَ ۝

৪৮- وَلَا تَدْعُ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ لَا إِلَهَ
إِلَّا هُوَ تَدْعُ كُلُّ شَيْءٍ هَالِكًا إِلَّا وَجْهَهُ
لَهُ الْحُكْمُ وَإِلَيْهِ تُرْجَعُونَ ۝

৪৫- أَتُلُّ مَا أَوْحَىٰ إِلَيْكَ مِنَ الْكِتَابِ
وَأَقِمِ الصَّلَاةَ ۖ
إِنَّ الصَّلَاةَ تَنْهَىٰ عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ
وَلَذِكْرُ اللَّهِ أَكْبَرُ ۚ

وَاللَّهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ ۝

৪৬- وَلَا تُجَادِلُوا أَهْلَ الْكِتَابِ
إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ ۚ
إِلَّا الَّذِينَ ظَلَمُوا مِنْهُمْ
وَقُولُوا أَمَّا بِالَّذِي أُنْزِلَ إِلَيْنَا وَأُنْزِلَ إِلَيْكُمْ
وَالْهَذَا وَالْهَٰؤُلَاءِ وَاحِدٌ
وَنَحْنُ لَهُ مُسْلِمُونَ ۝

৪৭. আর এভাবেই আমি নাযিল করেছি আপনার প্রতি এ কিতাব। এবং যাদের আমি কিতাব দিয়েছিলাম, তারা এতে ঈমান রাখে, আর এদের মধ্য থেকেও কেউ কেউ এতে ঈমান রাখে। বস্তুত কেউ অস্বীকার করে না আমার নিদর্শনাবলী কাফিররা ছাড়া।
৪৮. আর আপনি তো পাঠ করেননি এর আগে কোন কিতাব এবং না লিখেছেন নিজের হাতে কোন কিতাব, যাতে করে সন্দেহপোষণ করবে মিথ্যাচারীরা।
৪৯. বরং তা হলো স্পষ্ট নিদর্শন তাদের অন্তরে—যাদের জ্ঞান দেয়া হয়েছে। আর কেউ অস্বীকার করে না নিদর্শন-সমূহ যালিমরা ছাড়া।
৫০. আর তারা বলে : কেন নাযিল করা হয় না তাদের প্রতি কোন মু'জিয়া তার রবের তরফ থেকে ? আপনি বলুন : মু'জিয়া তো আল্লাহর-ই ইখতিয়ারে। আর আমি তো একজন স্পষ্ট সতর্ককারী মাত্র।
৫১. এটা কি যথেষ্ট নয় তাদের জন্য যে, আমিই নাযিল করেছি আপনার প্রতি এ কিতাব। যা তাদের তিলাওয়াত করে শোনানো হয়! নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত রহমত ও উপদেশ তাদের জন্য, যারা ঈমান রাখে।
৫২. বলুন : আল্লাহ্‌ই যথেষ্ট আমার ও তোমাদের মাঝে সাক্ষী হিসেবে। তিনি জানেন যা কিছু আছে আসমান ও যমীনে তা। আর যারা বিশ্বাস করে অসত্যে এবং অস্বীকার করে আল্লাহকে, তারাই ক্ষতিগ্রস্ত।
৫৩. আর তারা আপনাকে তুরান্বিত করতে বলে শাস্তি। যদি না থাকত নির্ধারিত

৫৭- وَكَذَلِكَ أَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ ۝

فَالَّذِينَ أُتُوا بِالْكِتَابِ يُؤْمِنُونَ بِهِ ۝

وَمِنْ هَؤُلَاءِ مَنْ يُؤْمِنُ بِهِ ۝

وَمَا يَجْحَدُ بِآيَاتِنَا إِلَّا الْكَافِرُونَ ۝

৫৮- وَمَا كُنْتَ تَتْلُوا مِنْ قَبْلِهِ مِنْ

كِتَابٍ وَلَا تَخْطُهُ يَمِينُكَ

إِذًا إِلَّا رَتَابَ السُّبُطِ ۝

৫৯- بَلْ هُوَ آيَاتٌ بَيِّنَاتٌ فِي صُدُورِ

الَّذِينَ أُوتُوا الْعِلْمَ ۝

وَمَا يَجْحَدُ بِآيَاتِنَا إِلَّا الظَّالِمُونَ ۝

৫০- وَقَالُوا لَوْلَا أَنْزَلَ عَلَيْهِ آيَاتٌ مِّنْ

رَبِّهِ ۝ قُلْ إِنَّمَا الْآيَاتُ عِنْدَ اللَّهِ

وَإِنَّمَا أَنَا نَذِيرٌ مُّبِينٌ ۝

৫১- أَوَلَمْ يَكْفِهِمْ أَنَّا

أَنْزَلْنَا عَلَيْكَ الْكِتَابَ يُتْلَىٰ عَلَيْهِمْ ۝

إِنَّ فِي ذَٰلِكَ لَرَحْمَةً وَذِكْرَىٰ

لِقَوْمٍ يُؤْمِنُونَ ۝

৫২- قُلْ كَفَىٰ بِاللَّهِ بَيِّنَىٰ

وَبَيْنَكُمْ شَهِيدًا ۚ يَعْلَمُ مَا فِي السَّمُوتِ

وَالْأَرْضِ ۚ وَالَّذِينَ آمَنُوا بِالْبَاطِلِ وَكَفَرُوا

بِاللَّهِ ۚ أُولَٰئِكَ هُمُ الْخَاسِرُونَ ۝

৫৩- وَيَسْتَعْجِلُونَكَ بِالْعَذَابِ ۝

কাল, তবে অবশ্যই আপতিত হত তাদের উপর শাস্তি। আর শাস্তি তো আসবে তাদের উপর হঠাৎ, তারা তা জানবেও না।

৫৪. তারা আপনাকে ত্বরান্বিত করতে বলে শাস্তি। নিশ্চয় জাহান্নাম তো পরিবেষ্টন করে থাকবে কাফিরদের।

৫৫. সেদিন তাদের আচ্ছন্ন করে রাখবে শাস্তি, তাদের নিচ থেকে এবং আল্লাহ বলবেন : স্বাদ গ্রহণ কর, যা তোমরা করতে তার।

৬১. আর যদি আপনি তাদের জিজ্ঞেস করেন, কে সৃষ্টি করেছে আসমান ও যমীন এবং কে নিয়ন্ত্রণ করছেন সূর্য ও চন্দ্রকে ? তবে তারা অবশ্যই বলবে : আল্লাহ। তাহলে তারা কোথায় বিভ্রান্ত হয়ে ফিরে যাচ্ছে।

৬২. আল্লাহ বাড়িয়ে দেন রিয়িক, যার জন্য তিনি ইচ্ছা করেন, তাঁর বান্দাদের থেকে এবং তিনি তা সীমিত করেন, যার জন্য তিনি চান। নিশ্চয় আল্লাহ সর্ববিষয়, সর্বজ্ঞ।

৬৩. আর যদি আপনি তাদের জিজ্ঞেস করেন, কে বর্ষণ করেন আসমান থেকে বৃষ্টি, পরে জীবিত করেন তা দিয়ে যমীনকে এর মৃত্যুর পর। তাহলে অবশ্যই তারা বলবে, আল্লাহ। আপনি বলুন : সমস্ত প্রশংসা আল্লাহরই। কিন্তু তাদের অধিকাংশই জানে না।

সূরা রুম, ৩০ : ৪৭, ৫২, ৫৩, ৫৮, ৫৯, ৬০

৪৭. আর আমি তো পাঠিয়েছিলাম আপনার আগে অনেক রাসূল, তাদের নিজ নিজ কাণ্ডের কাছে। তারা এসেছিল তাদের কাছে স্পষ্ট নিদর্শন নিয়ে, তারপর আমি

وَلَوْلَا أَجَلَ مُسَمًّى لَّجَاءَهُمُ الْعَذَابُ ۖ
وَلِيَا تَبْيَهُهُمْ بَغْثَةً وَهُمْ لَا يَشْعُرُونَ ۝

৫৪- يَسْتَعْجِلُونَكَ بِالْعَذَابِ ۖ
وَأِنْ جَهَنَّمَ لَمُحِيطَةٌ بِالْكَافِرِينَ ۝

৫৫- يَوْمَ يُغْشَاهُمُ الْعَذَابُ
مِنْ فَوْقِهِمْ وَمِنْ تَحْتِ أَرْجُلِهِمْ
وَيَقُولُ ذُوقُوا مَا كُنْتُمْ تَعْمَلُونَ ۝

৬১- وَلَئِنْ سَأَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمَوَاتِ
وَالْأَرْضَ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ
لَيَقُولُنَّ اللَّهُ ۚ

فَأَنَّى يُؤْفَكُونَ ۝

৬২- اللَّهُ يَبْسُطُ الرِّزْقَ
لِمَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ وَيَقْدِرُ لَهُ ۖ
إِنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ۝

৬৩- وَلَئِنْ سَأَلْتَهُمْ مَنْ نَزَّلَ مِنَ السَّمَاءِ
مَاءً فَأَحْيَا بِهِ الْأَرْضَ مِنْ بَعْدِ مَوْتِهَا
لَيَقُولُنَّ اللَّهُ ۖ قُلِ الْحَمْدُ لِلَّهِ ۖ
بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْقِلُونَ ۝

৪৭- وَلَقَدْ أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ رُسُلًا إِلَى قَوْمِهِمْ
فَجَاءَهُمْ بِالْبَيِّنَاتِ فَأَنْتَقَمْنَا

শান্তি দিয়েছিলাম তাদের, যারা অপরাধ করেছিল। আর আমার দায়িত্ব হল মু'মিনদের সাহায্য করা।

৫২. আর আপনি তো শুনাতে পারেন না মৃতকে এবং না আপনি শুনাতে পারেন আহবান বধিরকে, যখন তারা পিঠ ফিরিয়ে চলে যায়।

৫৩. আর আপনি সৎপথে আনতে পারবেন না অন্ধদেরও তাদের গুমরাহী থেকে। আপনি শুনাতে পারবেন কেল তাদের যারা ঈমান রাখে আমার নিদর্শনাবলীতে, কেননা তারা মুসলিম।

৫৮. আর আমি তো বর্ণনা করেছি মানুষের জন্য এ কুরআনে সব ধরনের দৃষ্টান্ত। আর আপনি যদি নিয়ে আসেন তাদের কাছে কোন নিদর্শন, তাহলে যারা কুফরী করেছে তারা অবশ্যই বলবে, তোমরা তো কেবল মিথ্যাশ্রয়ী।

৫৯. এভাবেই মোহর করে দেন আল্লাহ তাদের অন্তর যারা জানে না।

৬০. অতএব আপনি সর্ব করুন, নিশ্চয় আল্লাহর ওয়াদা সত্য। আর আপনাকে যেন কখনো বিচলিত না করে তারা যারা দৃঢ় বিশ্বাসী নয়।

সূরা লুক্‌মান, ৩১ : ২৩, ২৪, ২৫

২৩. আর কেউ কুফরী করলে, তার কুফরী যেন আপনাকে দুঃখ না দেয়। আমারই কাছে তাদের প্রত্যাবর্তন। তারপর আমি তাদের অবহিত করব তারা যা করত তা। নিশ্চয় আল্লাহ সর্বিশেষ অবহিত, সে সম্বন্ধে যা রয়েছে অন্তরে।

২৪. আমি তাদের উপভোগ করতে দেব স্বল্পকালের জন্য। তারপর আমি তাদের বাধ্য করব কঠিন শাস্তি ভোগ করতে।

مِنَ الَّذِينَ أَجْرَمُوا
وَكَانَ حَقًّا عَلَيْنَا نَصْرُ الْمُؤْمِنِينَ ○

৫২- فَإِنَّكَ لَا تَسْمِعُ الْمَوْتَى وَلَا تُسْمِعُ الصُّمَّ
الدُّعَاءَ إِذَا وَكُّوا مُذِيرِينَ ○

৫৩- وَمَا أَنْتَ بِهَادٍ الْعُمَى عَنْ ضَلَلَتِهِمْ
إِنْ تُسْمِعُ إِلَّا مَنْ يُؤْمِنُ بِآيَاتِنَا
فَهُمْ مُسْلِمُونَ ○

৫৮- وَلَقَدْ صَرَبْنَا لِلنَّاسِ فِي هَذَا الْقُرْآنِ
مِنْ كُلِّ مَثَلٍ
وَلَكِنْ جِئْتَهُمْ بِآيَةٍ لَيَقُولُنَّ
الَّذِينَ كَفَرُوا إِنْ أَنْتُمْ إِلَّا مُبْطِلُونَ ○

৫৯- كَذَلِكَ يَطْبَعُ اللَّهُ
عَلَى قُلُوبِ الَّذِينَ لَا يَعْلَمُونَ ○
৬০- فَاصْبِرْ إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ
وَلَا يَسْتَخْفُكَ الَّذِينَ لَا يُوقِنُونَ ○

২৩- وَمَنْ كَفَرَ فَلَا يَحْزُنكَ كُفْرُهُ
إِلَيْنَا مَرْجِعُهُمْ
فَتُنَبِّئُهُمْ بِمَا عَمِلُوا
إِنَّ اللَّهَ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ○
২৪- نُمَتِّعُهُمْ قَلِيلًا
ثُمَّ نَضْطَرُّهُمْ إِلَى عَذَابٍ غَلِيظٍ ○

২৫. আর আপনি যদি তাদের জিজ্ঞেস করেন : কে সৃষ্টি করেছে আসমান ও যমীন ? তাহলে অবশ্যই তারা বলবে : আল্লাহ্। আপনি বলুন, সমস্ত প্রশংসা আল্লাহ্‌রই, কিন্তু তাদের অধিকাংশই জানে না।

সূরা সাজ্জদা, ৩২ : ২, ৩, ২৩, ২৪, ২৫, ২৮, ২৯, ৩০

২. এ কিতাব নাযিল করা হয়েছে, রাক্বুল আলামীনের তরফ থেকে, এতে নেই কোন সন্দেহ।

৩. তবে কি তারা বলে, সে (মুহাম্মদ) নিজে এ কিতাব রচনা করে নিয়েছে ? না, বরং এ আপনার রবের তরফ থেকে আগত সত্য, যাতে আপনি সতর্ক করতে পারেন এমন এক কাওমকে, আসেনি যাদের কাছে কোন সতর্ককারী আপনার আগে। হয়ত তারা হিদায়েতপ্রাপ্ত হবে।

২৩. আর আমি তো দিয়েছিলাম মূসাকে কিতাব, সুতরাং আপনি সন্দেহ করবেন না তার সাক্ষাতের। আর আমি করেছিলাম সে কিতাবকে হিদায়েত বন্ ইস্রাঈলের জন্য।

২৪. আর আমি মনোনীত করেছিলাম তাদের মধ্য থেকে নেতা, যারা পথ দেখাত আমার নির্দেশ অনুসারে। কেননা তারা ধৈর্যধারণ করেছিল। আর তারা ছিল আমার নিদর্শনাবলীতে দৃঢ় প্রত্যয়ী।

২৫. নিশ্চয়ই আপনার রবই ফয়সালা করে দেবেন তাদের মাঝে কিয়ামতের দিন, যে বিষয়ে তারা মতবিরোধ করছে তা।

২৮. আর তারা বলে, কখন হবে এ ফয়সালা, যদি তোমরা সত্যবাদী হও, তবে বল।

২৫- وَلَئِنْ سَأَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ لَيَقُولُنَّ اللَّهُ قُلِ الْحَمْدُ لِلَّهِ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ

২- تَنْزِيلُ الْكِتَابِ لَا رَيْبَ فِيهِ مِنْ رَبِّ الْعَالَمِينَ

৩- أَمْ يَقُولُونَ افْتَرَاهُ ۚ بَلْ هُوَ الْحَقُّ مِنْ رَبِّكَ لِيُنذِرَ قَوْمًا مِمَّا أَتَتْهُمْ مِنْ تَذِيرٍ مِّنْ قَبْلِكَ لَعَلَّهُمْ يَهْتَدُونَ

২৩- وَلَقَدْ آتَيْنَا مُوسَى الْكِتَابَ فَلَا تَكُنْ فِي مِرْيَةٍ مِّنْ لِّقَائِهِ وَجَعَلْنَاهُ هُدًى لِّبَنِي إِسْرَءِيلَ

২৪- وَجَعَلْنَا مِنْهُمْ إِبْرَاهِيمَ يَهْدُونَ بِأَمْرِنَا إِنَّا صَبَرُوا ۖ وَكَانُوا بِآيَاتِنَا يُوقِنُونَ

২৫- إِنَّ رَبَّكَ هُوَ يَفْصِلُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيَمَةِ فِيمَا كَانُوا فِيهِ يَخْتَلِفُونَ ۚ ২৮- وَ يَقُولُونَ مَتَى هَذَا الْفَتْحُ إِنْ كُنْتُمْ صَادِقِينَ

২৯. আপনি বলুন : ফয়সালার দিনে কান্নারদের ঈমান তাদের কোন কাজে আসবে না এবং তাদের অবকাশ ও দেয়া হবে না।

৩০. অতএব আপনি অগ্রাহ্য করুন তাদের এবং অপেক্ষা করুন, তারা তো অপেক্ষাকৃত।

সূরা আহযাব, ৩৩ : ১, ২, ৩, ৬, ৭, ৮, ২১, ২৮, ২৯, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৬, ৫৭, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩

১. হে নবী! আপনি ভয় করুন আল্লাহকে এবং আনুগত্য করবেন না কান্নারদের ও মুনাফিকদের নিশ্চয় আল্লাহ সর্বজ্ঞ, হিক্মতওয়ালা।

২. আর অনুসরণ করুন, যা ওহী করা হয় আপনার প্রতি আপনার রবের তরফ থেকে তার। নিশ্চয় আল্লাহ যা কিছু তোমরা কর, সে বিষয়ে সম্যক অবহিত।

৩. আর আপনি ভরসা করুন আল্লাহর উপর এবং আল্লাহ-ই যথেষ্ট কর্মসম্পাদন-কারীরাপে।

৬. নবী (মুহাম্মদ) ঘনিষ্ঠতর মু'মিনদের কাছে তাদের নিজেদের চাইতে এবং তার স্ত্রীগণ তাদের মা। আর আত্মীয়রা পরস্পর পরস্পরের নিকটতর আল্লাহর বিধান অনুযায়ী, অন্যান্য মু'মিন ও মুহাজিরদের চাইতে। তবে তোমরা যদি আনুকূল্য প্রদর্শন করতে চাও তোমাদের বন্ধু-বান্ধবদের প্রতি তা করতে পার। কিতাবে তা লিপিবদ্ধ আছে।

৭. আর স্বরণ করুন, আমি অস্বীকার গ্রহণ করেছিলাম নবীদের থেকে এবং

২৭- قُلْ يَوْمَ الْقِتْحِ لَا يَنْفَعُ الَّذِينَ كَفَرُوا
إِيمَانُهُمْ وَلَا هُمْ يُنْظَرُونَ ○

৩- فَأَعْرِضْ عَنْهُمْ وَانْتَظِرْ
إِنَّهُمْ مُنْتَظَرُونَ ○

১- يَا أَيُّهَا النَّبِيُّ اتَّقِ اللَّهَ وَلَا تُطِعِ الْكَافِرِينَ
وَالْمُنَافِقِينَ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا ○

২- وَاتَّبِعْ مَا يُوحَىٰ إِلَيْكَ مِنْ رَبِّكَ
إِنَّ اللَّهَ كَانَ بِمَا تَعْمَلُونَ خَبِيرًا ○

৩- وَتَوَكَّلْ عَلَى اللَّهِ
وَكَفَىٰ بِاللَّهِ وَكِيلًا ○

৬- النَّبِيُّ أَوْلَىٰ بِالْمُؤْمِنِينَ مِنْ أَنفُسِهِمْ
وَأَزْوَاجُهُ أُمَّهَاتُهُمْ
وَأُولُوا الْأَرْحَامِ بَعْضُهُمْ أَوْلَىٰ بِبَعْضٍ
فِي كِتَابِ اللَّهِ مِنَ الْمُؤْمِنِينَ وَالْمُهَاجِرِينَ
إِلَّا أَنْ تَفْعَلُوا إِلَىٰ أَوْلِيَائِكُمْ مَعْرُوفًا
كَانَ ذَلِكَ فِي الْكِتَابِ مَسْطُورًا ○

৭- وَإِذْ أَخَذْنَا مِنَ النَّبِيِّينَ

আপনার থেকে আর নূহ, ইব্রাহীম, মূসা ও ঈসা ইবন মারইয়াম থেকেও গ্রহণ করেছিলাম তাদের থেকে দৃঢ় অসীকার—

৮. জিজ্ঞাসা করার জন্য সত্যবাদীদের তাদের সত্যবাদীতা সম্বন্ধে। আর তিনি প্রস্তুত রেখেছেন কাফিরদের জন্য যন্ত্রণাদায়ক আযাব।

২১. আর তোমাদের মাঝে যারা আশা রাখে আল্লাহ ও আখিরাতে এবং স্মরণ করে আল্লাহকে বেশী বেশী, অবশ্যই তাদের জন্য রয়েছে রাসূলুল্লাহর মধ্যে উত্তম আদর্শ।

২৮. হে নবী! আপনি বলুন : আপনার স্ত্রীদের, তোমরা যদি চাও পার্থিব জীবন এবং এর ভূষণ তবে এসো, আমি তোমাদের ভোগ সামগ্রীর ব্যবস্থা করে দেব এবং বিদায় করে দেব তোমাদের সৌজন্যের সাথে।

২৯. আর যদি তোমরা চাও আল্লাহ, তাঁর রাসূল ও আখিরাত, তবে তো আল্লাহ প্রস্তুত রেখেছেন, তোমাদের মধ্যে যারা নেষ্কার, তাদের জন্য বিরাট পুরস্কার।

৩৬. আর কোন পুরুষ কিম্বা মু'মিন নারীর নেই কোন ইখতিয়ার সে বিষয়, যে বিষয়ে আল্লাহ ও তাঁর রাসূল নির্দেশ দেন। আর কেউ নাফরমানী করলে, আল্লাহ ও তাঁর রাসূলের, সে তো স্পষ্টই গুমরাহ হবে।

৩৭. আর স্মরণ করুন, আপনি বলেছিলেন, তাকে, যাকে অনুগ্রহ করেছেন আল্লাহ এবং আপনিও যাকে অনুগ্রহ করেছেন : তুমি সম্পর্ক বজায় রাখ তোমার স্ত্রীর সাথে এবং ভয় কর আল্লাহকে। আর আপনি যা গোপন করেছিলেন আপনার

مِيثَاقَهُمْ وَمِنْكَ وَمِنْ نُوحٍ وَإِبْرَاهِيمَ
وَمُوسَى وَعِيسَى ابْنِ مَرْيَمَ

وَأَخَذْنَا مِنْهُمْ مِيثَاقًا غَلِيظًا ○

৮- لَيْسَ الصَّادِقِينَ عَنْ صِدْقِهِمْ

وَأَعَدَّ لِلْكَافِرِينَ عَذَابًا أَلِيمًا ○

২১- لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ

أُسْوَةٌ حَسَنَةٌ لِّمَن كَانَ يَرْجُوا اللَّهَ

وَالْيَوْمَ الْآخِرَ وَذَكَرَ اللَّهَ كَثِيرًا ○

২৮- يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لِّأَزْوَاجِكَ

إِن كُنْتُمْ تُرَدُّنَ الْحَيَاةَ الدُّنْيَا

وَزِينْتَهَا فَتَعَالَيْنَ أُمَتِّعْكُنَّ

وَأَسْرِ حُكُنَّ سَرَاحًا جَمِيلًا ○

২৯- وَإِن كُنْتُمْ تُرَدُّنَ اللَّهَ وَرَسُولَهُ

وَالدَّارَ الْآخِرَةَ فَإِنَّ اللَّهَ

أَعَدَّ لِلْمُحْسِنِينَ مِنْكُمْ أَجْرًا عَظِيمًا ○

৩৬- وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُؤْمِنَةٍ

إِذَا قَضَى اللَّهُ وَرَسُولُهُ أَمْرًا أَنْ يَكُونَ لَهُمُ

الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ وَمَنْ يَعْصِ اللَّهَ

وَرَسُولَهُ فَقَدْ ضَلَّ ضَلًّا مُّبِينًا ○

৩৭- وَإِذْ تَقُولُ لِلَّذِي

أَنْعَمَ اللَّهُ عَلَيْهِ وَأَنْعَمْتَ عَلَيْهِ

أَمْسِكْ عَلَيْكَ زَوْجَكَ وَاتَّقِ اللَّهَ

وَتُخْفِي فِي نَفْسِكَ مَا اللَّهُ مُبْدِيهِ

অন্তরে আল্লাহ তা প্রকাশ করে দিচ্ছেন এবং আপনি লোকভয় করেছিলেন অথচ আপনার জন্য অধিক সংগত আল্লাহকে ভয় করা। তারপর যখন ছিন্ন করে দিল যাবিদ বিবাহ সম্পর্ক যয়নাবের সাথে, এরপর আমি তাকে বিয়ে দিলাম আপনার সাথে, যাতে কোন বিঘ্ন না হয় বিয়ে করতে মু'মিনদের জন্য তাদের পোষ্য স্ত্রীদের, যখন তারা তাদের সাথে বিবাহ সম্পর্ক ছিন্ন করে। আর আল্লাহর ফয়সালা কার্যকরী হয়েই থাকে।

৩৮. নবীর জন্য কোন বাধা নেই আল্লাহ যা তার জন্য বিধিসঙ্গত করেছেন তা করতে। এরূপই ছিল আল্লাহর বিধান, যারা পূর্বে গত হয়েছে তাদের ক্ষেত্রেও। আর আল্লাহর ফয়সালা তো সুনির্ধারিত।

৩৯. তারা প্রচার করত আল্লাহর বাণী, ভয় করত আল্লাহকে এবং আল্লাহ ছাড়া আর কাউকে ভয় করত না। আল্লাহই যথেষ্ট হিসাব গ্রহণে।

৪০. মুহাম্মদ পিতা নন তোমাদের মধ্যে কোন পুরুষের বরং তিনি আল্লাহর রাসূল এবং সর্বশেষ নবী। আর আল্লাহ সর্ববিষয়ে সর্বজ্ঞ।

৪৫. হে নবী! আমি তো পাঠিয়েছি আপনাকে সাক্ষীরূপে। সুসংবাদদাতারূপে ও সতর্ককারীরূপে,

৪৬. আর পাঠিয়েছি আপনাকে আহ্বানকারীরূপে আল্লাহর দিকে তাঁরই নির্দেশে এবং উজ্জ্বল প্রদীপরূপে।

৪৭. আর আপনি সুসংবাদ দিন মু'মিনদের যে, তাদের জন্য রয়েছে আল্লাহর কাছে মহাঅনুগ্রহ।

وَتَخْشَى النَّاسَ ۖ وَاللَّهُ أَحَقُّ أَنْ تَخْشَاهُ ۖ
فَلَمَّا قَضَىٰ زَيْدٌ مِّنْهَا وَطَرًا زَوَّجْنَاهَا
بِكَيْ لَا يَكُونَ عَلَى الْمُؤْمِنِينَ حَرَجٌ
فِي أَزْوَاجِ أَدْعِيَائِهِمْ
إِذَا قَضَوْا مِنْهُنَّ وَطَرًا
وَكَانَ أَمْرُ اللَّهِ مَفْعُولًا ۖ

৩৮- مَا كَانَ عَلَى النَّبِيِّ مِنْ حَرَجٍ
فِيمَا فَرَضَ اللَّهُ لَهُ ۖ سُنَّةَ اللَّهِ
فِي الَّذِينَ خَلَوْا مِنْ قَبْلُ ۖ
وَكَانَ أَمْرُ اللَّهِ قَدَرًا مَّقْدُورًا ۖ

৩৯- الَّذِينَ يُبَلِّغُونَ رِسَالَاتِ اللَّهِ
وَيَخْشَوْنَهُ وَلَا يَخْشَوْنَ أَحَدًا إِلَّا اللَّهَ ۖ
وَكَفَىٰ بِاللَّهِ حَسِيبًا ۖ

৪০- مَا كَانَ مُحَمَّدٌ أَبَا أَحَدٍ مِّن رِّجَالِكُمْ
وَلَكِن رَّسُولَ اللَّهِ وَخَاتَمَ النَّبِيِّينَ ۖ
وَكَانَ اللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمًا ۖ

৪৫- يَا أَيُّهَا النَّبِيُّ إِنَّا أَرْسَلْنَاكَ
شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا ۖ

৪৬- وَدَاعِيًا إِلَى اللَّهِ بِأَذْنِهِ
وَسِرَاجًا مُّنِيرًا ۖ

৪৭- وَبَشِّرِ الْمُؤْمِنِينَ بِأَنَّ لَهُمْ
مِّنَ اللَّهِ فَضْلًا كَبِيرًا ۖ

৪৮. আর আপনি মানবেন না কাফির ও মুনাফিকদের কথা এবং উপেক্ষা করুন তাদের নির্যাতন, ভরসা করুন আল্লাহর উপর। আর আল্লাহই যথেষ্ট কর্ম-সম্পাদনকারীরূপে।

৫০. হে নবী! আমি হালাল করেছি আপনার জন্য আপনার স্ত্রীদের, যাদের আপনি দিয়েছেন মাহর এবং হালাল করেছি আপনার জন্য ফায়* হিসেবে আল্লাহ আপনার জন্য যা দান করেছেন, তাদের মধ্যে যারা আপনার মালিকানাধীন আছে তাদেরকে এবং বিয়ের জন্য হালাল করেছি চাচাত বোন, ফুফাত বোন, মামাত বোন ও খালাত বোনকে-যারা হিজরত করেছে আপনার সাথে। আর হালাল করেছি এমন মু'মিন নারীকে যে নিজেকে নবীর কাছে সমর্পণ করে, নবী যাকে বিয়ে করতে চান, তবে এটি শুধু আপনার জন্য, অন্য কোন মু'মিনের জন্য নয়। আমি ভাল জানি, যা আমি নির্ধারিত করেছি তাদের ব্যাপারে, তাদের স্ত্রীদের সম্বন্ধে এবং তাদের মালিকানাধীন দাসীদের সম্বন্ধে, যাতে আপনার কোন অসুবিধা না হয় আর আল্লাহ পরম ক্ষমশীল, পরম দয়ালু।

৫১. আপনি দূরে রাখতে পারেন আপনার স্ত্রীদের থেকে যাকে চান এবং আপনার কাছে রাখতে পারেন যাকে চান। কিন্তু যাকে আপনি দূরে রেখেছেন, তাকে কামনা করলে আপনার কোন অপরাধ নেই। এ বিধান এ জন্য যে, এতে তারা তুষ্ট হবে এবং তারা দুঃখ পাবে না আর তারা সবাই সন্তুষ্ট থাকবে, যা আপনি তাদের দেবেন তাতে। আর আল্লাহ

৫৮- وَلَا تَطْعِمِ الْكُفْرِينَ وَالْمُنَافِقِينَ
وَدَعِ أَذُنَهُمْ وَتَوَكَّلْ عَلَى اللَّهِ
وَكَفَى بِاللَّهِ وَكِيلًا ○

৫০- يَا أَيُّهَا النَّبِيُّ إِنَّا أَحْلَلْنَا لَكَ
أَزْوَاجَكَ الَّتِي أَتَيْتَ أَجُورَهُنَّ
وَمَا مَلَكَتْ يَمِينُكَ مِمَّا أَفَاءَ اللَّهُ عَلَيْكَ
وَبَدَنَتِ عَيْكَ وَبَدَنَتِ عَمَّتِكَ
وَبَدَنَتِ خَالَكَ وَبَدَنَتِ
خَالَتِكَ الَّتِي هَاجَرْنَ مَعَكَ
وَأَمْرًا مُؤْمِنَةً إِنْ وَهَبَتْ نَفْسَهَا
لِلنَّبِيِّ إِنْ أَرَادَ النَّبِيُّ أَنْ يَسْتَنْكِحَهَا
خَالِصَةً لَكَ مِنْ دُونِ الْمُؤْمِنِينَ
قَدْ عَلِمْنَا مَا فَرَضْنَا عَلَيْهِمْ
فِي أَزْوَاجِهِمْ وَمَا مَلَكَتْ أَيْمَانُهُمْ
لِكَيْلَا يَكُونَ عَلَيْكَ حَرَجٌ
وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا ○

৫১- تَرْجِي مَنْ تَشَاءُ مِنْهُنَّ
وَتُؤْتِي إِيَّاكَ مَنْ تَشَاءُ وَمَنْ ابْتَغَيْتَ
مِمَّنْ عَزَلْتَ فَلَا جُنَاحَ عَلَيْكَ
ذَلِكَ أَدْنَى أَنْ تَقْرَأَ أَعْيُنُهُنَّ
وَلَا يَحْزَنَ وَيَرْضَيْنَ بِمَا آتَيْتَهُنَّ كُلَّهُنَّ
وَاللَّهُ يَعْلَمُ مَا فِي قُلُوبِكُمْ

* বিনামুদ্বা প্রাপ্তবস্তু।

জানেন, যা রয়েছে তোমাদের অন্তরে।
আল্লাহ্ সর্বজ্ঞ, সহনশীল।

৫২. হালাল নয় আপনার জন্য কোন নারী
এরপর এবং হালাল নয় আপনার জন্য
আপনার স্ত্রীদের পরিবর্তে অন্য স্ত্রী গ্রহণ
করা, যদিও আপনাকে মুগ্ধ করে তাদের
সৌন্দর্য, তবে আপনার অধিকারভুক্ত
দাসীদের ব্যাপার স্বতন্ত্র। আল্লাহ্
সর্ববিষয়ে সতর্ক দৃষ্টি রাখেন।

৫৩. ওহে যারা ঈমান এনেছে! তোমরা
প্রবেশ করো না নবী গৃহে আহার্য
প্রস্তুতির অপেক্ষা না করে, তোমাদের
আহার্য গ্রহণের অনুমতি না দেওয়া
পর্যন্ত, কিন্তু যদি তোমাদের আহ্বান
করা হয়, তবে তোমরা প্রবেশ করবে
এবং যখন তোমাদের খাওয়া শেষ হবে
তখন তোমরা চলে যাবে কথাবার্তায়
মশগুল না হয়ে। কারণ তোমাদের এ
ধরনের আচরণ নবীকে পীড়া দেয় এবং
তিনি লজ্জাবোধ করেন তোমাদের
উঠিয়ে দিতে। কিন্তু আল্লাহ্ লজ্জাবোধ
করেন না সত্য প্রকাশে। আর যখন
তোমরা কোন কিছু চাইবে নবীর স্ত্রীদের
কাছে, তখন তোমরা এদের কাছে
চাইবে পর্দার অন্তরাল থেকে। এ নিয়ম
অধিকতর পবিত্রতাকারী তোমাদের জন্য
ও তাদের হৃদয়ের জন্য। তোমাদের
জন্য সঙ্গত নয় আল্লাহ্র রাসূলকে কষ্ট
দেওয়া এবং তোমাদের জন্য কখনও
বৈধ নয় বিবাহ করা তাঁর স্ত্রীদের তাঁর
মৃত্যুর পর। নিশ্চয়ই এরূপ করা
আল্লাহ্র কাছে ঘোরতর অপরাধ।

৫৪. তোমরা কোন কিছু প্রকাশ কর অথবা
তা গোপন কর আল্লাহ্ তো সর্ববিষয়ে
সর্বজ্ঞ।

وَكَانَ اللَّهُ عَلِيمًا حَلِيمًا ۝

৫২- لَا يَحِلُّ لَكَ النِّسَاءُ مِنْ بَعْدِ
وَلَا أَنْ تَبَدَّلَ بِهِنَّ مِنْ أَزْوَاجٍ
وَلَوْ أَعْجَبَكَ حُسْنُهُنَّ
إِلَّا مَا مَلَكَتْ يَمِينُكَ ۖ
وَكَانَ اللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ رَقِيبًا ۝

৫৩- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَدْخُلُوا
بُيُوتَ النَّبِيِّ إِلَّا أَنْ يُؤْذَنَ لَكُمْ إِلَى طَعَامٍ
غَيْرِ نَظَرٍ إِنَّهُ ۖ وَلَكِنْ إِذَا دُعِيتُمْ
فَادْخُلُوا فَإِذَا طَعِمْتُمْ فَانْتَشِرُوا
وَلَا مَسْتَأْنِسِينَ لِحَدِيثٍ ۖ
إِنَّ ذِكْرَكُمْ كَانَ يُؤْذِي النَّبِيَّ فَيَسْتَعْجِلُ مِنْكُمْ
وَاللَّهُ لَا يَسْتَعْجِلُ مِنَ الْحَقِّ ۖ
وَإِذَا سَأَلْتُمُوهُنَّ مَتَاعًا فَسْأَلُوهُنَّ
مِنْ وَرَاءِ حِجَابٍ ۖ ذَلِكُمْ أَطْهَرُ لِقُلُوبِكُمْ
وَقُلُوبِهِنَّ ۖ وَمَا كَانَ لَكُمْ أَنْ تُؤْذُوا
رَسُولَ اللَّهِ وَلَا أَنْ تَنْكِحُوا أَزْوَاجَهُ
مِنْ بَعْدِهِ أَبَدًا ۚ
إِنَّ ذِكْرَكُمْ كَانَ عِنْدَ اللَّهِ عَظِيمًا ۝

৫৪- إِنْ تُبْدُوا شَيْئًا أَوْ تُخْفَوْهُ
فَإِنَّ اللَّهَ كَانَ بِكُلِّ شَيْءٍ عَلِيمًا ۝

৫৬. নিশ্চয় আল্লাহ্ অনুগ্রহ করেন এবং তাঁর ফিরিশ্কারা দু'আ করেন নবীর জন্য। ওহে যারা ঈমান এনেছ! তোমরা দুরুদ পাঠ কর তাঁর প্রতি এবং যথাযথভাবে সালাম পেশ কর।

৫৭. নিশ্চয় যারা কষ্ট দেয় আল্লাহ্ ও তাঁর রাসূলকে, আল্লাহ্ তাদের লা'নত করেন দুনিয়া ও আখিরাতে আর তিনি প্রস্তুত রেখেছেন তাদের জন্য লাঞ্ছনাদায়ক আযাব।

৫৯. হে নবী! আপনি বলুন, আপনার স্ত্রীদের, আপনার কন্যাদের এবং মু'মিনদের নারীদের তারা যেন টেনে দেয় তাদের নিজেদের উপর চাদরের কিছু অংশ। এতে সহজতর হবে তাদের চেনা, ফলে তারা উত্ত্যক্ত হবে না। আর আল্লাহ্ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

৬০. যদি না বিরত থাকে মুনাফিরা এবং যাদের অন্তরে ব্যাধি আছে তারা আর যারা গুজব রটায় শহরে-নগরে তারা, আমি অবশ্যই আপনাকে প্রবল করব তাদের বিরুদ্ধে, তারপর তারা আপনার প্রতিবেশীরূপে এ নগরীতে অল্প সময়ই থাকবে-

৬১. অভিযুক্ত হয়ে, যেখানেই তাদের পাওয়া যাবে সেখানেই তাদের পাকড়াও করা হবে এবং হত্যা করা হবে নির্দয়ভাবে।

৬২. এরূপই ছিল আল্লাহ্র রীতি, যারা গত হয়েছে আগে, তাদের ব্যাপারেও। আর আপনি কখন পাবেন না আল্লাহ্র রীতিতে কোন পরিবর্তন।

৬৩. আপনাকে জিজ্ঞাসা করে লোকেরা কিয়ামত সম্পর্কে। বলুন : এর জ্ঞান তো কেবল আল্লাহ্রই কাছে। আর কি

৫৬- إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا ۝

৫৭- إِنَّ الَّذِينَ يُؤْذُونَ اللَّهَ وَرَسُولَهُ لَعَنَهُمُ اللَّهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَأَعَدَّ لَهُمْ عَذَابًا مُهِينًا ۝

৫৯- يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لِّأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيبِهِنَّ ۚ ذَٰلِكَ أَدْنَىٰ أَنْ يُعْرَفْنَ فَلَا يُؤْذَيْنَ ۚ وَكَانَ اللَّهُ غَفُورًا رَّحِيمًا ۝

৬০- لِّئِنْ لَّمْ يَنْتَهِ الْمُنَافِقُونَ وَالَّذِينَ فِي قُلُوبِهِمْ مَّرَضٌ وَالْمُرْجِفُونَ فِي الْمَدِينَةِ لَنُغْرِيبَنَّكَ بِهِمْ ثُمَّ لَا يُجَاوِرُونَكَ فِيهَا إِلَّا قَلِيلًا ۝

৬১- مَلْعُونِينَ ۖ أَيَّمَا تَقَفُوا أَخَذُوا وَقَتَّلُوا تَقْتِيلًا ۝

৬২- سُنَّةَ اللَّهِ فِي الَّذِينَ خَلَوْا مِنْ قَبْلُ وَلَنْ تَجِدَ لِسُنَّةِ اللَّهِ تَبْدِيلًا ۝

৬৩- يَسْأَلُكَ النَّاسُ عَنِ السَّاعَةِ ۖ قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ اللَّهِ ۖ

করে আপনি জানবেন, হয়ত কিয়ামত শিগ্গীরই হয়ে যেতে পারে।

সূরা সাবা, ৩৪ : ৩, ৬, ৭, ৮, ২৮, ২৯, ৩০, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০

৩. আর কাফিররা বলে, আসবে না আমাদের কাছে কিয়ামত। আপনি বলুন : হাঁ, আসবেই, কসম আমার রবের! অবশ্যই তা আসবে তোমাদের কাছে। তিনি সম্যক অবহিত গায়েব সম্বন্ধে। তাঁর অগোচর নয় অণু পরিমাণ কিছু আসমানে আর না যমীনে, কিংবা তার চাইতে ক্ষুদ্র অথবা বড়, তার প্রত্যেকটি রয়েছে সুস্পষ্ট কিতাবে।

৬. আর যাদের জ্ঞান দেওয়া হয়েছে তারা জানে, যা নাযিল করা হয়েছে আপনার প্রতি আপনার রবের তরফ থেকে তা সত্য আর তা পথ দেখায় পরাক্রমশালী, প্রশংসিত আল্লাহ্ দিকে।

৭. আর যারা কুফরী করেছে তারা বলে, আমরা কি সন্ধান দেব তোমাদের এমন এক ব্যক্তির, যে তোমাদের বলে, যখন তোমরা সম্পূর্ণরূপে চূর্ণ-বিচূর্ণ হয়ে যাবে, তখন তোমরা এক নতুন সৃষ্টিরূপে আবার উত্থিত হবে?

৮. সে কি মিথ্যা উদ্ভাবন করে আল্লাহ্ সম্বন্ধে অথবা সে কি পাগল? বস্তুত যারা ঈমান রাখে না আখিরাতের প্রতি, তারা তো রয়েছে আযাবে ও ঘোরতর গুমরাহীতে।

২৮. আর আমি তো পাঠিয়েছি আপনাকে সমগ্র মানব জাতির জন্য সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

وَمَا يُدْرِيكَ لَعَلَّ السَّاعَةَ تَكُونُ قَرِيبًا ۝

৩- وَقَالَ الَّذِينَ كَفَرُوا لَا تَأْتِينَا السَّاعَةُ ۚ قُلْ بَلَىٰ وَرَبِّي لَتَأْتِيَنَّكُمْ ۚ عَلِيمُ الْغُيُوبِ ۚ لَا يَعْزُبُ عَنْهُ مِثْقَالُ ذَرَّةٍ فِي السَّمَوَاتِ وَلَا فِي الْأَرْضِ وَلَا أَصْغَرُ مِنْ ذَلِكَ وَلَا أَكْبَرُ إِلَّا فِي كِتَابٍ مُبِينٍ ۝

৬- وَيَرَى الَّذِينَ أُوتُوا الْعِلْمَ الَّذِي أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ هُوَ الْحَقُّ ۖ وَيَهْدِي إِلَى صِرَاطٍ الْعَزِيزِ الْحَمِيدِ ۝

৭- وَقَالَ الَّذِينَ كَفَرُوا هَلْ نَدُوكُمْ عَلَىٰ رَجُلٍ يَنْبَغِيكُمْ إِذَا مَرَّكُمْ كُلُّ مُمْرِقٍ ۚ إِنَّكُمْ لَفِي خَلْقٍ جَدِيدٍ ۝

৮- أَفَتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا أَمْ بِهِ جِنَّةٌ ۚ بَلِ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ فِي الْعَذَابِ وَالضَّلَالِ الْبَعِيدِ ۝

২৮- وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا كَافَّةً لِّلنَّاسِ بَشِيرًا وَنَذِيرًا ۚ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ۝

২৯. আর তারা বলে, কখন এ ওয়াদা বাস্তবায়িত হবে বল, যদি তোমরা সত্যবাদী হও।

৩০. বলুন : তোমাদের জন্য আছে নির্ধারিত দিন, যা তোমরা বিলম্বিত করতে পারবে না মুহূর্তকালও আর না ত্বরান্বিত করতে পারবে।

৪৩. আর যখন তিলাওয়াত করা হয় তাদের কাছে আমার সুস্পষ্ট আয়াতসমূহ, তখন তারা বলে, এ ব্যক্তি তো চায় বাধা দিতে তোমাদের পূর্ব পুরুষরা যার ইবাদত করত তাতে। আর তারা আরো বলে, এ তো মিথ্যা উদ্ভাবন ছাড়া আর কিছু নয় এবং যারা কুফরী করেছে তাদের কাছে যখন সত্য আসে, তখন তারা বলে, এতো এক সুস্পষ্ট যাদু।

৪৪. আমি দেইনি তাদের এর আগে কোন কিতাব, যা তারা পাঠ করত এবং আমি পাঠাইনি তাদের কাছে আপনার আগে কোন সতর্ককারী।

৪৫. আর অস্বীকার করেছিল তাদের পূর্ববর্তীরাও। আমি তাদের যা দিয়েছিলাম এরা তার দশভাগের এক ভাগও পায়নি, তবুও তারা অস্বীকার করেছে আমার রাসূলদের। ফলে কত ভয়ঙ্কর হয়েছিল আমার শাস্তি।

৪৬. আপনি বলুন, আমি তোমাদের একটি বিষয়ে উপদেশ দিচ্ছি : তোমরা দাঁড়াও আল্লাহর উদ্দেশ্যে দু' দু'জন ও এক একজন করে, এরপর চিন্তা কর, নেই তোমাদের এই সাথীর মাঝে আদৌ কোন পাগলামী। তিনি তো একজন সতর্ককারী, তোমাদের জন্য আসন্ন কঠিন শাস্তি সম্পর্কে।

২৯- وَيَقُولُونَ مَتَى هَذَا الْوَعْدُ
إِنْ كُنْتُمْ صَادِقِينَ ○

৩০- قُلْ لَكُمْ مِيعَادُ يَوْمٍ لَا تَسْتَخِرُونَ
عَنْهُ سَاعَةً وَلَا تَسْتَقْدِرُونَ ○

৪৩- وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ
قَالُوا مَا هَذَا إِلَّا رَجُلٌ يُرِيدُ أَنْ يَصُدَّكُمْ
عَمَّا كَانُوا يَعْبُدُ آبَاءَكُمْ ○
وَقَالُوا مَا هَذَا إِلَّا آفَكٌ مَقْتَرَى ○
وَقَالَ الَّذِينَ كَفَرُوا لِلْحَقِّ لَمَّا جَاءَهُمْ
إِنْ هَذَا إِلَّا سِحْرٌ مُبِينٌ ○

৪৪- وَمَا آتَيْنَاهُمْ مِنْ كِتَابٍ يَذْرُؤُوهَا
وَمَا أَرْسَلْنَا إِلَيْهِمْ قَبْلَكَ مِنْ نَذِيرٍ ○

৪৫- وَكَذَّبَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ
وَمَا بِالْعُقُومِ مُعْشَارٌ
مَا آتَيْنَاهُمْ فَكَذَّبُوا رُسُلِي
فَكَيْفَ كَانَ نَكِيرِ ○

৪৬- قُلْ إِنَّمَا أَعِظُكُمْ بِوَاحِدَةٍ ○
أَنْ تَقُومُوا لِلَّهِ مِثْلِيَ وَفَرَادَى
ثُمَّ تَتَفَكَّرُونَ ○ مَا بِصَاحِبِكُمْ مِنْ جِنَّةٍ ○
إِنْ هُوَ إِلَّا نَذِيرٌ لَكُمْ
بَيْنَ يَدَيْ عَذَابٍ شَدِيدٍ ○

৪৭. বলুন : যে বিনিময় আমি চাই তোমাদের কাছে তা তো তোমাদেরই জন্য। আমার বিনিময় তো আল্লাহর কাছে এবং তিনি সর্ববিষয়ে সম্যক দ্রষ্টা।
৪৮. বলুন : আমার রব তো সত্য নাযিল করেন, তিনি তো গায়েব সম্বন্ধে সবিশেষ অবহিত।
৪৯. বলুন : এসেছে সত্য, আর অসত্য সে তো পারে না নতুন কিছু সৃষ্টি করতে আর না পারে কোন কিছু পুনরাবৃত্তি করতে।
৫০. বলুন : আমি যদি গুমরাহ হই, তবে এই গুমরাহীর পরিণাম তো আমারই আর যদি হিদায়েতের উপর থাকি, তবে তা এ জন্য যে, আমার প্রতি ওহী করেন আমার রব। তিনি তো সব শোনেন, সল্লিকট।

সূরা ফাতির, ৩৫ : ৪, ৮, ২২, ২৩, ২৪, ২৫, ৩১

৪. আর যদি তারা অস্বীকার করে আপনাকে, তবে তো অস্বীকার করা হয়েছিল রাসূলদের আপনার আগেও। আর আল্লাহরই কাছে ফিরিয়ে আনা হবে সব কিছু।
৮. যদি কাউকে তার মন্দকাজ শোভন করে দেখানো হয়, আর সে তা উত্তম মনে করে সে কি তার সমান, যে নেককাজ করে? আল্লাহ গুমরাহ করেন যাকে চান এবং হিদায়েত দান করেন যাকে চান। অতএব আপনার প্রাণ যেন ধ্বংস না হয় তাদের ব্যাপারে আক্ষেপ করে। নিশ্চয় আল্লাহ সব জানেন, তারা যা করে তা।
২২. আর সমান নয় জীবিত ও মৃত। নিশ্চয় আল্লাহ শোনান যাকে চান। আর আপনি

৫৭- قُلْ مَا سَأَلْتُكُمْ مِنْ أَجْرٍ فَهُوَ لَكُمْ ۚ

إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى اللَّهِ ۚ

وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدٌ ۝

৫৮- قُلْ إِنْ رَبِّي يَقْذِفُ بِالْحَقِّ

عَلَامَ الْغُيُوبِ ۝

৫৯- قُلْ جَاءَ الْحَقُّ

وَمَا يُبْدِئُ الْبَاطِلُ وَمَا يُعِيدُ ۝

৫০- قُلْ إِنْ ضَلَلْتُ فَإِنَّمَا أَضِلُّ عَلَى نَفْسِي ۚ

وَإِنْ اهْتَدَيْتُ فَبِمَا يُوحِي إِلَيَّ رَبِّي ۚ

إِنَّهُ سَمِيعٌ قَرِيبٌ ۝

৫- وَإِنْ يُكَذِّبُوكَ فَقَدْ كَذَّبَتْ

رُسُلٌ مِنْ قَبْلِكَ ۚ

وَإِلَى اللَّهِ تُرْجَعُ الْأُمُورُ ۝

৮- أَفَمَنْ رَزَقْنَاهُ سَوْءَ عَمَلٍ فَرَأَاهُ حَسَنًا ۚ

فَإِنَّ اللَّهَ يُضِلُّ مَنْ يَشَاءُ

وَيَهْدِي مَنْ يَشَاءُ ۚ

فَلَا تَذْهَبْ نَفْسُكَ عَلَيْهِمْ حَسْرَتٍ ۚ

إِنَّ اللَّهَ عَلِيمٌ بِمَا يَصْنَعُونَ ۝

২২- وَمَا يَسْتَوِي الْأَحْيَاءُ وَلَا الْأَمْوَاتُ ۚ

গুনাতে পারেন না তাদের, যারা রয়েছে কবরে।

২৩. আপনি তো একজন সতর্ককারী মাত্র।
২৪. আমি তো পাঠিয়েছি আপনাকে সত্যসহ একজন সুসংবাদদাতা ও সতর্ককারী-রূপে। আর নেই এমন কোন জাতি যার কাছে আসেনি কোন সতর্ককারী।
২৫. আর তারা যদি আপনাকে অস্বীকার করে, তবে তো অস্বীকার করেছিল তাদের পূর্ববর্তীরাও। তাদের কাছে এসেছিল তাদের রাসূলগণ সুস্পষ্ট নিদর্শন, সহীফা ও উজ্জ্বল কিতাব নিয়ে।
৩১. আর আমি আপনার প্রতি যে কিতাব নাযিল করেছি তা সত্য, যা সমর্থক পূর্ববর্তী কিতাবের। নিশ্চয় আল্লাহ তার বান্দাদের সম্বন্ধে সম্যক অবহিত, সর্বদৃষ্ট।

সূরা ইয়াসীন, ৩৬ : ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ৬৯, ৭০, ৭৬

১. ইয়া-সীন,
২. কসম কুরআনে-হাকীমের,
৩. অবশ্যই আপনি তো একজন রাসূল,
৪. আপনি আছেন সরল সঠিক পথে।
৫. এ কুরআন নাযিল করা হয়েছে পরাক্রমশালী, পরম দয়ালু আল্লাহর তরফ থেকে,
৬. যাতে আপনি সতর্ক করতে করতে পারেন এমন এক কাওমকে, যাদের পিতৃপুরুষদের সতর্ক করা হয়নি, ফলে তারা গাফিল।
৭. অবধারিত হয়েছে তাদের অধিকাংশের উপর আল্লাহর বাণী, ফলে তারা ঈমান আনবে না।

إِنَّ اللَّهَ يُسْمِعُ مَنْ يُشَاءُ
وَمَا أَنْتَ بِمُسْمِعٍ مَنْ فِي الْقُبُورِ

২৩- إِنْ أَنْتَ إِلَّا نَذِيرٌ
২৪- إِنَّا أَرْسَلْنَاكَ بِالْحَقِّ بَشِيرًا وَنَذِيرًا
وَإِنْ مِنْ أُمَّةٍ إِلَّا خَلَا فِيهَا نَذِيرٌ

২৫- وَإِنْ يُكَذِّبُوكَ فَقَدْ كَذَّبَ الَّذِينَ
مِنْ قَبْلِهِمْ جَاءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنَاتِ
وَبِالزُّبُرِ وَبِالْكِتَابِ الْمُنِيرِ

৩১- وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ مِنَ الْكِتَابِ
هُوَ الْحَقُّ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ
إِنَّ اللَّهَ بِعِبَادِهِ لَخَبِيرٌ بَصِيرٌ

১- يُسْ

২- وَالْقُرْآنِ الْحَكِيمِ

৩- إِنَّكَ لَمِنَ الْمُرْسَلِينَ

৪- عَلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ

৫- تَنْزِيلَ الْعَزِيزِ الرَّحِيمِ

৬- لِيُنذِرَ قَوْمًا مِمَّا أَنْذَرَ آبَاؤُهُمْ

فَهُمْ غَافِلُونَ

৭- لَقَدْ حَقَّ الْقَوْلُ عَلَى أَكْثَرِهِمْ

فَهُمْ لَا يُؤْمِنُونَ

৮. আমি তো পরিয়ে দিয়েছি তাদের গলদেশে চিবুক পর্যন্ত বেড়ি, ফলে তারা উর্ধমুখী হয়ে গেছে।
৯. আর আমি স্থাপন করেছি তাদের সামনে প্রাচীর এবং তাদের পেছনেও প্রাচীর; আর তাদের আমি আচ্ছন্ন করে দিয়েছি; ফলে তারা দেখতে পায় না।
১০. আর আপনি তাদের সতর্ক করুন, আর না-ই করুন, উভয়ই তাদের জন্য সমান, তারা ঈমান আনবে না।
১১. আপনি তো কেবল তাকেই সতর্ক করতে পারেন, যে মেনে চলে উপদেশ এবং ভয় করে আল্লাহকে না দেখে। অতএব আপনি তাকে সুসংবাদ দিন ক্ষমা ও মহা-পুরস্কারের।
৬৯. আর আমি শিখাইনি তাকে (রাসূলুল্লাহকে) কবিতা এবং তার জন্য এটা শোভনীয় নয়। এতো কেবল এক উপদেশ এবং সুস্পষ্ট কুরআন।
৭০. যাতে তিনি সতর্ক করতে পারেন তাকে যে জীবিত এবং যাতে সত্য বলে সাব্যস্ত হতে পারে কাফিরদের বিরুদ্ধে শাস্তির কথা।
৭৬. আর আপনাকে যেন দুঃখ না দেয় তাদের কথা। আমি তো জানি, যা তারা গোপন করে এবং যা তারা প্রকাশ করে।
- সূরা সোয়াদ, ৩৮ : ২৯, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৮৬, ৮৭, ৮৮
২৯. এ কিতাব, যা আমি আপনার প্রতি নাযিল করেছি, তা বরকতময়। যাতে মানুষ অনুধাবন করে এর আয়াতসমূহ এবং উপদেশ গ্রহণ করে বোধশক্তি-সম্পন্ন লোকেরা।

- ৮- إِنْ جَعَلْنَا فِيْ أَعْنَاقِهِمْ أَغْلَالًا
فَرَى إِلَى الْأَذْقَانِ فَهُمْ مُّقْمَحُونَ
وَجَعَلْنَا مِنْ بَيْنِ أَيْدِيهِمْ سَدًّا
وَمِنْ خَلْفِهِمْ سَدًّا
فَأَعْشَيْنَاهُمْ فَهُمْ لَا يُبْصِرُونَ
○ ১- وَسَوَاءٌ عَلَيْهِمْ ءَأَنذَرْتَهُمْ
أَمْ لَمْ تُنذِرْهُمْ لَا يُؤْمِنُونَ
○ ১১- إِمَّا تُنذِرُ مَنِ اتَّبَعَ الذِّكْرَ
وَخَشِيَ الرَّحْمَنَ الْغَيْبَ
فَبَشِّرْهُ بِغُفْرَةٍ وَأَجْرٍ كَرِيمٍ
○ ৬৯- وَمَا عَلَّمْنَاهُ الشِّعْرَ وَمَا يَنْبَغِي لَهُ
إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ وَقُرْآنٌ مُّبِينٌ
○ ৭০- لَيُنْذِرَ مَنْ كَانَ حَيًّا
وَيَحِقُّ الْقَوْلُ عَلَى الْكَافِرِينَ
○ ৭৬- فَلَا يَحْزُنكَ قَوْلُهُمْ مَا إِنَّا نَعْلَمُ
مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ
○ ২৯- كِتَابٌ أَنْزَلْنَاهُ إِلَيْكَ مُبَارَكٌ لِيَدَّبَّرُوا آيَاتِهِ
وَلِيَتَذَكَّرَ أُولُوا الْأَلْبَابِ
○

৬৫. বলুন : আমি তো একজন সতর্ককারী
মাত্র। আর নেই কোন ইলাহ্ আল্লাহ্
ছাড়া, যিনি এক প্রবল প্রতাপশালী।
৬৬. যিনি রব আসমান ও যমীন এবং এ
দু'য়ের মাঝে যা কিছু আছে তার, যিনি
পরাক্রমশালী, মহাক্রমশালী।
৬৭. আপনি বলুন ইহা এক মহাসংবাদ,
৬৮. তোমরা যা থেকে মুখ ফিরিয়ে নিচ্ছ।
৬৯. আমার কোন জ্ঞান ছিল না সর্বোচ্চ
জগত সম্পর্কে, যখন ফিরিশ্‌তারা
বাদানুবাদ করেছিল।
৭০. আমার কাছে এ ওহী করা হয় যে, আমি
তো একজন স্পষ্ট সতর্ককারী।
৮৬. বলুন : আমি চাই না তোমাদের কাছে
এর জন্য কোন প্রতিদান এবং নই আমি
বানোয়াটকারীদের অন্তর্ভুক্ত।
৮৭. এ কুরআন তো উপদেশ মাত্র সারা
জাহানের জন্য।
৮৮. আর অবশ্যই তোমরা অবগত হবে এর
সংবাদ কিছুকাল পরে।
- সূরা যুমার, ৩৯ : ১, ২, ১০, ১১, ১২, ১৩,
১৪, ১৫, ৩০, ৩১, ৩৬, ৩৭, ৩৮,
৩৯, ৪০, ৪১, ৬৪, ৬৫, ৬৬
১. নাযিল করা হয়েছে এ কিতাব আল্লাহ্র
তরফ থেকে, যিনি পরাক্রমশালী,
হিক্মতওয়ালা।
২. নিশ্চয় আমি নাযিল করেছি এ কিতাব
আপনার প্রতি সত্যসহ, সূতরাং ইবাদত
করুন আল্লাহ্র, তাঁর আনুগত্যে
বিশুদ্ধচিত্ত হয়ে।
১০. আপনি বলে দিন : হে আমার বান্দারা,
যারা ঈমান এনেছ। তোমরা ভয় কর
তোমাদের রবকে। যারা উত্তম কাজ

- ৬৫- قُلْ إِنَّمَا أَنَا مُنذِرٌ
وَمَا مِن إِلَهٍ إِلَّا اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ ○
- ৬৬- رَبِّ السَّمَوَاتِ وَالْأَرْضِ
وَمَا بَيْنَهُمَا الْعَزِيزُ الْغَفَّارُ ○
- ৬৭- قُلْ هُوَ نَبَأٌ عَظِيمٌ
৬৮- أَنْتُمْ عَنْهُ مُعْرِضُونَ ○
- ৬৯- مَا كَانَ لِي مِنْ عِلْمٍ بِالْمَلَأِ الْأَعْلَى
إِذْ يَخْتَصِمُونَ ○
- ৭০- إِنْ يُوْحَىٰ إِلَيَّ إِلَّا أَنَّمَا أَنَا
نَذِيرٌ مُّبِينٌ ○
- ৮৬- قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ
وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ ○
- ৮৭- إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ لِلْعَالَمِينَ ○
- ৮৮- وَلَتَعْلَمَنَّ نَبَأَهُ بَعْدَ حِينٍ ○

- ১- تَنْزِيلُ الْكِتَابِ مِنَ اللَّهِ
الْعَزِيزِ الْحَكِيمِ ○
- ২- إِنَّا أَنْزَلْنَاهُ إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ
فَاعْبُدِ اللَّهَ مُخْلِصًا لَهُ الدِّينَ ○
- ১০- قُلْ يُعْبَادُ الَّذِينَ
أَمَنُوا اتَّقُوا رَبَّكُمْ

করে এ দুনিয়ায়, তাদের জন্য রয়েছে কল্যাণ আর আল্লাহর যমীন প্রশস্ত। বস্তুত পরিপূর্ণ পুরস্কার দেয়া হবে সবারকারীদের অপরিমিত।

১১. বলুন : আমি তো আদিষ্ট হয়েছি ইবাদত করতে আল্লাহর, তাঁর আনুগত্যে বিশুদ্ধচিত্ত হয়ে,
১২. আরো আদিষ্ট হয়েছি যে, আমি যেন হই প্রথম মুসলিম।
১৩. বলুন : আমি ভয় করি মহাদিনের শাস্তির, যদি আমি অবাধ্য হই আমার রবের।
১৪. আপনি বলুন : আল্লাহরই আমি ইবাদত করি, তাঁর প্রতি আমার আনুগত্যকে একনিষ্ঠ রেখে।
১৫. আর তোমরা ইবাদত কর, যার ইচ্ছা তার, আল্লাহর পরিবর্তে। বলুন : নিশ্চয় ক্ষতিগ্রস্ত তরাই, যারা ক্ষতি করে নিজেদের ও নিজেদের পরিবার বর্গের, কিয়ামতের দিন। জেনে রাখ, এটাই সুস্পষ্ট ক্ষতি।
৩০. আপনি তো মরণশীল এবং তারাও মরণশীল।
৩১. অবশেষে তোমরা কিয়ামতের দিন, তোমাদের রবের সামনে বাক বিতণ্ডা করবে।
৩৬. আল্লাহ কি যথেষ্ট নন তাঁর বান্দার জন্য ? অথচ তারা আপনাকে ভয় দেখায় আল্লাহর পরিবর্তে অপরের। আর যাকে পথভ্রষ্ট করেন আল্লাহ, নেই তার জন্য কো পথপ্রদর্শক।
৩৭. আর যাকে হিদায়েত দান করেন আল্লাহ, নেই তার জন্য কোন পথ-ভ্রষ্টকারী। আল্লাহ কি পরাক্রমশালী, শাস্তিদাতা নন ?

- لِّلَّذِينَ أَحْسَنُوا فِي هَذِهِ الدُّنْيَا حَسَنَةٌ ۗ وَأَرْضُ اللَّهِ وَاسِعَةٌ ۚ
- إِنَّمَا يُؤَيِّتُ الصَّابِرُونَ أَجْرَهُمْ بِغَيْرِ حِسَابٍ ۝
- ১১- قُلْ إِنِّي أُمِرْتُ أَنْ أَعْبُدَ اللَّهَ مُخْلِصًا لَهُ الدِّينَ ۝
- ১২- وَأُمِرْتُ لِأَنْ أَكُونَ أَوَّلَ الْمُسْلِمِينَ ۝
- ১৩- قُلْ إِنِّي أَخَافُ إِنْ عَصَيْتُ رَبِّي عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ۝
- ১৪- قُلِ اللَّهُ أَعْبُدْ مُخْلِصًا لَهُ دِينِي ۝
- ১৫- فَاعْبُدُوا مَا شِئْتُمْ مِنْ دُونِهِ ۚ قُلْ إِنَّ الْخَاسِرِينَ الَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ وَأَهْلِيَهُمْ يَوْمَ الْقِيَمَةِ ۚ أَلَا ذَٰلِكَ هُوَ الْخُسْرَانُ الْمُبِينُ ۝
- ৩০- إِنَّكَ مَيِّتٌ وَإِنَّهُمْ مَيِّتُونَ ۝
- ৩১- ثُمَّ إِنَّكُمْ أَنْتُمْ يَوْمَ الْقِيَمَةِ عِنْدَ رَبِّكُمْ تَخْتَصِمُونَ ۝
- ৩৬- أَلَيْسَ اللَّهُ بِكَافٍ عَبْدَهُ وَيُخَوِّفُونَكَ بِالَّذِينَ مِنْ دُونِهِ ۚ وَمَنْ يُضِلِلِ اللَّهُ فَمَا لَهُ مِنْ هَادٍ ۝
- ৩৭- وَمَنْ يَهْدِ اللَّهُ فَمَا لَهُ مِنْ مُضِلٍّ ۚ أَلَيْسَ اللَّهُ بِعَزِيزٍ ذِي انْتِقَامٍ ۝

৩৮. আর আপনি যদি তাদের জিজ্ঞেস করেন : কে সৃষ্টি করেছে আসমান ও যমীন ? তারা অবশ্যই বলবে : আল্লাহ্ । আপনি বলুন, তোমরা কি ভেবে দেখেছ, তোমরা যাদের পূজা কর আল্লাহকে বাদ দিয়ে, আল্লাহ্ আমার কোন অনিষ্ট করতে চাইলে, তারা কি সে অনিষ্ট দূর করতে পারবে ? অথবা আল্লাহ্ আমার প্রতি কোন অনুগ্রহ করতে চাইলে, তারা কি সে অনুগ্রহ ঠেকাতে পারবে ? বলুন : আল্লাহ্ই আমার জন্য যথেষ্ট । তাঁরই উপর ভরসা করে নির্ভরকারীরা ।

৩৯. আপনি বলুন : হে আমার কাওম! তোমরা কাজ করতে থাক নিজনিজ স্থানে থেকে আমিও কাজ করছি । অচিরেই তোমরা জানতে পারবে—

৪০. কার উপর আসবে লাঞ্ছনাদায়ক শাস্তি, আর আপতিত হবে কার উপর স্থায়ী শাস্তি ।

৪১. আমি তো নাযিল করেছি আপনার প্রতি এ কিতাব লোকদের জন্য সত্যসহ । আর যে কেউ সৎপথ অবলম্বন করে, সে তো করে নিজেই জন্য । আর যে বিপথগামী হয়, সে তো বিপথগামী হয় নিজেই ধ্বংসের জন্য এবং আপনি তাদের যিহাদার নন ।

৬৪. আপনি বলুন : হে মূর্খরা ! তোমরা কি আমাকে হুকুম করছ ইবাদত করতে আল্লাহ্ ছাড়া অন্যের ?

৬৫. আর অবশ্যই ওহী করা হয়েছে আপনার প্রতি এবং আপনার পূর্ববর্তীদের প্রতি যদি আপনি শরীক করেন আল্লাহ্ সাথে, অবশ্যই নিষ্ফল হয়ে যাবে আপনার কাজ এবং অবশ্যই আপনি শামিল হবেন ক্ষতিগ্রস্তদের ।

৩৮- وَلَئِنْ سَأَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ لَيَقُولُنَّ اللَّهُ ۚ قُلْ أَفَرَأَيْتُمْ مَا تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ إِنْ أَرَادَنِيَ اللَّهُ بِضُرٍّ هَلْ هُنَّ كَاشِفَاتُ ضُرِّهِ أَوْ أَرَادَنِيَ بِرَحْمَةٍ هَلْ هُنَّ مُمْسِكَتُ رَحْمَتِهِ ۚ قُلْ حَسْبِيَ اللَّهُ ۚ عَلَيْهِ يَتَوَكَّلُ الْمُتَوَكِّلُونَ ۝

৩৯- قُلْ يَقَوْمِ اعْمَلُوا عَلَىٰ مَكَانَتِكُمْ إِنِّي عَامِلٌ ۚ فَسَوْفَ تَعْلَمُونَ ۝

৪০- مَنْ يَأْتِيهِ عَذَابٌ يُخْزِيهِ وَيَحِلُّ عَلَيْهِ عَذَابٌ مُّقِيمٌ ۝

৪১- إِنَّا أَنْزَلْنَاهُ عَلَيْكَ الْكِتَابَ لِلنَّاسِ بِالْحَقِّ ۚ فَمَنِ اهْتَدَىٰ فَلِنَفْسِهِ ۚ وَمَنْ ضَلَّٰ فَإِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۚ وَمَا أَنْتَ عَلَيْهِمْ بِوَكِيلٍ ۝

৬৪- قُلْ أَفَغَيْرَ اللَّهِ تَأْمُرُونِي أَعْبُدُ أَيُّهَا الْجَاهِلُونَ ۝

৬৫- وَلَقَدْ أَوْحَىٰ إِلَيْكَ وَإِلَى الَّذِينَ مِنْ قَبْلِكَ لَئِنْ أَشْرَكَتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ ۝

৬৬. অতএব আপনি ইবাদত করুন আল্লাহ্রই এবং হন শোকরগুয়ারদের শামিল।

সূরা মু'মিন, ৪০ : ৬৬, ৭৭, ৭৮

৬৬. আপনি বলুন : আমাকে নিষেধ করা হয়েছে ইবাদত করতে তাদের, যাদের তোমরা পূজা কর আল্লাহকে ছেড়ে যখন এসেছে আমার কাছে স্পষ্ট নিদর্শন আমার রবের তরফ থেকে। আর আমি আদিষ্ট হয়েছি আত্মসমর্পণ করতে রাব্বুল আলামীনের কাছে।

৭৭. অতএব আপনি সর্ব করুন। আল্লাহ্র ওয়াদা তো সত্য। যদি আপনাকে আমি দেখিয়ে দেই, যে ওয়াদা আমি আপনাকে দেই, তার কতক অথবা আপনাকে মৃত্যু দেই, তবে আমারই কাছে তো প্রত্যাবর্তন।

৭৮. আর আমি তো পাঠিয়েছি আপনার আগে অনেক রাসূল, যাদের কতকের কথা আমি বিবৃত করেছি আপনার কাছে এবং কতকের কথা বিবৃত করিনি আপনার কাছে আর কোন রাসূলের কাজ নয় যে, সে উপস্থিত করবে কোন মু'জিয়া আল্লাহ্র অনুমতি ছাড়া। যখন আসবে আল্লাহ্র আদেশ, তখন ফয়সালা হয়ে যাবে ন্যায়সঙ্গতভাবে। আর ক্ষতিগ্রস্ত হবে তখন বাতিলপন্থীরা।

সূরা হা-মীম আস্ সাজ্জাদা, ৪১ : ৬, ৭, ৪৩, ৪৪, ৫২, ৫৩

৬. বলুন : আমি তো তোমাদেরই মত একজন মানুষ, আমার প্রতি ওহী হয় যে, তোমাদের ইলাহ্ তো এক ইলাহ্। অতএব তোমরা দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত থাক তাঁর পথে এবং ক্ষমা প্রার্থনা কর তাঁরই কাছে। আর দুর্ভোগ মুশরিকদের জন্য,

৬৬- بَلِ اللّٰهُ فَاَعْبُدْ وَكُنْ مِنَ الشّٰكِرِيْنَ ۝

৬৬- قُلْ اِنِّیْ نُهَيْتُ اَنْ اَعْبُدَ الَّذِیْنَ

تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ

لَمَّا جَاءَنِیْ الْبَیِّنَاتُ مِنْ رَبِّیْ ۝

وَ اُمِرْتُ اَنْ اُسَلِّمَ لِرَبِّ الْعٰلَمِیْنَ ۝

৭৭- فَاَصْبِرْ ۚ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ ۝

فَاِمَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِیْ نَعِدُهُمْ

اَوْ نَتَوَفَّيَنَّكَ

فَاِلَیْنَا یُرْجَعُوْنَ ۝

৭৮- وَ لَقَدْ اَرْسَلْنَا رُسُلًا مِنْ قَبْلِكَ

مِنْهُمْ مَنْ قَصَصْنَا عَلَیْكَ

وَمِنْهُمْ مَنْ لَّمْ نَقْصُصْ عَلَیْكَ ۝

وَمَا كَانَ لِرَسُولٍ اَنْ یَّاتِیَ بِآیَةٍ

اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۚ فَاِذَا جَاءَ اَمْرُ اللّٰهِ

قَضٰی بِالْحَقِّ

وَ خَسِرَ هُنَالِكَ الْمُبْطِلُوْنَ ۝

৬- قُلْ اِنَّمَا اَنَا بَشَرٌ مِّثْلُكُمْ یُوحٰی اِلَیَّ

اِنَّمَا الْهُكْمُ لِلّٰهِ وَ اَحَدٌ فَاسْتَغِیْمُوْا

اِلَیْهِ وَ اسْتَغْفِرُوْهُ ۝

وَ وِیْلٌ لِّلْمُشْرِکِیْنَ ۝

৭. যারা যাকাত দেয় না এবং তারা আখিরাতেও অবিশ্বাসী।
৪৩. আপনার সম্বন্ধে তো তা-ই বলা হয়, যা বলা হত আপনার পূর্ববর্তী রাসূলদের সম্পর্কে। নিশ্চয় আপনার রব পরম ক্ষমাশীল, কঠিন শাস্তিদাতা।
৪৪. আর যদি আমি করতাম এ কুরআনকে আজমী, তাহলে অবশ্যই তারা বলত, কেন বিশদভাবে বিবৃত করা হয়নি এর আয়াতসমূহ? কি আশ্চর্য, এ কুরআন আজমী, আর নবী আরবী! বলুন: এ কুরআন মু'মিনদের জন্য হিদায়েত ও শিক্ষা। আর যারা ঈমান আনেনি, তাদের কানে রয়েছে বধিরতা এবং এ কুরআন তাদের জন্য অন্ধত্ব। এরা এমন যে, যেন এদের ডাকা হচ্ছে বহু দূর থেকে।
৫২. আপনি বলুন: তোমরা কি ভেবে দেখেছ, যদি এ কুরআন আল্লাহর তরফ থেকে এসে থাকে এবং তোমরা তা প্রত্যাখ্যান কর, তবে তার চাইতে অধিক বিভ্রান্ত কে, যে রয়েছে ঘোর বিরুদ্ধাচরণে?
৫৩. অবশ্যই আমি তাদের দেখাব আমার নিদর্শনাবলী দিক-দিগন্তে এবং তাদের নিজেদের মাঝেও, ফলে সুস্পষ্ট হয়ে উঠবে তাদের কাছে যে, এ কুরআনই সত্য। এটা কি যথেষ্ট নয় আপনার রব সম্পর্কে যে, তিনি সর্ববিষয়ে সম্যক অবহিত?
- সূরা শূরা, ৪২ : ৩, ৭, ১০, ১৫, ২৩, ২৪, ৪৮, ৫২, ৫৩
৩. এভাবেই পরাক্রমশালী প্রজ্ঞাময় আল্লাহ ওহী করেন আপনার প্রতি এবং আপনার পূর্ববর্তীদের প্রতি।

- ৭- الَّذِينَ لَا يُؤْتُونَ الزَّكَاةَ وَهُمْ بِالْآخِرَةِ هُمْ كَفَرُونَ ○
- ৪৩- مَا يَقَالُ لَكَ إِلَّا مَا قَدْ قِيلَ لِلرُّسُلِ مِنْ قَبْلِكَ إِنَّ رَبَّكَ لَذُو مَغْفِرَةٍ وَذُو عِقَابٍ أَلِيمٍ ○
- ৪৪- وَلَوْ جَعَلْنَاهُ قُرْآنًا أَعْجَبِيَّا لَقَالُوا لَوْلَا فَصَّلَتْ آيَاتُهُ ۖ ءَاعْجَبِي وَاعْرِي ۖ قُلْ هُوَ لِلَّذِينَ آمَنُوا هُدًى وَشَفَاءٌ ۖ وَالَّذِينَ لَا يُؤْمِنُونَ فِي آذَانِهِمْ وَقُرْوَهُ وَعَلَيْهِمْ عَمًى ۖ أُولَٰئِكَ يُنَادَوْنَ مِنْ مَّكَانٍ بَعِيدٍ ○
- ৫২- قُلْ أَرَأَيْتُمْ إِنْ كَانَ مِنْ عِنْدِ اللَّهِ ثُمَّ كَفَرْتُمْ بِهِ مَنْ أَضَلُّ مِمَّنْ هُوَ فِي شِقَاقٍ بَعِيدٍ ○
- ৫৩- سَنُرِيهِمْ آيَاتِنَا فِي الْآفَاقِ وَفِي أَنْفُسِهِمْ حَتَّىٰ يَتَبَيَّنَ لَهُمْ أَنَّهُ الْحَقُّ ۖ أَوَلَمْ يَكْفِ بِرَبِّكَ أَنَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ ○
- ৩- كَذَٰلِكَ يُوحَىٰ إِلَيْكَ وَإِلَى الَّذِينَ مِنْ قَبْلِكَ ۖ اللَّهُ الْعَزِيزُ الْحَكِيمُ ○

৭. আর এভাবেই আমি ওহী করেছি আপনার প্রতি কুরআন আরবী ভাষায়, যাতে আপনি সতর্ক করতে পারেন মক্কা ও এর চারপাশের জনগণকে এবং সতর্ক করতে পারেন কিয়ামতের দিন সম্পর্কে, যাতে নেই কোন সন্দেহ। সেদিন একদল জান্নাতে এবং একদল জাহান্নামে প্রবেশ করবে।

১০. আর তোমরা যে বিষয়ে মতভেদ কর না কেন, তার ফয়সালা তো আল্লাহরই কাছে। তিনিই আল্লাহ, আমার রব, তাঁরই উপর আমি ভরসা করি এবং তাঁরই অভিমুখী আমি।

১৫. আর আপনি আহবান করুন, দীনের দিকে এবং দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত থাকুন তাতে, যেভাবে আপনি আদিষ্ট হয়েছেন, আর অনুসরণ করবেন না তাদের খেয়াল খুশীর। আর বলুন : আমি ঈমান রাখি, আল্লাহ যে কিতাব নাযিল করেছেন তাতে এবং আমি আদিষ্ট হয়েছি ন্যায়বিচার করতে তোমাদের মাঝে। আল্লাহই আমাদের রব এবং তোমাদেরও রব। আমাদের জন্য আমাদের কর্ম এবং তোমাদের জন্য তোমাদের কর্ম। নেই কোন বিবাদ আমাদের ও তোমাদের মাঝে। আল্লাহই একত্র করবেন আমাদের এবং তাঁরই কাছে আমাদের প্রত্যাবর্তন।

২৩. আল্লাহ জান্নাতের এ সুসংবাদ দেন তার সে সব বান্দাদের, যারা ঈমান আনে ও নেকআমল করে। আপনি বলুন : আমি চাই না তোমাদের কাছে এর বিনিময়ে কোন প্রতিদান সৌহার্দ ছাড়া। আর যে কেউ উত্তম কাজ করে, আমি বাড়িয়ে দেই তার জন্য তাতে কল্যাণ।

۷- وَكَذَلِكَ أَوْحَيْنَا إِلَيْكَ قُرْآنًا عَرَبِيًّا لِّتُنذِرَ أُمَّ الْقُرَىٰ وَمَنْ حَوْلَهَا وَتُنذِرَ يَوْمَ الْجُمُعَةِ لَا رَيْبَ فِيهِ ۚ فَرِيقٌ فِي الْجَنَّةِ وَفَرِيقٌ فِي السَّعِيرِ ۝

۱۰- وَمَا اخْتَلَفْتُمْ فِيهِ مِنْ شَيْءٍ فَحُكْمُهُ إِلَى اللَّهِ ۖ ذُكِّرَكُمْ اللَّهُ رَبِّي عَلَيْهِ تَوَكَّلْتُ ۖ وَإِلَيْهِ أُنِيبُ ۝

۱۵- فَلِذَاكَ فَادْعُ ۖ وَاسْتَقِمْ كَمَا أُمِرْتَ ۖ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ ۖ وَقُلْ أَمِنْتُ بِمَا أَنْزَلَ اللَّهُ مِنْ كِتَابٍ وَأُمِرْتُ لِأَعْدِلَ بَيْنَكُمْ ۖ اللَّهُ رَبُّنَا وَرَبُّكُمْ ۖ لَنَا أَعْمَالُنَا وَلَكُمْ أَعْمَالُكُمْ ۖ لَا حُجَّةَ بَيْنَنَا وَبَيْنَكُمْ ۖ اللَّهُ يَجْمَعُ بَيْنَنَا ۖ وَإِلَيْهِ الْمَصِيرُ ۝

۲۳- ذَلِكَ الْبَإْتِ يَبَشِّرُ اللَّهُ عِبَادَهُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ ۖ قُلْ لَا أَسْأَلُكُمْ عَلَيْهِ أَجْرًا إِلَّا الْمَوَدَّةَ فِي الْقُرْبَىٰ ۖ وَمَنْ يَقْتَرِفْ حَسَنَةً نَّزِدْ لَهُ فِيهَا حُسْنًا إِنَّ اللَّهَ غَفُورٌ شَكُورٌ ۝

আল্লাহ্ তো পরম ক্ষমাশীল, পরম গুণগ্রাহী।

২৪. তারা কি বলে : সে (মুহাম্মদ) আল্লাহ্ সম্পর্কে মিথ্যা উদ্ভাবন করেছে ? যদি তাই হত, তবে আল্লাহ্ মিটিয়ে দেন বাতিল এবং প্রতিষ্ঠিত করেন হক, নিজ বাণী দিয়ে। নিশ্চয় তিনি সবিশেষ অবহিত সে বিষয়ে, যা রয়েছে অন্তরে।

৪৮. তারা যদি মুখ ফিরিয়ে নেয়, তবে আমি তো পাঠাইনি আপনাকে তাদের জন্য রক্ষক করে। আপনার কাজ তো কেবল বাণী পৌছে দেয়া। আর আমি যখন আত্মদান করাই মানুষকে আমার তরফ থেকে অনুগ্রহ, তখন সে তাতে উৎফুল্ল হয় এবং যখন আপত্তি হয় তাদের উপর বিপদ আপদ, তাদের কৃতকর্মের দরুন, তবে মানুষ তো অতিশয় অকৃতজ্ঞ।

إِنْ كُنَّا نَحْنُ الْغَالِبِينَ ○
- ১১৪-قَالَ نَعَمْ
وَأَنْتُمْ لِمَنِ الْمَقَرِّينَ ○
- ১১৫-قَالُوا يَٰمُوسَىٰ إِمَّا أَنْ تَتْلِيَّ
وَأِمَّا أَنْ نَكُونَ نَحْنُ الْمُلْقِينَ ○
- ১১৬-قَالَ األقوا
فَلَمَّا أَلْقَوْا سَحَرُوا أَعْيُنَ النَّاسِ
وَأَسْتَرْهَبُوهُمْ وَجَاءُوا بِسِحْرٍ عَظِيمٍ ○
- ১১৭-وَأَوْحَيْنَا إِلَىٰ مُوسَىٰ
أَنْ أَلْقِ عَصَاكَ ۚ فَإِذَا
هِيَ تَلْقَفُ مَا يَأْفِكُونَ ○
- ১১৮-فَوَقَعَ الْحَقُّ
وَبَطَلَ مَا كَانُوا يَعْمَلُونَ ○
- ১১৯-فَغُلِبُوا هُنَاكَ
وَانْقَلَبُوا صَغِيرِينَ ○
- ১২০-وَأَلْقَى السَّحَرَةُ سُجُودًا
قَالُوا آمَنَّا بِرَبِّ الْعَالَمِينَ ○

১২২. যিনি রব মূসা ও হারুনের।

১২৩. ফির'আওন বলল : তবে কি তোমরা তার প্রতি ঈমান আনলে আমার অনুমতি দেয়ার আগেই ? এটা তো এক চক্রান্ত, যা তোমরা এ শহরে বসে করেছ, যাতে তোমরা নগরবাসীদের তা থেকে বের করে দিতে পার। সুতরাং অচিরেই তোমরা এর পরিণাম জানতে পারবে।

১২৪. অবশ্যই আমি কেটে ফেলব তোমাদের হাত ও তোমাদের পা বিপরীত দিক থেকে। তারপর তোমাদের সবাইকে শূলবিদ্ধ করবই।

১২৫. তারা বলল : নিশ্চয় আমরা আমাদের রবের কাছেই ফিরে যাব।

১২৬. আর তুমি তো শুধু আমাদের সাথে এ কারণেই শত্রুতা পোষণ করছ যে, আমরা ঈমান এনেছি আমাদের রবের নিদর্শনাবলীর প্রতি, যখন তা আমাদের কাছে এসেছে। হে আমাদের রব! আমাদের প্রতি ধৈর্যের দ্বার খুলে দাও এবং মুসলিম হিসাবে আমাদের মৃত্যু দাও।

১২৭. আর ফির'আওনের কাওমের সর্দাররা বলল : আপনি কি মূসা ও তার কাওমকে এভাবেই ছেড়ে দেবেন যে, তারা রাজ্যে ফাসাদ সৃষ্টি করবে এবং আপনাকে ও আপনার দেব-দেবীকে বর্জন করবে ? ফির'আওন বলল : আমি অবশ্যই তাদের পুত্রদের হত্যা করব এবং তাদের মেয়েদের জীবিত রাখব আর আমি তো তাদের উপর প্রবল।

১২৮. মূসা তার কাওমকে বলল : তোমরা আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা কর এবং

১২২- رَبِّ مُوسَى وَهَارُونَ

১২৩- قَالَ فِرْعَوْنُ اَمَنْتُمْ بِهِ قَبْلَ اَنْ اُذِنَ لَكُمْ ۚ اِنَّ هَذَا لَمَكْرٌ مَّكْرَتُوهُ فِي الْمَدِيْنَةِ لِيُخْرِجُوْا مِنْهَا اَهْلَهَا ۚ فَسَوْفَ تَعْلَمُوْنَ

১২৪- لَا تَقْطَعْنَ اَيْدِيَكُمْ وَاَرْجُلَكُمْ مِّنْ خِلَافٍ ثُمَّ لَا صَلِّبَنَّكُمْ اَجْمَعِيْنَ

১২৫- قَالُوْا اِنَّا اِلَى رَبِّنَا مُنْقَلِبُوْنَ

১২৬- وَمَا تَنْقِمُ مِنَّا اِلَّا اَنْ اٰمَنَّا بِآيٰتِ رَبِّنَا لَمَّا جَاءَتْنَا ۚ رَبَّنَا اَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَتَوَقَّنَا مُسْلِمِيْنَ

১২৭- وَقَالَ الْمَلَاۤءِ مِنْ قَوْمِ فِرْعَوْنَ اَتَذَرُ مُوسٰى وَقَوْمَهُ لِيُفْسِدُوْا فِى الْاَرْضِ وَيَذَرَكَ وَآٰلِهَتَكَ ۚ قَالَ سَنَقْتُلُ اَبْنَاءَهُمْ وَنَسْتَحْيِ نِسَاءَهُمْ وَاِنَّا فَوْقَهُمْ قَاهِرُوْنَ

১২৮- قَالَ مُوسٰى لِقَوْمِهِ اسْتَعِيْنُوْا بِاللّٰهِ

সবর কর, এ যমীন তো আল্লাহর, তিনি স্বীয় বান্দাদের মাঝে যাকে ইচ্ছা এর উত্তরাধিকারী বানিয়ে দেন। আর চূড়ান্ত সফলতা তো মুত্তাকীদের জন্য।

১২৯. তারা বলল : আমরা নির্খাতিত হয়েছি আমাদের কাছে আপনার আসার আগেও এবং আপনার আসার পরেও। মূসা বলল : অতি সন্তুর তোমাদের রব তোমাদের শত্রুদের ধ্বংস করবেন এবং যমীনে তোমাদেরকে তাদের স্থলাভিষিক্ত করবেন, তারপর তিনি লক্ষ্য করবেন তোমরা কি কর তা।

১৩০. আর আমি তো পাকড়াও করেছিলাম ফির'আওনের অনুসারীদের দুর্ভিক্ষ ও ফল ফসলের ক্ষয়ক্ষতি দিয়ে, যাতে তারা উপদেশ গ্রহণ করে।

১৩১. আর যখন কোন কিছু শুভ তাদের কাছে আসত, তখন তারা বলত : এটাই আমাদের জন্য বাঞ্ছনীয়। আর যদি কোন কিছু অশুভ তাদের উপর আপতিত হত, তখন তারা মূসা ও তার সঙ্গীদের এর জন্য অলক্ষুণে মনে করত। জেনে রাখ, তাদের অলক্ষুণের মূল কারণ আল্লাহর জানা আছে, কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।

১৩২. তারা আরো বলল : আমাদেরকে যাদু করার জন্য তুমি যত নিদর্শনই নিয়ে এসো না কেন, আমরা কিছুতেই তোমার উপর ঈমান আনব না।

১৩৩. তারপর আমি তাদের উপর প্রেরণ করি প্লাবন, পঙ্গপাল, উকুন, বেঙ ও রক্ত যা ছিল স্পষ্ট মু'জিযা, কিন্তু তারা অহংকারই করতে থাকল এবং তারা ছিল অপরাধী কাওম।

وَاصْبِرُوا ۚ إِنَّ الْأَرْضَ لِلَّهِ
يُورِثُهَا مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ ۝

○ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِينَ ○

১২৯- قَالُوا أَوْذَيْنَا مِنْ قَبْلُ
أَنْ تَأْتِيَنَا وَمِنْ بَعْدِ مَا جِئْتَنَا
قَالَ عَسَىٰ رَبُّكُمْ
أَنْ يَهْلِكَ عِدَاكُمْ وَيَسْتَخْلِفَكُمْ
فِي الْأَرْضِ فَيَنْظُرَ كَيْفَ تَعْمَلُونَ ○

১৩- وَلَقَدْ أَخَذْنَا آلَ فِرْعَوْنَ
بِالسِّنِينَ وَنَقْصٍ مِنَ الثَّمَرَاتِ
لَعَلَّهُمْ يَذْكُرُونَ ○

১৩১- فَإِذَا جَاءَتْهُمْ الْحَسَنَةُ
قَالُوا لَنَا هَذِهِ ۚ وَإِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ
يَطَّيَّرُوا بِمُوسَىٰ وَمَنْ مَعَهُ ۝
أَلَا إِنَّمَا طَّيَّرَهُمْ عِنْدَ اللَّهِ
وَلَكِنْ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ○

১৩২- وَقَالُوا مَهْمَا تَأْتِنَا بِهِ مِنْ آيَةٍ
لَتَسْحَرَنَا بِهَا ۚ
فَمَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِينَ ○

১৩৩- فَأَرْسَلْنَا عَلَيْهِمُ الطُّوفَانَ
وَالْجَرَادَ وَالْقُمَّلَ وَالضَّفَادِعَ
وَالْدَّمَ آيَاتٍ مُفْصَلَاتٍ
فَاسْتَكْبَرُوا وَكَانُوا قَوْمًا مُّجْرِمِينَ ○

১৩৪. আর যখন তাদের উপর কোন আযাব আপতিত হয়, তখন তারা বলে : হে মূসা! তুমি তোমার রবের কাছে আমাদের জন্য প্রার্থনা কর, তোমার সাথে তাঁর যে ওয়াদা রয়েছে সে অনুযায়ী। যদি তুমি আমাদের উপর থেকে আযাব দূর করে দাও, তবে অবশ্যই আমরা তোমার উপর ঈমান আনব এবং বনী ইসরাঈলকেও মুক্ত করে তোমার সাথে যেতে দেব।

১৩৫. কিন্তু যখনই আমি তাদের উপর থেকে আযাব দূর করে দিতাম এক নির্দিষ্ট সময় পর্যন্ত যা তাদের জন্য অনিবার্য ছিল, তখনই তারা তাদের ওয়াদা ভঙ্গ করত।

১৩৬. অতএব আমি প্রতিশোধ নেই এভাবে যে, তাদের ডুবিয়ে দেই সাগরে। কেননা তারা আমার নিদর্শনাবলীকে মিথ্যা সাব্যস্ত করেছিল এবং এ সম্বন্ধে গাফিল ছিল।

১৩৭. আর আমি উত্তরাধিকারী করে দেই সে কাওমকে যাদের দুর্বল মনে করা হত সে যমীনের পূর্ব ও পশ্চিমের, যাতে আমি বরকত দান করেছিলাম। আর বনী ইসরাঈল সম্পর্কে আপনার রবের শুভ বাণী পূর্ণ হল তাদের সবরের কারণে। আর আমি ধ্বংস করে দেই যা কিছু শিল্প কারখানা নির্মাণ করেছিল ফির'আওন ও তার কাওম এবং যে সব সুউচ্চ প্রাসাদ তারা নির্মাণ করেছিল তাও।

১৩৮. আর আমি বনী ইসরাঈলকে পার করিয়ে দেই সাগর, তখন তারা এমন এক জাতির কাছে গিয়ে উপস্থিত হয়, যারা তাদের নির্মিত মূর্তির পূজা করত, তারা বলল : হে মূসা! আমাদের জন্যও

১৩৪- وَلَمَّا وَقَعَ عَلَيْهِمُ الرِّجْزُ قَالُوا

يُمُوسَى ادْعُ لَنَا رَبَّكَ

بِمَا عَاهَدَ عِنْدَكَ ۝

لَئِنْ كَشَفْتَ عَنَّا الرِّجْزَ

لَنُؤْمِنَنَّ لَكَ

وَلَنُرْسِلَنَّ مَعَكَ بَنِي إِسْرَءِيلَ ۝

১৩৫- فَلَمَّا كَشَفْنَا عَنْهُمْ الرِّجْزَ

إِلَىٰ أَجَلٍ

هُم بِلُغْوِهِ إِذَا هُمْ يَنْكُتُونَ ۝

১৩৬- فَاتَّخَفْنَا مِنْهُمْ فَاغْرَقْنَاهُمْ فِي الْيَمِّ

بِأَنَّهُمْ كَذَّبُوا بِآيَاتِنَا

وَكَانُوا عَنْهَا غَافِلِينَ ۝

১৩৭- وَأَوْرَثْنَا الْقَوْمَ الَّذِينَ كَانُوا

يُسْتَضَعُونَ مَشَارِقَ الْأَرْضِ

وَمَغَارِبَهَا الَّتِي بَرَكْنَا فِيهَا ۝

وَتَمَّتْ كَلِمَتُ رَبِّكَ الْحُسْنَىٰ

عَلَىٰ بَنِي إِسْرَءِيلَ ۝ بِمَا صَبَرُوا ۝

وَدَمَرْنَا مَا كَانَ يَصْنَعُ فِرْعَوْنُ

وَقَوْمَهُ وَمَا كَانُوا يَعْرِشُونَ ۝

১৩৮- وَجُوزْنَا بِبَنِي إِسْرَءِيلَ الْبَحْرَ

فَاتَّوُوا عَلَىٰ قَوْمٍ يَعْكِفُونَ عَلَىٰ أَصْنَامٍ

لَهُمْ ۝ قَالُوا يُمُوسَى اجْعَلْ لَنَا

বানিয়ে দিন এক দেবতা, যেমন তাদের রয়েছে দেবতা। মূসা বলল : তোমরা তো এক মূর্খ সম্প্রদায়!

১৩৯. নিশ্চয় এরা যে কাজে লিপ্ত রয়েছে, তা তো ধ্বংস হবেই এবং তারা যা কিছু করছে তাও বাতিল।

১৪০. মূসা আরো বলল : তবে কি আমি তোমাদের জন্য আল্লাহ্ ব্যতীত অন্য ইলাহ্ খুঁজব? অথচ তিনিই তোমাদের সারা জাহানের উপর শ্রেষ্ঠত্ব দান করেছেন!

১৪১. আর স্মরণ কর, যখন আমি তোমাদেরকে ফির'আওনের লোকদের কবল থেকে রক্ষা করেছিলাম, যারা তোমাদেরকে কঠোর শাস্তি দিত, তারা তোমাদের পুত্র সন্তানদের হত্যা করত এবং তোমাদের মেয়েদের জীবিত রাখত। আর এতে ছিল মহাপরীক্ষা তোমাদের রবের তরফ থেকে।

সূরা ইউনুস, ১০ : ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২

৭৫. তারপর আমি এদের পরে পাঠিয়েছিলাম মূসা ও হারুনকে ফির'আওন ও তার প্রধানদের কাছে আমার নিদর্শনাবলী সহ, কিন্তু তারা অহংকার করে এবং তারা ছিল অপরাধী কাওম।

৭৬. আর যখন তাদের কাছে আমার তরফ থেকে সত্য এল, তখন তারা বলল : নিশ্চয় এত প্রকাশ্য যাদু।

৭৭. মূসা বলল : তোমরা কি সত্য সম্পর্কে এরূপ বলছ, যখন তা তোমাদের কাছে পৌঁছেছে? এটা কি যাদু? আর যাদুকররা তো সফলকাম হয় না।

إِلَهًا كَمَا لَهُمُ إِلَهَةٌ قَالُوا
إِن كُمْ تَوَّمُّ تَجْهَلُونَ

১৩৯- إِنْ هَؤُلَاءِ مُتَّبَرِّ مَا هُمْ فِيهِ
وَبَاطِلٌ مَا كَانُوا يَعْمَلُونَ

১৪০- قَالَ أَغْيِرَ اللَّهُ
أَبْغِيكُمْ إِلَهًا
وَهُوَ فَضْلُكُمْ عَلَى الْعَالَمِينَ

১৪১- وَإِذْ أَنْجَيْنَاكُمْ مِنْ آلِ فِرْعَوْنَ
يَسُومُونَكُمْ سُوءَ الْعَذَابِ

يُقَتِّلُونَ أَبْنَاءَكُمْ
وَيَسْتَحْيُونَ نِسَاءَكُمْ
وَفِي ذَلِكُمْ بَلَاءٌ مِنْ رَبِّكُمْ عَظِيمٌ

৭৫- ثُمَّ بَعَثْنَا مِنْ بَعْدِهِمْ مُوسَى وَهَارُونَ
إِلَى فِرْعَوْنَ وَمَلَئِهِ بِآيَاتِنَا
فَاسْتَكْبَرُوا وَكَانُوا قَوْمًا مُجْرِمِينَ

৭৬- فَلَمَّا جَاءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا
قَالُوا إِنَّ هَذَا لَسِحْرٌ مُبِينٌ

৭৭- قَالَ مُوسَى اتَّقُوا اللَّهَ الَّذِي تَقُولُونَ
لِحَقِّ لَمَّا جَاءَكُمْ
اسْحَرُوا هَذَا وَلَا يُفْلِحُ السَّحَرُونَ

৭৮. তারা বলল : তুমি কি আমাদের কাছে এসেছ এজন্য যে, আমাদের বিচ্যুত করবে সে পথ থেকে, যার উপর আমরা আমাদের বাপ-দাদাদের পেয়েছি? আর যাতে তোমাদের দু'জনের এদেশের আধিপত্য প্রতিষ্ঠিত হয় সে জন্য? আমরা কিছুতেই তোমাদের প্রতি ঈমান আনার নই।

৭৯. আর ফির'আওন বলল : তোমরা আমার কাছে নিয়ে এসো সুবিজ্ঞ যাদুকরদের।

৮০. তারপর যখন যাদুকররা এলো, তখন মূসা তাদের বলল : তোমরা নিষ্ক্ষেপ কর, যা তোমরা নিষ্ক্ষেপ করতে চাও।

৮১. এরপর তারা যখন নিষ্ক্ষেপ করল, তখন মূসা বলল : তোমরা যা কিছু এনেছ তা সবই যাদু। নিশ্চয় আল্লাহ্ এখনই এ সব বাতিল করে দেবেন। আল্লাহ্ তো ফাসাদ সৃষ্টিকারীদের কাজ সুষ্ঠুভাবে সমাধা হতে দেন না।

৮২. আর আল্লাহ্ স্বীয় বাণী অনুযায়ী সত্যকে সত্যে প্রতিষ্ঠিত করেন, যদিও অপরাধীরা তা অপসন্দ করে।

৮৩. মূসার প্রতি তার কাওমের কতিপয় লোক ছাড়া কেউ ঈমান আনল না এ আশংকায় যে, ফির'আওন ও তার সর্দাররা তাদের নির্যাতন করবে। আর ফির'আওন তো সে দেশের কর্তৃত্বের শিখরে আরোহন করেছিল। আর সে ছিল অন্যতম সীমানাঘনকারী।

৮৮. আর মূসা বলল : হে আমাদের রব! তুমি তো ফির'আওনকে এবং তার প্রধানদের পার্থিব জীবনে আড়ম্বরের সামগ্রী ও নানাপ্রকার ধন-সম্পদ দান

৭৮- قَالُوا أَجِئْتَنَا بِتِلْكَ
عَمَّا وَجَدْنَا عَلَيْهِ آبَاءَنَا
وَتَكُونُ لَكُمُ الْكِبْرِيَاءُ
فِي الْأَرْضِ ۖ وَمَا نَحْنُ
لَكُمُ بِمُؤْمِنِينَ ○

৭৯- وَقَالَ فِرْعَوْنُ ائْتُونِي
بِكُلِّ سِحْرِ عَلِيمٍ ○

৮০- فَلَمَّا جَاءَ السَّحَرَةُ قَالَ لَهُمْ
مُوسَى الْقَوَامَ أَنْتُمْ مُلْقُونَ ○

৮১- فَلَمَّا أَلْقَوْا قَالَ مُوسَى
مَا جِئْتُمْ بِهِ ۖ السَّحَرُ
إِنَّ اللَّهَ سَيُبْطِلُهُ
إِنَّ اللَّهَ لَا يَصْلِحُ عَمَلَ الْمُفْسِدِينَ ○

৮২- وَيُحَقِّقُ اللَّهُ الْحَقَّ بِكَلِمَاتِهِ
وَلَوْ كَرِهَ الْمُجْرِمُونَ ○

৮৩- فَمَا آمَنَ لِمُوسَى إِلَّا ذُرِّيَّةُ
مِنْ قَوْمِهِ عَلَى خَوْفٍ مِنْ فِرْعَوْنَ وَمَلَئِهِمْ
أَنْ يَفْتِنَهُمْ ۖ وَإِنَّ فِرْعَوْنَ لَعَالٍ
فِي الْأَرْضِ ۖ وَإِنَّهُ لَمِنَ الْمُسْرِفِينَ ○

৮৮- وَقَالَ مُوسَى رَبَّنَا إِنَّكَ آتَيْتَ
فِرْعَوْنَ وَمَلَآئِهِ زِينَةً وَأَمْوَالًا

করেছ। হে আমাদের রব! যার ফলে তারা লোকদের তোমার পথ থেকে গুমরাহু করে। হে আমাদের রব! তাদের ধন-সম্পদ নিশ্চিহ্ন করে দাও, তাদের অন্তর কঠিন করে দাও, তারা তো ঈমান আনবে না, যতক্ষণ না তারা যন্ত্রণাদায়ক শাস্তি প্রত্যক্ষ করে।

৮৯. আল্লাহ বললেন : তোমাদের উভয়ের দু'আ কবুল করা হল। অতএব তোমরা দৃঢ় থাক এবং কখনো অজ্ঞ লোকদের পথ অনুসরণ করো না।

৯০. আর আমি বনী ইসরাঈলকে নদী পার করিয়ে দিলাম। তারপর তাদের পশ্চাদ-অনুসরণ করল ফির'আওন ও তার সেনাবাহিনী নিঃপীড়ন ও নির্যাতনের উদ্দেশ্যে। অবশেষে যখন সে নিমজ্জিত হতে থাকল, তখন বলল : আমি ঈমান আনলাম যে, কোন মা'বুদ নেই তিনি ছাড়া, যার প্রতি ঈমান এনেছে বনী ইসরাঈল। আর আমি একজন মুসলিম।

৯১. এখন ঈমান আনলে! অথচ এর পূর্ব মুহূর্তেও তুমি নাফরমানী করছিলে এবং তুমি ছিলে ফাসাদ সৃষ্টিকারীদের একজন।

৯২. আজ আমি তোমার লাশকে রক্ষা করব, যাতে তুমি তোমার পরবর্তী লোকদের জন্য উপদেশ গ্রহণের বস্তু হয়ে থাক। আর বাস্তবিকপক্ষে অনেক লোক আমার নিদর্শন সম্পর্কে গাফিল রয়েছে।

সূরা কাসাস, ২৮ : ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২

فِي الْحَيَاةِ الدُّنْيَا رَبَّنَا لِيُضِلُّوا عَنْ سَبِيلِكَ ۖ رَبَّنَا اطْمِسْ عَلَى أَمْوَالِهِمْ وَاشْدُدْ عَلَى قُلُوبِهِمْ فَلَا يُؤْمِنُوا حَتَّى يَرَوْا الْعَذَابَ الْأَلِيمَ ○

৮৯- قَالَ قَدْ أُجِيبَتْ دَعْوَانَا فَاَسْتَقِيمَا وَلَا تَتَّبِعِنَّ سَبِيلَ الَّذِينَ لَا يَعْلَمُونَ ○

৯০- وَجُوزْنَا بِبَنِي إِسْرَءِيلَ الْبَحْرَ فَاتَّبَعَهُمْ فِرْعَوْنُ وَجُنُودُهُ بَغْيًا وَعَدُوًّا حَتَّى إِذَا أَدْرَكَهُ الْعَرْقُ ۖ قَالَ آمَنْتُ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا الَّذِي آمَنْتُ بِهِ بَنُو إِسْرَءِيلَ وَ أَنَا مِنَ الْمُسْلِمِينَ ○

৯১- أَلَمْ تَكُنْ وَقَدْ عَصَيْتَ قَبْلُ وَكُنْتَ مِنَ الْمُفْسِدِينَ ○

৯২- فَالْيَوْمَ نُنَجِّكَ بِبَدَنِكَ لِتَكُونَ لِمَنْ خَلَقَكَ آيَةً ۖ وَإِنَّ كَثِيرًا مِّنَ النَّاسِ عَنْ آيَاتِنَا لَغَفُلُونَ ○

৩. আমি যথাযথভাবে আপনাকে শুনাচ্ছি মুসা ও ফির'আওনের বৃত্তান্ত মু'মিন লোকদের উদ্দেশ্যে।
৪. নিশ্চয় ফির'আওন তার দেশে অতিমাত্রায় উদ্ধত হয়ে গিয়েছিল এবং সে দেশবাসীকে বিভিন্ন দলে বিভক্ত করে তাদের মধ্য থেকে একটি দলকে দুর্বল করে রেখেছিল। সে তাদের পুত্র সন্তানদের হত্যা করত এবং সে তাদের মেয়েদের জীবিত রেখে দিত। বস্তুত সে ছিল ফাসাদ সৃষ্টিকারী।
৫. আর আমি ইচ্ছা করলাম যে, সে দেশে যাদেরকে দুর্বল করে রাখা হয়েছিল তাদের প্রতি অনুগ্রহ করি এবং তাদেরকে নেতা বানাই, আর তাদেরকে দেশের উত্তরাধিকারী করি,
৬. এবং তাদেরকে দেশে শাসন ক্ষমতা দান করি। আর ফির'আওন, হামান ও তাদের সেনাবাহিনীকে দেখিয়ে দেই, যা তারা বনী ইসরাঈলের তরফ থেকে আশংকা করত।
৭. আর আমি মুসার মাকে গায়েবী নির্দেশ প্রদান করলাম যে, 'তুমি তাকে দুধ পান করাতে থাক। পরে যখন তুমি তার সম্পর্কে বিপদের আশংকা করবে, তখন তাকে সমুদ্রে নিক্ষেপ কর, আর ভয় করো না, চিন্তাও করো না। অবশ্যই আমি তাকে তোমার কাছে ফিরিয়ে দেব এবং করব তাকে রাসূলদের একজন।
৮. তারপর ফির'আওনের লোকেরা তাকে উঠিয়ে নিল, যার পরিণামে সে তাদের শত্রু ও দুঃখের কারণ হয়ে যায়। নিশ্চয় ফির'আওন, হামান ও তাদের সেনাবাহিনী ছিল অপরাধী।

۳- نَتْلُوْا عَلَیْكَ مِنْ نَّبِیِّ مُوْسٰی
وَ فِرْعَوْنَ بِالْحَقِّ لِقَوْمٍ یُّؤْمِنُوْنَ ○

۴- اِنَّ فِرْعَوْنَ عَلٰی فِی الْاَرْضِ وَ جَعَلَ
اَهْلَهَا شِیْعًا یَسْتَضِعُّ طَافِئَةً
مِّنْهُمْ یُدْبِرُ اَبْنَاءَهُمْ وَ یَسْتَحِی نِسَاءَهُمْ
اِنَّهٗ كَانَ مِنَ الْمُفْسِدِیْنَ ○

۵- وَ نُرِیْدُ اَنْ یَّمُنَّ عَلَی الَّذِیْنَ
اَسْتَضِعُّوْا فِی الْاَرْضِ وَ نَجْعَلَهُمْ اَیَّتًا
وَ نَجْعَلَهُمُ الْوَرِثِیْنَ ○

۶- وَ نُمِکِّنْ لَهُمْ فِی الْاَرْضِ
وَ نُرِیْ فِرْعَوْنَ وَ هَامَانَ وَ جُنُوْدَهُمَا
مِّنْهُمْ مَا کَانُوْا یَحْذَرُوْنَ ○

۷- وَ اَوْحَیْنَا اِلَیْ اُمِّ مُوْسٰی
اَنْ اَرْضِعِیْهِ ۚ فَاِذَا خِفَتْ عَلَیْهِ
فَاَلْقِیْهِ فِی الْیَمِّ وَ لَا تَخَافِیْ وَ لَا تَحْزَنِیْ
اِنَّا رَآدُّوْهُ اِلَیْكَ وَ جَاعِلُوْهُ مِنْ
الْمُرْسَلِیْنَ ○

۸- فَالْتَقَطَهُ الْاِلَ فِرْعَوْنَ لَیْکُوْنَ عَدُوًّا
وَ حَزَنًا ۚ اِنَّ فِرْعَوْنَ وَ هَامَانَ
وَ جُنُوْدَهُمَا کَانُوْا خٰطِیْیْنَ ○

আর ফির'আওনের স্ত্রী বলল : এ শিশুটি আমার ও তোমার চক্ষু শীতলকারী, নয়নমণি, একে হত্যা করো না। সে আমাদের উপকারে আসতে পারে, কিম্বা আমরা তাকে পুত্র হিসেবে গ্রহণ করতে পারি। প্রকৃতপক্ষে পরিণাম সম্পর্কে তারা বুঝতে পারেনি।

আর মূসার মায়ের অন্তর বিচলিত হয়ে পড়েছিল এবং সে মূসার অবস্থা প্রকাশ করে দেয়ার উপক্রম করেছিল, যদি না আমি দৃঢ় রাখতাম তার হৃদয়। এরূপ করলাম, যাতে সে থাকে বিশ্বাসীদের মধ্যে।

আর মূসার মা মূসার বোনকে বলল : এর পিছনে পিছনে যাও। সে তাদের অজ্ঞাতসারে দূর থেকে তাকে দেখে যেতে লাগল।

আর আমি প্রথম থেকেই মূসার জন্য ধাত্রীস্তুত পান হারাম করে দিয়েছিলাম। সুতরাং মূসার বোন বলল : আমি কি তোমাদের এমন এক পরিবারের কথা বলব, যারা তোমাদের হয়ে একে লালনপালন করবে এবং তারা হবে এর হিতাকাঙ্ক্ষী?

অবশেষে আমি তাকে তার মায়ের কাছে ফিরিয়ে দিলাম, যাতে তার চক্ষু জুড়ায় এবং সে চিন্তাশ্রিত না থাকে, আর সে বুঝতে পারে যে, অবশ্যই আল্লাহর ওয়াদা সত্য। কিন্তু অধিকাংশ মানুষই তা জানে না।

আর ফির'আওন বলল : হে সভাসদবৃন্দ! আমি ছাড়া তোমাদের অন্য কোন উপাস্য আছে বলে আমি মনে করি না। হে হামান! তুমি আমার জন্য ইট পোড়াও, তারপর আমার জন্য

একটি সুউচ্চ প্রাসাদ নির্মাণ কর, যাতে আমি মূসার মাবুদের প্রতি উঁকি মে রে দেখতে পারি। তবে আমার তো ধারণা যে, সে অবশ্যই মিথ্যাবাদী।

৩৯. আর ফির'আওন ও তার বাহিনী অন্যায়ভাবে পৃথিবীতে অহংকার করেছিল এবং তারা ভেবেছিল যে, তাদেরকে আমার কাছে ফিরিয়ে আনা হবে না।
৪০. অতএব আমি তাকে ও তার বাহিনীকে পাকড়াও করলাম এবং তাদের সমুদ্রে নিক্ষেপ করলাম। দেখ, যালিমদের পরিণাম কেমন হয়েছিল!
৪১. আর আমি তাদেরকে নেতা বানিয়ে-ছিলাম, তারা লোকদের জাহান্নামের দিকে আহ্বান করত। আর কিয়ামতের দিন তারা সাহায্যপ্রাপ্ত হবে না।
৪২. আর এই পৃথিবীতেও আমি তাদের পেছনে লাগিয়ে দিয়েছি লা'নত এবং কিয়ামতের দিনেও তারা হবে দুর্দশাগ্রস্তদের শামিল।
৭৬. নিশ্চয় কারুন ছিল মূসার কাওমের একজন। কিন্তু সে তাদের প্রতি ঔদ্ধত্য প্রকাশ করেছিল। আর আমি তাকে এতো অধিক পরিমাণ ধন-ভাণ্ডার দিয়েছিলাম, যার চাবিগুলো বহন করা একদল শাক্তিশালী লোকের পক্ষেও কষ্টসাধ্য ছিল। স্মরণ কর, তার কাওম তাকে বলেছিল : দম্ব করো না, আল্লাহ্ তো দাষ্টিকদের ভালবাসেন না।
৭৭. আর আল্লাহ্ তোমাকে যা দিয়েছেন, তা দিয়ে আখিরাতের আবাস অনুসন্ধান কর এবং দুনিয়া থেকে তোমার অংশ ভুলে যেও না। আর তুমি অনুগ্রহ কর, যেমন আল্লাহ্ তোমার প্রতি অনুগ্রহ করেছেন এবং পৃথিবীতে ফাসাদ সৃষ্টি করতে

চেয়ে না। নিশ্চয় আল্লাহ্ ফাসাদকারীদের ভালবাসেন না।

কারুন বলল : এ সম্পদ আমি স্বীয় বুদ্ধিমত্তার বলে প্রাপ্ত হয়েছি। সে কি জানতে পারেনি যে, আল্লাহ্ তার পূর্বে এমন অনেক মানব গোষ্ঠিকে ধ্বংস করেছেন, যারা শক্তিতে ছিল তার চেয়ে প্রবল এবং জনবলও ছিল তার চেয়ে অধিক? আর অপরাধীদের তাদের অপরাধ সম্পর্কে প্রশ্ন করতে চাইবে না।

কারুন একদিন তার কাওমের সামনে জাঁকজমক সহকারে বের হল। যারা পার্থিব জীবন কামনা করত, তারা বলল : কতই না উত্তম হত, যদি আমাদেরকে তা দেয়া হত, যা কারুনকে দেয়া হয়েছে! বস্তৃত সে বড় ভাগ্যবান।

আর যাদের জ্ঞান দেয়া হয়েছিল তারা বলল : সর্বনাশ হোক তোমাদের! যারা ঈমান আনে এবং নেকআমল করে, তাদের জন্য আল্লাহ্‌র দেয়া পুরস্কারই শ্রেষ্ঠ, আর এ পুরস্কার তারাই পায় যারা ধৈর্যশীল।

তারপর আমি কারুনকে তার প্রাসাদসহ ভূগর্ভে ধসিয়ে দিলাম। তখন তার পক্ষে এমন কোন দল ছিল না, যারা তাকে আল্লাহ্‌র আযাব থেকে বাঁচাতে সাহায্য করতে পারত। আর সে নিজেও নিজেকে রক্ষা করতে পারেনি।

গতকাল যারা তার মত হওয়ার আকাংক্ষা পোষণ করেছিল, তারা বলতে লাগল : দেখলে তো, আল্লাহ্ তাঁর বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা প্রচুর জীবিকা দান করেন এবং হ্রাসও করেন। আল্লাহ্ যদি আমাদের প্রতি অনুগ্রহ না

করতেন, তবে অবশ্যই তিনি আমাদের ভূগর্ভে ধসিয়ে দিতেন। দেখলে তো! কাফিররা কখনও সফলকাম হয় না।

সূরা আনকাবুত, ২৯ : ৩৯

৩৯. আর আমি কারুন, ফির'আওন ও হামানকেও ধ্বংস করেছিলাম। মূসা তো তাদের কাছে সুস্পষ্ট নিদর্শন নিয়ে এসেছিল। তথাপি তারা পৃথিবীতে দৃষ্ট করত, কিন্তু তারা আমার আযাব এড়াতে পারেনি।

সূরা মু'মিন, ৪০ : ২৩, ২৪, ২৬, ৩৬, ৩৭, ৪৬

২৩. আমি আমার নিদর্শন ও স্পষ্ট প্রমাণসহ মূসাকে প্রেরণ করেছিলাম।

২৪. ফির'আওন, হামান ও কারুনের নিকট, কিন্তু তারা বলল, এ লোকটা ত এক জাদুকর, চরম মিথ্যাবাদী।

২৬. ফির'আওন বলল, আমাকে ছেড়ে দাও, আমি মূসাকে হত্যা করি আর সে তার রবের শরণাপন্ন হোক.....।

৩৬. ফির'আওন বলল, হে হামান। আমার জন্য তুমি নির্মাণ কর এক সুউচ্চ প্রাসাদ যাতে আমি পাই অবলম্বন—

৩৭. ফির'আওনের ষড়যন্ত্র সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছিল।

৪৬. যেদিন কিয়ামত ঘটবে সেদিন বলা হবে ফির'আওন সম্প্রদায়কে কঠিন শাস্তিতে নিষ্পেক্ষ কর।

সূরা যুখরুফ, ৪৩ : ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬

لَوْلَا أَنْ مَنَّ اللَّهُ عَلَيْنَا لَخَسَفَ بِنَاءُ
وَيَكَاذِبُ لَا يُفْلِحُ الْكَافِرُونَ ○

২৭- وَقَارُونَ وَفِرْعَوْنَ وَهَامَانَ
وَلَقَدْ جَاءَهُمْ مُوسَى بِالْبَيِّنَاتِ
فَأَسْتَكْبَرُوا فِي الْأَرْضِ
وَمَا كَانُوا سَابِقِينَ ○

২২- وَلَقَدْ أَرْسَلْنَا مُوسَى بِآيَاتِنَا
وَسُلْطَانٍ مُبِينٍ ○
২৪- إِلَى فِرْعَوْنَ وَهَامَانَ وَقَارُونَ
فَقَالُوا سِحْرٌ كَذَّابٌ ○

২৬- وَقَالَ فِرْعَوْنُ ذَرُونِي أَقْتُلْ مُوسَى
وَلْيَدْعُ رَبَّهُ... ○

৩৬- وَقَالَ فِرْعَوْنُ لِيَهَامَانُ ابْنِ لِي
صَرْحًا لَعَلِّي أَبْلُغُ الْأَسْبَابَ ○

৩৭- ... وَمَا كَيْدُ فِرْعَوْنَ إِلَّا فِي تَبَابٍ ○

৪৬- ... وَيَوْمَ تَقُومُ السَّاعَةُ
أَدْخِلُوا آلَ فِرْعَوْنَ أَشَدَّ الْعَذَابِ ○

৪৬. আর আমি তো পাঠিয়েছিলাম মূসাকে আমার নিদর্শনসহ ফির'আওন ও তার সভাসদবর্গের কাছে। তিনি বলেছিল : আমি তো প্রেরিত রাসূল রাক্বুল আলামীনের।
৪৭. সে যখন তাদের কাছে আমার নিদর্শনসহ নিয়ে এল, তখন তারা তা নিয়ে হাসি-ঠাট্টা করতে লাগল।
৪৮. আর আমি তাদেরকে এমন কোন নিদর্শন দেখাইনি, যা অন্যান্য নিদর্শনের চাইতে শ্রেষ্ঠ ছিল না। আর আমি তাদেরকে আযাবে পাকড়াও করে-ছিলাম, যাতে তারা ফিরে আসে।
৪৯. তারা বলেছিল : হে যাদুকর! তুমি আমাদের জন্য তোমার রবের কাছে সে বিষয়ের প্রার্থনা কর, যার ওয়াদা তিনি তোমাকে দিয়েছেন। তাহলে অবশ্যই আমরা সৎপথে আসব, হিদায়েত পাব।
৫০. তারপর আমি যখন তাদের থেকে আযাব উঠিয়ে নিলাম, তখন তারা ওয়াদা ভংগ করতে লাগল।
৫১. আর ফির'আওন তার কাওমকে ডেকে বলল : হে আমার কাওম! মিসরের রাজত্ব কি আমার নয়? আর এই নদীগুলো আমার নিম্নদেশে প্রবাহিত, তোমরা কি তা দেখ না?
৫২. বরং আমি তো শ্রেষ্ঠ এ ব্যক্তি থেকে, যে নিতান্ত তুচ্ছ এবং স্পষ্টভাবে বর্ণনা করতে অক্ষম।
৫৩. তাকে কেন সোনার মালা দেয়া হল না, অথবা কেন আসল না ফিরিশ্তাগণ তার সাথে সারিবদ্ধভাবে?
৫৪. এভাবে সে তার কাওমকে হতবুদ্ধি করে দিল, ফলে তারা তার কথা মেনে নিল। অবশ্য তারা ছিল এক ফাসিক কাওম।

- ৬১- وَلَقَدْ أَرْسَلْنَا مُوسَىٰ بِآيَاتِنَا إِلَىٰ فِرْعَوْنَ وَمَلَئِهِ فَقَالَ إِنِّي رَسُولُ رَبِّ الْعَالَمِينَ ○
- ৬২- فَلَمَّا جَاءَهُمْ بِآيَاتِنَا إِذَا هُمْ مِنْهَا يَضْحَكُونَ ○
- ৬৩- وَمَا نُرِيهِمْ مِنْ آيَةٍ إِلَّا هِيَ أَكْبَرُ مِنْ أُخْتِهَا ○ وَأَخَذْنَاهُمْ بِالْعَذَابِ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ○
- ৬৪- وَقَالُوا يَا أَيُّهَا الشَّجَرُ ادْعُ لَنَا رَبَّكَ بِمَا عَهِدَ عِنْدَكَ ○ إِنَّا لَمُهْتَدُونَ ○
- ৬৫- فَلَمَّا كَشَفْنَا عَنْهُمْ الْعَذَابَ إِذَا هُمْ يَنْكُثُونَ ○
- ৬৬- وَنَادَىٰ فِرْعَوْنُ فِي قَوْمِهِ قَالَ يُقَوْمِ أَلَيْسَ لِي مُلْكُ مِصْرَ وَهَذِهِ الْأَنْهَارُ تَجْرِي مِنْ تَحْتِي ○ أَفَلَا تُبْصِرُونَ ○
- ৬৭- أَمْ أَنَا خَيْرٌ مِنْ هَذَا الَّذِي هُوَ مَهِينٌ وَلَا يَكَادُ يُبِينُ ○
- ৬৮- فَلَوْلَا أُلْقِيَ عَلَيْهِ أَسْوِرَةٌ مِنْ ذَهَبٍ أَوْ جَاءَ مَعَهُ الْمَلَايِكَةُ مُقْتَرِنِينَ ○
- ৬৯- فَاسْتَخَفَّ قَوْمَهُ فَأَطَاعُوهُ ○ إِنَّهُمْ كَانُوا قَوْمًا فَسِيقِينَ ○

৫৫. এরপর তারা যখন আমাকে রাগান্বিত করল ; তখন আমি তাদের থেকে প্রতিশোধ নিলাম এবং তাদের সবাইকে ডুবিয়ে দিলাম ।

৫৬. তারপর আমি করেছিলাম তাদেরকে পরবর্তীদের জন্য অতীত ইতিহাস ও দৃষ্টান্ত ।

সূরা দুখান, ৪৪ : ৩০, ৩১

৩০. আর আমি তো মুক্তি দিয়েছিলাম বনী ইসরাঈলকে অপমানজনক শাস্তি হতে-

৩১. ফির'আওনের। নিশ্চয় সে ছিল শীর্ষ-স্থানীয় সীমালংঘনকারীদের অন্তর্ভুক্ত।

۵۵- فَلَمَّا اسْفُوتَا اتَّقَيْنَا مِنْهُمْ
فَاَعْرَفْنَاهُمْ اَجْمَعِينَ ○

۵۶- فَجَعَلْنَاهُمْ سَلَفًا
وَمَثَلًا لِّلْآخِرِينَ ○

۳۰- وَلَقَدْ نَجَّيْنَا بَنِي إِسْرَءِيلَ
مِنَ الْعَذَابِ الْمُبِينِ ○

۳۱- مِنْ فِرْعَوْنَ ۖ
إِنَّهُ كَانَ عَلِيًّا مِنَ الْمُسْرِفِينَ ○

(যায়িদ ও যয়নব (রা))

সূরা আহযাব, ৩৩ : ৩৭

৩৭. আর স্মরণ করুন, আপনি তাকে বলেছিলেন, যাকে আল্লাহ্ অনুগ্রহ করেছেন এবং আপনিও যাকে অনুগ্রহ করেছেন : তুমি তোমার স্ত্রীকে তোমার বিবাহাধীনে রাখ এবং আল্লাহকে ভয় কর। আপনি আপনার অন্তরে এমন বিষয় গোপন করছিলেন, যা আল্লাহ প্রকাশ করে দিচ্ছেন। আপনি লোক ভয় করছিলেন, অথচ আল্লাহকে ভয় কর। আপনার পক্ষে অধিকতর উচিত। তারপর যায়িদ যখন যয়নবের সাথে বিবাহ সম্পর্ক ছিন্ন করল, তখন আমি তাকে আপনার সাথে বিবাহবন্ধনে আবদ্ধ করলাম। যাতে মু'মিনদের পোষ্যপুত্ররা তাদের স্ত্রীদের সাথে বিবাহ সম্পর্ক বিচ্ছিন্ন করলে, সে সব রমণীকে বিবাহ করার ব্যাপারে মু'মিনদের কোন অসুবিধা না হয়। আল্লাহর নির্দেশ কার্যকরী হয়েই থাকে।

۳۷- وَإِذْ تَقُولُ لِلَّذِي
أَنْعَمَ اللَّهُ عَلَيْهِ وَأَنْعَمْتَ عَلَيْهِ
أَمْسِكْ عَلَيْكَ زَوْجَكَ وَاتَّقِ اللَّهَ
وَتُخْفِي فِي نَفْسِكَ مَا اللَّهُ مُبْدِيهِ
وَتَخْشَى النَّاسَ ۖ
وَاللَّهُ أَحَقُّ أَنْ تَخْشَاهُ ۖ
فَلَمَّا قَضَى زَيْدٌ مِنْهَا وَطَرًا
زَوَّجْنَاهَا بِكَ لِي لَا يَكُونَ
عَلَى الْمُؤْمِنِينَ حَرَجٌ
فِي أَزْوَاجِ أَدْعِيَائِهِمْ
إِذَا قَضَوْا مِنْهُنَّ وَطَرًا ۖ
وَكَانَ أَمْرُ اللَّهِ مَفْعُولًا ○

হযরত ইব্রাহীম

সূরা যারিয়াত ৫১ : ২৪, ২৫, ২৬, ২৭, ২৮,
২৯ ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭

২৪. এসেছে কি আপনার কাছে ইব্রাহীমের
সম্মানিত মেহমানদের বৃত্তান্ত ?
২৫. যখন তারা তার কাছে প্রবেশ করল,
এরপর তাকে সালাম করল। ইব্রাহীমও
বলল : ‘সালাম’। এরা তো অপরিচিতি
লোক।
২৬. তারপর সে নিজের পরিবারের কাছে
গেল এবং একটি মোটা তাজা ভাজা
গরুর বাচুর নিয়ে এলো।
২৭. এবং তা তাদের সামনে রাখল। সে
বলল : আপনারা খাচ্ছেন না কেন ?
২৮. এতে তাদের ব্যাপারে তার মনে ভীতির
সঞ্চার হল। তারা বলল : আপনি ভয়
করবেন না। এরপর তারা তাকে এক
জ্ঞানী পুত্র সন্তানের সুসংবাদ দিল।
২৯. তখন তার স্ত্রী চীৎকার করতে করতে
সামনে এল এবং কপালে হাত মেরে
বলল : আমি তো বৃদ্ধা, বন্ধ্যা।
৩০. ফিরিশ্তারা বলল : এরূপই বলেছেন
আপনার রব, নিশ্চয় তিনি প্রজ্ঞাময়,
সর্বজ্ঞ।
৩১. ইব্রাহীম বলল : হে প্রেরিত ফিরিশ্তা-
গণ! তোমাদের আসল উদ্দেশ্য কি?
৩২. তারা বলল : আমরা তো প্রেরিত হয়েছি
একটি অপরাধী কাণ্ডের প্রতি।
৩৩. যেন আমরা তাদের উপর পোড়ামাটির
পাথর নিক্ষেপ করি,
৩৪. যা তোমরা রবের তরফ থেকে চিহ্নিত
সীমালংঘনকারীদের জন্য।

আল-কুরআনের বিষয়ভিত্তিক আয়াত (৩য় খণ্ড)-

৩৫. আর আমি বের করে দিলাম সেখানে যে সব মু'মিন ছিল তাদেরকে।
৩৬. কিন্তু আমি সেখানে মুসলমানদের একটি পরিবার ছাড়া আর কোন মুসলিম পরিবার পাইনি।
৩৭. আর আমি এতে নিদর্শন রেখেছি তাদের জন্য, তারা যন্ত্রণাদায়ক শাস্তিতে ভয় করে।

৩৫- فَأَخْرَجْنَا مَنْ كَانَ فِيهَا
مِنَ الْمُؤْمِنِينَ ○
৩৬- فَمَا وَجَدْنَا فِيهَا غَيْرَ بَيْتٍ
مِّنَ الْمُسْلِمِينَ ○
৩৭- وَتَرَكْنَا فِيهَا آيَةً
لِّلَّذِينَ يَخَافُونَ الْعَذَابَ الْأَلِيمَ ○

রানী বিলকীস

সূরা নাম্বল, ২৭ : ২২, ২৩, ২৪

২২. হুদহুদ এসে সুলায়মানকে বলল : আমি এমন বিষয় অবগত হয়েছি যা আপনি অবগত না এবং আমি 'সাবা'* থেকে নিশ্চিত সংবাদ নিয়ে এসেছি।
২৩. আমি দেখেছি এক স্ত্রী-লোককে*, তাদের উপর রাজত্ব করতে, তাকে সব কিছু দেয়া হয়েছে এবং তার রয়েছে এক বিরাট সিংহাসন।
২৪. আমি তাকে ও তার কাওমকে দেখেছি- আল্লাহকে ছেড়ে সূর্যকে সিজদা করতে। আর শয়তান তাদের কার্যাবলীকে তাদের জন্য শোভন করে রেখেছে এবং সে তাদের সৎপথ থেকে বিরত রেখেছে, ফলে তারা হিদায়েত পায় না।

২২- فَكَتَبَ غَيْرَ بَعِيدٍ فَقَالَ
أَحْطَطْتُ بِمَا لَمْ تُحِطْ بِهِ
وَجِئْتُكَ مِنْ سَبَإٍ بِنَبَأٍ يَقِينٍ ○
২৩- إِنِّي وَجَدْتُ امْرَأَةً تَمْلِكُهُمْ
وَأُوتِيَتْ مِنْ كُلِّ شَيْءٍ وَلَهَا عَرْشٌ عَظِيمٌ
২৪- وَجَدُوهَا وَتَوْمَهَا يُسْجُدُونَ لِلشَّمْسِ
مِنْ دُونِ اللَّهِ وَزَيْنُ لَهُمُ الشَّيْطَانُ
أَعْمَالُهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيلِ
فَهُمْ لَا يَهْتَدُونَ ○

সূরা সাবা, ৩৪ : ১৫

১৫. সাবাবাসীদের জন্য তাদের বাসভূমিতে ছিল এক নিদর্শন দু'টি উদ্যান একটি ডান দিকে অপরটি বামদিকে, তাদেরকে বলা হয়েছিল, তোমরা তোমাদের প্রতিপালক প্রদত্ত রিয়ক ভোগ কর এবং তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। উত্তম এ শহর এবং ক্ষমাশীল তোমাদের প্রতিপালক।

১৫- لَقَدْ كَانَ لِسَبَإٍ فِي مَسْكِنِهِمْ آيَةٌ
جَنَّتَيْنِ عَنْ يَمِينٍ وَشِمَالٍ ۚ
كُلُوا مِنْ رِّزْقِ رَبِّكُمْ وَاشْكُرُوا لَهُ ۚ
بَلَدَهُ طَيِّبَةٌ ۚ وَرَبُّ غَفُورٌ ○

* 'সাবা' : ইয়ামান, হাজারমাওত ও আছির এলাকা নিয়ে 'সাবা' সাম্রাজ্য ছিল।

* "স্ত্রীলোক" তিনি রানী বিলকীস, বিশ্বখ্যাত "Queen of Saba".

পঞ্চম পারা

মক্কা ও মাশ

সূরা বাকারা, ২ : ১২৬, ১৯৮

১২৬. আর স্মরণ কর, ইব্রাহীম বলেছিল : হে আমার রব! করুন এ জনপদকে (মক্কা) নিরাপদ শহর, আর এ বাসিন্দাদের মধ্যে যারা ঈমান রাখে আল্লাহ্ ও আখিরাতে তাদের রিযিক দিন ফলমূল দিয়ে। আল্লাহ্ বলেন : যে কেউ কুফরী করবে, তাকেও কিছুকালের জন্য জীবন-উপভোগ করতে দেব। তারপর তাকে বাধ্য করব দোযখের আযাব ভোগ করতে। আর কতই না নিকৃষ্ট সে প্রত্যাবর্তনস্থল।

১৯৮. তোমাদের কোন গুনাহ নেই, তোমাদের রবের অনুগ্রহ অব্বেষণ করায়। তারপর যখন তোমরা আরাফাত থেকে ফিরে আসবে, তখন মাশ্‌আরুল হারামের কাছে পৌঁছে আল্লাহ্কে স্মরণ করবে এবং তাকে ঠিক সে ভাবে স্মরণ করবে, যেভাবে স্মরণ করার জন্য তিনি তোমাদের নির্দেশ দিয়েছেন। যদিও এর আগে তোমরা গুমরাহদের শামিল ছিলে।

হ

সূরা তাওবা, ৯ : ২৫

২৫. আল্লাহ তো তোমাদের সাহায্য করেছেন অনেক যুদ্ধ ক্ষেত্রে এবং হনায়নের

দিনে, যখন তোমাদের সংখ্যাধিক্য তোমাদের উৎফুল্ল করেছিল, কিন্তু তা তোমাদের কোন কাজে আসেনি এবং সংকীর্ণ হয়ে পড়েছিল তোমাদের জন্য এ পৃথিবী এত প্রশস্ত হওয়া সত্ত্বেও, পরে তোমরা পৃষ্ঠপ্রদর্শন করে পালিয়েছিলে।

كَثِيرَةً ۚ وَيَوْمَ حُنَيْنٍ
إِذْ أَعْجَبَتْكُمْ كَثْرَتُكُمْ فَلَمْ تُغْنِ عَنْكُمْ
شَيْئًا وَضَاقَتْ عَلَيْكُمُ الْأَرْضُ بِمَا رَحُبَتْ
ثُمَّ وَلَّيْتُمْ مُدْبِرِينَ ۝

সাবা

সূরা সাবা, ৩৪ : ১৫, ১৮

১৫. সাবার বাসিন্দাদের জন্য তাদের বাস-ভূমিতে ছিল এক নিদর্শন, দু'টি উদ্যান, একটি ডানদিকে, অপরটি বামদিকে। তাদের বলা হয়েছিল : তোমরা খাও, তোমাদের রবের দেয়া রিযিক থেকে এবং তাঁর শোকর আদায় কর। উত্তম এ শহর এবং পরম ক্ষমাশীল তোমাদের রব।

۱۵- لَقَدْ كَانَ لِسَبَإٍ فِي مَسْكِنِهِمْ آيَةٌ
جَنَّتَنِ عَنْ يَمِينٍ وَشِمَالٍ ۚ
كُلُوا مِنْ رِزْقِ رَبِّكُمْ وَاشْكُرُوا لَهُ ۚ
بَلَدَةٌ طَيِّبَةٌ ۚ رَبُّ غَفُورٌ ۝

১৮. আর তাদের জনপদ এবং সে সব জনপদ যেখানে আমি বরকত দিয়ে রেখেছিলাম, সেগুলোর মধ্যবর্তী স্থানে বহু দৃশ্যমান জনপদ আবাদ করে রেখেছিলাম এবং সে সব জনপদে ভ্রমণের যথাযথ ব্যবস্থা করে রেখেছিলাম। তোমরা এ সব জনপদে রাতে ও দিনে নিরাপদে ভ্রমণ কর।

۱۸- وَجَعَلْنَا بَيْنَهُمْ وَبَيْنَ الْقَرْيَةِ الَّتِي
بُرُكْنَا فِيهَا قَرْيَ ظَاهِرَةً
وَقَدَّرْنَا فِيهَا السَّيْرَ
سَيْرًا فِيهَا لَيْالٍ وَأَيَّامًا أَمِينِينَ ۝

ইন্তাকিয়া

সূরা ইয়াসীন, ৩৬ : ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২

১৩. আর আপনি তাদের কাছে বর্ণনা করুন এক জনপদের ঘটনা, যখন সেখানে এসেছিল কয়েকজন রাসূল।

۱۳- وَاضْرِبْ لَهُمْ مَثَلًا أَصْحَابَ الْقَرْيَةِ
إِذْ جَاءَهَا الْمُرْسَلُونَ ۝

১৪. যখন আমি তাদের কাছে দু'জন রাসূল প্রেরণ করেছিলাম, তখন তারা তাদের

۱۴- إِذْ أَرْسَلْنَا إِلَيْهِمُ اثْنَيْنِ

মিথ্যাবাদী বলেছিল। তারপর আমি তাদের উভয়কে সহায়তা করেছিলাম তৃতীয় একজনের মাধ্যমে। তারা সকলে বলেছিল : আমরা তোমাদের প্রতি প্রেরিত রাসূল।

১৫. লোকেরা বলল : তোমরা তো আমাদেরই মত মানুষ, দয়াময় আল্লাহ তো কিছুই নাখিল করেননি। তোমরা কেবল মিথ্যাই বলছ।

১৬. রাসূলগণ বললেন : আমাদের রব জানেন, অবশ্যই আমরা তোমাদের প্রতি প্রেরিত রাসূল।

১৭. আর আমাদের দায়িত্ব কেবল স্পষ্টরূপে প্রচার করা।

১৮. তারা বলল : আমরা অবশ্যই তোমাদের অশুভ লক্ষণ মনে করি। যদি তোমরা বিরত না হও, তবে আমরা অবশ্যই পাথর মেরে তোমাদের ধ্বংস করে ফেলব এবং আমাদের পক্ষ থেকে তোমাদের উপর যন্ত্রণাদায়ক শাস্তি আপাতত হবেই।

১৯. রাসূলগণ বলল : তোমাদের অশুভ লক্ষণ তোমাদেরই সাথে সংযুক্ত। তোমরা কি একে অশুভ মনে করছ যে, তোমাদের উপদেশ দেয়া হচ্ছে? বরং তোমরা তো এক সীমালংঘনকারী কাওম।

২০. তারপর শহরের দূর প্রান্ত থেকে এক ব্যক্তি দৌড়ে এল। সে বলল : হে আমার কাওম! তোমরা রাসূলদের অনুসরণ কর।

২১. অনুসরণ কর তাদের যারা তোমাদের কাছে কোন বিনিময় চায় না। আর তারা নিজেরাও রয়েছে সংপথে।

كَذَّبُوا بِرُؤُسِهِمْ فَحَرَّزْنَا
بِئَالِهَةٍ فَقَالُوا
إِنَّا إِلَيْنَكُم مَّرْسَلُونَ

১৫- قَالُوا مَا أَنْتُمْ إِلَّا بَشَرٌ مِّثْلُنَا
وَمَا أُنْزِلَ الرَّحْمَنُ مِنْ شَيْءٍ

إِنْ أَنْتُمْ إِلَّا تَكْذِبُونَ

১৬- قَالُوا رَبُّنَا يَعْلَمُ إِنَّا إِلَيْنَكُم لَمُرْسَلُونَ

১৭- وَمَا عَلَيْنَا إِلَّا الْبَلَاغُ الْمُبِينُ

১৮- قَالُوا إِنَّا تَطَيَّرْنَا بِكُمْ
لَئِنْ لَمْ تَنْتَهُوا لَنَرْجُمَنَّكُمْ
وَلَيَمَسَّنَّكُمُ

مِنَّا عَذَابٌ أَلِيمٌ

১৯- قَالُوا طَائِفُكُمْ مَعَكُمْ
أَنْ دُرِّبْتُمْ

بَلْ أَنْتُمْ قَوْمٌ مُّسْرِفُونَ

২০- وَجَاءَ مِنْ أَقْصَا الْمَدِينَةِ

رَجُلٌ يَسْعَى قَالَ يَاقَوْمِ

اتَّبِعُوا الرُّسُلَ

২১- اتَّبِعُوا مَنْ لَا يَسْأَلُكُمْ أَجْرًا

وَهُمْ مُّهْتَدُونَ

২২. আর আমার কি কৈফিয়ত আছে যে, আমি তাঁর ইবাদত করব না, যিনি আমাকে সৃষ্টি করেছেন এবং যাঁরা কাছে তোমরা প্রত্যাবর্তিত হবে ?
২৩. আমি কি আল্লাহকে ছেড়ে এমন সব উপাস্য গ্রহণ করব, যদি দয়াময় আল্লাহ আমাকে কষ্টে নিঃপতিত করতে চান, তবে তাদের সুপারিশ আমার কোন উপকারে আসবে না এবং তারা আমাকে মুক্তও করতে পারবে না।
২৪. যদি আমি এরূপ করি, তবে তো আমি স্পষ্ট গুম্বাহীতে পতিত হব।
২৫. আমি তো তোমাদের রবের প্রতি ঈমান এনেছি, অতএব তোমরা শোন আমার কথা।
২৬. তাকে বলা হল : জান্নাতে প্রবেশ কর। সে বলল : আহা! যদি আমার কাণ্ডম জানতে পারত,
২৭. কী কারণে আমার রব আমাকে ক্ষমা করেছেন এবং আমাকে সম্মানিতদের শামিল করেছেন।
২৮. আর তার মৃত্যুর পর আমি তার কাণ্ডমের উপর আসমান থেকে কোন বাহিনী প্রেরণ করিনি এবং প্রেরণ করার কোন প্রয়োজনও আমার ছিল না।
২৯. তা ছিল কেবলমাত্র একটি বিকট আওয়াজ, ফলে তখনই তারা নিথর-নিস্তন্দ হয়ে গেল।
৩০. আফসোস সে বান্দাদের জন্য, যাদের কাছে কখনো এমন কোন রাসূল আসেনি, যাকে নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করেনি।
৩১. তারা কি লক্ষ্য করেনি যে, আমি তাদের পূর্বে বহু মানব গোষ্ঠিতে ধ্বংস করেছি,

নিশ্চয় যারা তাদের মাঝে পুনরায় ফিরে আসবে না।

○ مِّنَ الْقُرُونِ أَنَّهُمْ إِلَيْهِمْ لَا يَرْجِعُونَ

৩২. আর তাদের সবাইকে অবশ্যই একত্রে আমার সামনে উপস্থিত করা হবে।

○ ۳۲- وَإِنْ كُلُّ لَكَا جَمِيعٌ لَّدَيْنَا مُحْضَرُونَ

আয়কাবাসী ও অন্যান্য

সূরা সোয়াদ, ৩৮ : ১২, ১৩, ১৪

১২. এদের পূর্বেও রাসূলদের অস্বীকার করেছিল নূহের কাওম, আদ এবং হু শিবিরের মালিক ফির'আওন,

۱۲- كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ

১৩. আর সামুদ, লূতের কাওম ও আয়কার অধিবাসীরা। এরা ছিল এক-একটা বিশাল বাহিনী।

○ نُوحٍ وَعَادٌ وَفِرْعَوْنُ ذُو الْأَوْتَادِ

১৪. এরা প্রত্যেকেই রাসূলগণকে অস্বীকার করেছিল। ফলে আমার শাস্তি তাদের উপরও আপতিত হয়েছিল।

۱۳- وَشُعُودٌ وَقَوْمُ لُوطٍ وَأَصْحَابُ لَيْكَةِ

○ أُولَئِكَ الْأَحْزَابُ

۱۴- إِنْ كُلٌّ إِلَّا كَذَّبَ

○ الرُّسُلَ فَحَقَّ عِقَابِ

ষষ্ঠ পরিচ্ছেদ

আম্‌সাল বা উদাহরণ ও উপমা

আল-কুরআনের উপমা

সূরা বাকারা, ২ : ২৬

২৬. নিশ্চয় আল্লাহ্ লজ্জাবোধ করেন না উপমা দিতে কোন বস্তু দিয়ে, হোক তা মশা বা তাঁর চেয়েও ক্ষুদ্র কিছু। সুতরাং যারা ঈমান এনছে তারা জানে যে, এ উপমা সঠিক তাদের রবের তরফ থেকে। কিন্তু যারা কাফির তারা বলে : আল্লাহ্ কি উদ্দেশ্যে এ তুচ্ছ বস্তুর উপমা দিয়েছেন ? এ দিয়ে আল্লাহ্ অনেককে বিপথগামী করেন এবং অনেককে সঠিকপথে পরিচালিত করেন। তবে ফাসিকদের ছাড়া অন্য কাউকে তিনি এরূপ উপমা দিয়ে গুম্বরাহ করেন না।

সূরা বনী ইসরাঈল, ১৭ : ৮৯

৮৯. আর অবশ্যই আমি এ কুরআনে মানুষের জন্য বিভিন্ন উপমা বিশদভাবে বর্ণনা করেছি, কিন্তু অধিকাংশ মানুষই কুফরী ছাড়া অন্য কিছু স্বীকার করেনি।

সূরা কাহ্ফ, ১৮ : ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩,

৩২. আর আপনি তাদের কাছে পেশ করুন ঐ দু'ব্যক্তির উপমা : যাদের একজনকে আমি দু'টি আঙ্গুরের বাগান দিয়েছিলাম এবং এটিকে আমি খেজুর বৃক্ষ দিয়ে পরিবেষ্টিত করেছিলাম। আর

২৬- إِنْ أَلَّاهُ لَا يَسْتَحْيَ أَنْ يَضْرِبَ مَثَلًا مَّا بَعُوضَةً فَمَا فَوْقَهَا فَأَمَّا الَّذِينَ آمَنُوا فَيَعْلَمُونَ أَنَّهُ الْحَقُّ مِنْ رَبِّهِمْ وَأَمَّا الَّذِينَ كَفَرُوا فَيَقُولُونَ مَاذَا أَرَادَ اللَّهُ بِهَذَا مَثَلًا ۖ يُضِلُّ بِهِ كَثِيرًا ۖ وَيَهْدِي بِهِ كَثِيرًا ۚ وَمَا يُضِلُّ بِهِ إِلَّا الْفَاسِقِينَ ○

৮৯- وَلَقَدْ صَرَّفْنَا لِلنَّاسِ فِي هَذَا الْقُرْآنِ مِنْ كُلِّ مَثَلٍ فَأَبَى أَكْثَرُ النَّاسِ إِلَّا كُفُورًا ○

৩২- وَأَضْرِبْ لَهُمْ مَثَلًا رَّجُلَيْنِ جَعَلْنَا لِأَحَدِهِمَا جَنَّتَيْنِ مِنْ أَعْنَابٍ وَحَفَفْنَاهُمَا بِنَخْلٍ

এ দু'টির মধ্যবর্তী স্থানকে করেছিলাম শস্যক্ষেত্র।

৩৩. উভয় বাগানই ফলদান করত এবং এতে কোন প্রকার কম হত না, আর আমি এ দু'টির মাঝে নহর প্রবাহিত করেছিলাম।
৩৪. আর তার আরো অনেক সম্পদ ছিল। একদা সে তার সাথীদের কথা প্রসঙ্গে বলল : আমি ধন-সম্পদে তোমার চেয়ে বেশী এবং জনবলেও তোমার চেয়ে অধিক শক্তিশালী।
৩৫. আর সে নিজের প্রতি যুলুম করে একদিন বাগানে প্রবেশ করল। সে বলল : আমার তো মনে হয় না যে, এ বাগান তো কোন দিন ধ্বংস হয়ে যাবে।
৩৬. আর আমি মনে করি না যে, কিয়ামত হবে। তবে যদি আমাকে কখন আমার রবের কাছে ফিরিয়ে নেয়াই হয়, তাহলে অবশ্যই আমি সেখানে এর চেয়ে উৎকৃষ্ট স্থান পাব।
৩৭. তার সাথী তাকে তার কথার উত্তরে বলল : তুমি কি তাঁর কুফরী করছ, যিনি তোমাকে সৃষ্টি করেছেন মাটি থেকে, তারপর শুক্র থেকে এবং পরে তোমাকে পূর্ণাঙ্গ মানুষে পরিণত করেছেন?
৩৮. বস্তুত তিনিই আল্লাহ, আমার রব। আর আমি অন্য কাউকে আমার রবের শরীক করি না।
৩৯. আর যখন তুমি তোমার বাগানে প্রবেশ করছিলে, তখন এরূপ কেন বললে না যে, “আল্লাহ্ যা ইচ্ছা করেন তাই হয়ে থাকে। আল্লাহ্র সাহায্য ছাড়া কারও কোন শক্তি নেই।” যদি তুমি আমাকে সম্পদে ও সম্ভান-সম্মতিতে তোমার চেয়ে হীন মনে কর,

وَجَعَلْنَا بَيْنَهُمَا زُرْعًا

২৩- كُنْتَ الْجَنَّتَيْنِ اَتَتْ اُكْلَهَا وَلَمْ تَظْلِمْ مِنْهُ شَيْئًا ۚ وَفَجَّرْنَا خِلْفَهُمَا نَهْرًا

২৪- وَكَانَ لَهُ ثَمَرٌ فَقَالَ لِصَاحِبِهِ وَهُوَ يُحَاوِرُهُ اَاَنَا اَكْثَرُ مِنْكَ مَالًا وَاَعَزُّ نَفَرًا

২৫- وَدَخَلَ جَنَّتَهُ وَهُوَ ظَالِمٌ لِّنَفْسِهِ ۚ قَالَ مَا اَظُنُّ اَنْ تَبِيدَ هَذِهِ اَبَدًا

২৬- وَمَا اَظُنُّ السَّاعَةَ قَائِمَةً ۚ وَلَئِنْ رُدِّدْتُ اِلَىٰ رَبِّي لَا اَجِدَنَّ خَيْرًا مِنْهَا مُنْقَلَبًا

২৭- قَالَ لَهُ صَاحِبُهُ وَهُوَ يُحَاوِرُهُ اَكَفَرْتَ بِالَّذِي خَلَقَكَ مِنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ سَوَّكَ رَجُلًا

২৮- لِكِنَّا هُوَ اللّٰهُ رَبِّي وَلَا اُشْرِكُ بِرَبِّي اَحَدًا

২৯- وَلَوْ لَا اِذْ دَخَلْتَ جَنَّتَكَ قُلْتَ مَا شَاءَ اللّٰهُ ۚ لَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ ۚ اِنْ تَرَنِ اَنَا اَقْسَلُ مِنْكَ مَالًا وَّوَلَدًا

৪০. তবে আশা করি, অচিরেই আমার রব আমাকে তোমার বাগানের চেয়ে উৎকৃষ্টতর কিছু দান করবেন এবং তোমার বাগানে আসমান থেকে কোন আকস্মিক বিপর্যয় প্রেরণ করবেন। ফলে তা উদ্ভিদশূন্য এক পরিষ্কার মাঠে পরিণত হয়ে যাবে,

৪০- فَعَسَىٰ رَبِّي أَن يُوْتِيَنِي خَيْرًا مِّنْ جَنَّتِكَ وَيُرْسِلَ عَلَيْهَا حُسْبَانًا مِّنَ السَّمَاءِ فَتُصْبِحَ صَعِيدًا زَلَقًا ○

৪১. অথবা তার পানি যমীনের তলদেশে নেমে শুকিয়ে যাবে এবং তুমি কখন তার সন্ধান লাভে সক্ষম হবে না।

৪১- أَوْ يُصْبِحَ مَا وَهَا غُورًا فَلَنْ تَسْتَطِيعَ لَهُ طَلَبًا ○

৪২. তারপর তার ফল সম্পদ বিপর্যয় বেষ্টিত হয়ে গেল, ফলে সে ঐ বাগানের জন্য যা কিছু ব্যয় করেছিল, তার জন্য অনুতাপ করতে লাগল। আর বাগানটি মাচানসহ ভূমিতে পড়ে রইল। সে বলতে লাগল : হায়, আমি যদি আমার রবের সাথে কাউকে শরীক না করতাম!

৪২- وَأُحِيطَ بِثَمَرِهِ فَأَصْبَحَ يُقَلِّبُ كَفَّيْهِ عَلَىٰ مَا أَنفَقَ فِيهَا وَهِيَ خَاوِيَةٌ عَلَىٰ عُرُوشِهَا وَيَقُولُ يَلَيْتَنِي لَمْ أُشْرِكْ بِرَبِّي أَحَدًا ○

৪৩. আর তার এমন কোন দলও ছিল না, যে তাকে আল্লাহর মুকাবিলায় সাহায্য করে এবং সে নিজেও কোন প্রতিকার করতে পারল না।

৪৩- وَلَمْ تَكُنْ لَهُ فِئَةٌ يَنْصُرُونَهُ مِن دُونِ اللَّهِ وَمَا كَانَ مُنتَصِرًا ○

আল-কুরআনে বর্ণিত দৃষ্টান্তের উদ্দেশ্য

সূরা হাশর, ৫৯ : ২১

২১. আমি যদি এ কুরআন পাহাড়ের উপর নাযিল করতাম, তাহলে তুমি দেখতে আল্লাহর ভয়ে তা বিনীত ও বিদীর্ণ হয়ে গেছে। এসব দৃষ্টান্ত আমি বর্ণনা করি মানুষের জন্য, যাতে তারা চিন্তা করে।

২১- لَوْ أَنزَلْنَا هَذَا الْقُرْآنَ عَلَىٰ جَبَلٍ لَّرَأَيْنَاهُ خَاشِعًا مُّتَصَدِّعًا مِّنْ خَشْيَةِ اللَّهِ ۚ وَتِلْكَ الْأَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَفَكَّرُونَ ○

মুনাফিকদের উপমা

সূরা বাকারা, ২ : ১৬, ১৭, ১৯, ২০

১৬. এরাই সে সব লোক, যারা হিদায়েতের বিনিময়ে গুমরাহী ক্রয় করেছে। সুতরাং

১৬- أُولَٰئِكَ الَّذِينَ اشْتَرُوا الضَّلَالَةَ بِالْهُدَىٰ س

তাদের এ ব্যবসা লাভজনক হয়নি।
আর তারা সঠিক পথেও পরিচালিত
নয়।

فَمَا رَیَحَتْ تِجَارَتُهُمْ وَمَا كَانُوا
مُهْتَدِیْنَ ۝

১৭. তাদের উপমা ঐ লোকের মত যে
আগুন জ্বালালো, পরে যখন আগুন তার
চারদিকের সবকিছু আলোকিত করল,
তখন আল্লাহ তাদের আগুন নিয়ে
গেলেন এবং তাদের ছেড়ে দিলেন
ঘোর অন্ধকারে, ফলে তারা কিছুই
দেখতে পায় না।

۱۷- مَثَلُهُمْ كَمَثَلِ الَّذِی اسْتَوْقَدَ نَارًا
فَلَمَّا اَضَاءَتْ مَا حَوْلَهُ ذَهَبَ اللّٰهُ بِنُورِهِمْ
وَتَرَكَهُمْ فِی ظُلُمٍ لَّا یُبْصِرُوْنَ ۝

১৯. অথবা তাদের উপমা সে সব পথিকের
ন্যায় যারা আকাশ থেকে মুমলধারে
বর্ষিত বৃষ্টিতে পথ চলে, যাতে থাকে
ঘোর অন্ধকার, বজ্রধ্বনি ও বিদ্যুৎচমক।
মৃত্যুর ভয়ে তারা বজ্রগর্জনের সময়
নিজেদের আঙ্গুল কানে গুঁজে দেয়।
আর আল্লাহ পরিবেষ্টন করে রেখেছেন
কাফিরদের।

۱۹- اَوْ كَصِیْبٍ مِّنَ السَّمَآءِ فِیْهِ ظُلُمٌ وَّ
رَعْدٌ وَّ بَرْقٌ ؕ
یَجْعَلُوْنَ اَصَابِعَهُمْ فِیْ اُذُنِهِمْ مِّنَ الصَّوَاعِقِ
حَذَرِ الْمَوْتِ ؕ وَاللّٰهُ مُحِیْطٌ بِالْكَفْرِ ۝

২০. বিদ্যুতের চমক এমন যে, মনে হয় যেন
তাদের দৃষ্টিশক্তি কেড়ে নিয়ে যায়।
যখনই বিদ্যুৎ তাদের জন্য আলো
বিচ্ছুরিত করে, তখনই তারা সে
আলোতে চলতে থাকে, আবার যখন
অন্ধকার তাদের আচ্ছন্ন করে, তখন
তারা থমকে দাঁড়ায়। আর যদি আল্লাহ
ইচ্ছা করতেন, তখন তাদের শ্রবণ ও
দৃষ্টিশক্তি কেড়ে নিতেন। নিশ্চয় আল্লাহ
সর্ববিষয়ে, সর্বশক্তিমান।

۲۰- یَاۤکَادُ الْبَرُّتِ یُخْطَفُ ابْصَارُهُمْ كُلَّمَا
اَضَاءَ لَهُمْ مَّشَوا فِیْهِ ۚ وَاِذَا اَظْلَمَ عَلَیْهِمْ
قَامُوْا وَلَوْ شَاءَ اللّٰهُ لَذَهَبَ بِسَمْعِهِمْ
وَاَبْصَارِهِمْ ؕ
اِنَّ اللّٰهَ عَلٰی كُلِّ شَیْءٍ قَدِیْرٌ ۝

রিয়াকারীদের উপমা

সূরা বাকারা, ২ : ২৬১, ২৬২, ২৬৪, ২৬৫

২৬১. তাদের উপমা যারা আল্লাহর পথে
নিজদের ধন-সম্পদ ব্যয় করে, একটি
শস্য বীজের মত, যা সাতটি শীষ উৎপন্ন
করে, প্রতিটি শীষে একশ শস্যদানা।

۲۶۱- مَثَلُ الَّذِیْنَ یُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ
فِیْ سَبِیْلِ اللّٰهِ كَمَثَلِ حَبَّةٍ اَنْبَتَتْ سَبْعَ
سَنَابِلٍ فِیْ كُلِّ سُنْبُلَةٍ مِّاۤئَةُ حَبَّةٍ ؕ وَاللّٰهُ

আল্লাহ্ যাকে চান বহুগুণে বৃদ্ধি করে দেন। আল্লাহ্ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।

২৬২. যারা আল্লাহ্র পথে নিজেদের সম্পদ ব্যয় করে এবং যা ব্যয় করে তার কথা বলে বেড়ায় না এবং কষ্টও দেয় না, তাদের জন্য রয়েছে পুরস্কার তাদের রবের কাছে। তাদের কোন ভয় নেই, আর তারা দুঃখিত হবে না।

২৬৪. ওহে যারা ঈমান এনেছ! তোমরা দানের কথা বলে এবং কষ্ট দিয়ে তোমাদের দানকে ঐ ব্যক্তির মত বরবাদ করো না। যে নিজের সম্পদ লোক দেখানোর জন্য ব্যয় করে থাকে এবং আল্লাহ্ ও আখিরাতে ঈমান রাখে না। তার উপমা একটি মসৃণ পাথর, যার উপর কিছু মাটি থাকে, এরপর তার উপর প্রবল বৃষ্টিপাত হলে তারে পরিষ্কার করে রেখে দেয়। যা তারা উপার্জন করেছে, তার কিছুই তারা কাজে লাগাতে পারবে না। আল্লাহ্ কাকির লোকদের হিদায়েত দেন না।

২৬৫. তাদের উপমা : যারা আল্লাহ্র সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে এবং নিজেদের চিত্ত দৃঢ় করার জন্য স্থায়ী সম্পদ ব্যয় করে, উঁচু ভূমিতে অবস্থিত বাগানের মত, যাতে প্রবল বৃষ্টিপাত হয়, ফলে তার ফলমূল দ্বিগুণ জন্মে। যদি মুসলধারে বৃষ্টি নাও হয়, তবে হালকা বৃষ্টিই যথেষ্ট। তোমরা যা কর, আল্লাহ্ তার সম্যক দ্রষ্টা।

সূরা আলে ইমরান, ৩ : ৫৯

৫৯. নিশ্চয় আল্লাহ্র কাছে ঈসার দৃষ্টান্ত আদমের দৃষ্টান্তের মত। তিনি আদমকে মাটি দিয়ে সৃষ্টি করেছিলেন,

يُضْعِفُ لِمَنْ يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ ○

২৬২- الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ ثُمَّ لَا يُتْبِعُونَ مَا أَنْفَقُوا مَنًّا وَلَا أَذًى ۖ لَهُمْ أَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ○ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ○

২৬৪- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَبْطُلُوا صَدَقَاتِكُمْ بِالْمَنِّ وَالْأَذَى ۖ كَالَّذِي يُنْفِقُ مَالَهُ رِثَاءَ النَّاسِ وَلَا يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۖ فَنَثَلُهُ كَمَثَلِ صَفْوَانٍ عَلَيْهِ تُرَابٌ فَأَصَابَهُ وَابِلٌ فَتَرَكَهُ صَلْدًا ۖ لَا يَقْدِرُونَ عَلَى شَيْءٍ مِّمَّا كَسَبُوا ۗ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ ○

২৬৫- وَمِثْلُ الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ وَتَثْبِيتًا مِّنْ أَنفُسِهِمْ ۖ كَمَثَلِ جَنَّةٍ بِرَبْوَةٍ أَصَابَهَا وَابِلٌ فَآتَتْ أُكُلَهَا ضَعْفَيْنِ ۖ فَإِن لَّمْ يُصِبْهَا وَابِلٌ فَطُلَّتْ ۗ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ○

৫৯- إِنَّ مِثْلَ عِيسَىٰ عِنْدَ اللَّهِ كَمِثْلِ آدَمَ ۖ خَلَقَهُ مِن تُرَابٍ

তারপর তাকে বলেছিলেন : হও, ফলে
সে হয়ে গেল।

ثُمَّ قَالَ لَهُ كُنْ فَيَكُونُ ۝

কাফিরদের পার্থিব ব্যয়

সূরা আলে ইমরান, ৩ : ১১৭

১১৭. তারা এ পার্থিব জীবনে যা কিছু ব্যয় করে, তার উপমা ঐ বায়ুর মত, যাতে রয়েছে প্রচণ্ড হিম, যা আঘাত করল এমন লোকদের শস্যক্ষেত্রে, যারা নিজেদের প্রতি যুলুম করেছিল, ফলে সে বায়ু শস্যক্ষেত্রটি ধ্বংস করে দিল। আল্লাহ্ তাদের প্রতি কোন যুলুম করেননি, বরং তারা নিজেরাই নিজেদের প্রতি যুলুম করেছে।

۱۱۷- مَثَلُ مَا يُنْفِقُونَ فِي هَذِهِ الْحَيَاةِ الدُّنْيَا كَمَثَلِ رِيحٍ فِيهَا صِرٌّ أَصَابَتْ حَرْثَ قَوْمٍ ظَلَمُوا أَنْفُسَهُمْ فَأَهْلَكَتْهُ، وَمَا ظَلَمَهُمُ اللَّهُ وَلَكِنْ أَنْفُسُهُمْ يَظْلِمُونَ ۝

প্রবৃত্তির অনুসরণকারী

সূরা আ'রাফ, ৭ : ১৭৬

১৭৬. আর যদি আমি চাইতাম, তবে তাকে সে নিদর্শনাবলীর বদৌলতে উচ্চমর্যাদা দান করতাম, কিন্তু সে দুনিয়ার প্রতি আকৃষ্ট হয়ে পড়ল এবং নিজ প্রবৃত্তির অনুসরণ করতে লাগল। ফলত তার অবস্থা কুকুরের মত, যদি তুমি তাকে আক্রমণ কর, তবুও সে হাঁপাতে থাকে, আর যদি তুমি তাকে ছেড়ে দাও, তবুও সে হাঁপাতে থাকে। এ হলো সে সব লোকের উদাহরণ যারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে। অতএব আপনি এসব বৃত্তান্ত বর্ণনা করুন, যাতে তারা চিন্তা করে।

۱۷۶- وَلَوْ شِئْنَا لَرَفَعْنَاهُ بِهَا وَلَكِنَّهُ أَخْلَدَ إِلَى الْأَرْضِ وَاتَّبَعَ هَوَاهُ ۚ فَثَلَّثَهُ كَمَثَلِ الْكَلْبِ ۚ إِنْ تَحِمِلْ عَلَيْهِ يَلْهَثْ أَوْ تَتْرُكْهُ يَلْهَثْ ۚ ذَلِكَ مَثَلُ الْقَوْمِ الَّذِينَ كَذَبُوا بِآيَاتِنَا ۚ فَاقْصُصِ الْقَصَصَ لَعَلَّهُمْ يَتَفَكَّرُونَ ۝

দুনিয়ার জীবনের দৃষ্টান্ত

সূরা ইউনুস, ১০ : ২৪

২৪. বস্তুত পার্থিব জীবনের উদাহরণ এরূপ : যেমন আসমান থেকে আমি পানি বর্ষণ

۲۴- إِنَّمَا مَثَلُ الْحَيَاةِ الدُّنْيَا

করি, পরে তা সংমিশ্রিত হয়ে তা থেকে যমীনের ঘন সন্নিবিষ্ট উদ্ভিদ উৎপন্ন হয়, যা থেকে মানুষ ও জীব জন্তুরা খেয়ে থাকে। তারপর যমীন যখন তার মনোমুগ্ধকর দৃশ্য ধারণ করে এবং সুশোভিত হয়ে উঠে, আর যমীনের মালিকেরা ধারণা করে যে, তারা এখন এগুলোর পূর্ণ অধিকারী হয়েছে। তখন এসে পড়ল তার উপর আমার নির্দেশ রাতে কিংবা দিনে। ফলে আমি তা নিশ্চিহ্ন করে দিলাম, যেন গতকালও এর অস্তিত্ব ছিল না। এরূপই আমি বিশদভাবে আয়াতসমূহ বর্ণনা করি চিন্তাশীল লোকদের জন্য।

كَمَا أُنْزِلَتْهُ مِنَ السَّمَاءِ
فَاخْتَلَطَ بِهِ نَبَاتُ الْأَرْضِ
مِمَّا يَأْكُلُ النَّاسُ وَالْأَنْعَامُ
حَتَّى إِذَا أَخَذَتِ الْأَرْضُ زُخْرُفَهَا
وَارْزَلَتْ وَظَنَ أَهْلُهَا
أَنَّهُمْ قُدْرُونَ عَلَيْهَا ۚ أَلَمْ نَأْمُرْكَ لَيْلًا
أَوْ نَهَارًا فَجْعَلْنَاهَا حَصِيدًا ۚ كَانَتْ لَمْ
تَعْنِ بِالْأَمْسِ ۚ كَذَلِكَ نَقْصِلُ الْآيَاتِ
لِقَوْمٍ يَتَفَكَّرُونَ ○

কাফির ও মু'মিনের দৃষ্টান্ত

সূরা হুদ, ১১ : ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪

১৯. যারা মানুষকে আল্লাহর পথ থেকে বিরত রাখে এবং তাতে বক্রতা অনুসন্ধান করে আর তারা আখিরাতের প্রতিও অবিশ্বাসী।
২০. তারা অপারগ করতে পারেনি আল্লাহকে পৃথিবীতে, আর না ছিল তাদের জন্য আল্লাহ ছাড়া কোন অভিভাবক। তাদের জন্য আযাব দ্বিগুণ করা হবে। তারা শুনতেও পারত না এবং দেখতেও পেত না।
২১. এরা তারা, যারা নিজেরা নিজেদের ক্ষতি করেছে এবং এরা যে সব অলীক উপাস্য সাব্যস্ত করে রেখেছিল, যা তাদের থেকে উধাও হয়ে গেছে।
২২. নিঃসন্দেহে এরাই হবে আখিরাতের সর্বাপেক্ষা অধিক ক্ষতিগ্রস্ত।
২৩. নিশ্চয় যারা ঈমান এনেছে এবং নেক-আমল করেছে, আর স্বীয় রবের প্রতি

۱۹-الَّذِينَ يَصُدُّونَ عَنْ سَبِيلِ اللَّهِ
وَيَبْغُونَهَا عِوَجًا ۖ وَهُمْ بِالْآخِرَةِ
هُمْ كَافِرُونَ ○
۲০-أُولَٰئِكَ لَمْ يَكُونُوا مُعْجِزِينَ
فِي الْأَرْضِ وَمَا كَانَ لَهُمْ
مِنْ دُونِ اللَّهِ مِنْ أَوْلِيَاءَ ۚ مَ يُضْعَفُ
لَهُمُ الْعَذَابُ ۚ مَا كَانُوا يَسْتَطِيعُونَ
السَّمْعَ وَمَا كَانُوا يُبْصِرُونَ ○
۲১-أُولَٰئِكَ الَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ
وَضَلَّ عَنْهُمْ مَا كَانُوا يَفْتَرُونَ ○
۲২-لَا جَرَمَ لَهُمْ فِي الْآخِرَةِ
هُمْ الْأَخْسَرُونَ ○
۲৩-إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ

বিণত হয়েছে তারাই জান্নাতের অধিকারী, সেখানে তারা অনন্তকাল থাকবে।

২৪. দল দু'টির উদাহরণ অন্ধ ও বধিরের এবং চক্ষুস্থান ও শ্রবণশক্তি সম্পন্নের মত। এরা দু'জন কি অবস্থার দিক দিয়ে সমান হতে পারে? তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করবে না?

وَاخْتَبْتُوا إِلَىٰ رَبِّهِمْ ۖ أُولَٰئِكَ أَصْحَابُ الْجَنَّةِ ۖ

هُمْ فِيهَا خَالِدُونَ ○

২৫- مَثَلُ الْفَرِيقَيْنِ كَالْأَعْمَىٰ وَالْأَصْمَىٰ

وَالْبَصِيرُ وَالسَّمِيعُ ۖ هَلْ يَسْتَوِينَ مَثَلًا ۖ

أَفَلَا تَذَكَّرُونَ ○

জান্নাতের উপমা

সূরা রা'দ, ১৩ : ১৫

১৫. মুত্তাকীদের যে জান্নাতের ওয়াদা দেয়া হয়েছে, তার উপমা এরূপ : তার পাদদেশে নহর প্রবাহিত হয় এবং তার ফল ও তার ছায়া চিরস্থায়ী। যারা মুত্তাকী এ হলো তাদের কর্মের প্রতিদান, আর কাফিরদের পরিণাম দোযখ।

১৫- وَلِلَّهِ يَسْجُدُ مَنْ فِي السَّمَوَاتِ

وَالْأَرْضِ طَوْعًا وَكَرْهًا

وُظِلُّهُمْ بِالْغُدُوِّ وَالْآصَالِ ○

কাফিরদের উপমা

সূরা ইব্রাহীম, ১৪ : ১৮

১৮. যারা তাদের রবের সাথে কুফরী করে তাদের উপমা : তাদের কর্মসমূহ ছাই ভেস্তের মত, যা ঝড়ের দিনের বাতাস প্রচণ্ড বেগে উড়িয়ে নিয়ে যাবে। যা তারা উপার্জন করে তার কিছুই তারা কাজে লাগাতে পারবে না। এটাই হলো ঘোরতর গুমরাহী।

১৮- مَثَلُ الَّذِينَ كَفَرُوا بِرَبِّهِمْ

أَعْمَالُهُمْ كَرَمَادٍ ۖ اشْتَدَّتْ بِهِ الرِّيحُ فِي يَوْمٍ عَاصِفٍ ۖ لَا يَقْدِرُونَ مِمَّا كَسَبُوا عَلَىٰ شَيْءٍ ۚ

○ ذَلِكَ هُوَ الضَّلَالُ الْبَعِيدُ ○

কালিমায়ে তাইয়েব্বা ও কালিমায়ে খাবীসা

সূরা ইব্রাহীম, ১৪ : ২৪, ২৫, ২৬, ২৭

২৪. আপনি কি লক্ষ্য করেননি, আল্লাহ কিভাবে উপমা দিয়েছেন “কালিমায়ে তাইয়েব্বার” : তা একটা পবিত্র বৃক্ষের মত, যার শিকড় সুদৃঢ় এবং যার শাখা-প্রশাখা উর্ধ্বে বিস্তৃত,
২৫. যা প্রত্যেক মওসুমে ফলদান করে তার রবের নির্দেশে। আর আল্লাহ মানুষের

২৪- أَلَمْ تَرَ كَيْفَ ضَرَبَ اللَّهُ مَثَلًا

كَلِمَةً طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ

أَصْلُهَا ثَابِتٌ وَفَرْعُهَا فِي السَّمَاءِ ○

২৫- تُوْتِي أَكْلَهَا كُلَّ حِينٍ بِإِذْنِ رَبِّهَا ۖ

وَيَضْرِبُ اللَّهُ الْأَمْثَالَ لِلنَّاسِ

জন্য উপমা দিয়ে থাকেন, যাতে তারা উপদেশ গ্রহণ করে।

২৬. আর “খাবীস কালিমার” উপমা যেন একটি নিকৃষ্ট বৃক্ষ, যার মূল যমীন থেকে বিচ্ছিন্ন, যার কোন স্থায়িত্ব নেই।
২৭. যারা শাস্ততবাণী “কালিমায়ে তাইয়েব্যায়” ঈমান রাখে, আল্লাহ তাদেরকে দুনিয়ার জীবনে ও আখিরাতে সুপ্রতিষ্ঠিত রাখবেন এবং যারা যালিম আল্লাহ তাদেরকে গুমরাহীতে রেখে দেবেন। আল্লাহ যা চান তা করেন।

لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ○

২৬- وَمِثْلُ كُلِّمَةٍ خَبِيثَةٍ كَشَجَرَةٍ خَبِيثَةٍ ۖ اجْتُثَّتْ مِنْ قُوقِ الْأَرْضِ مَا لَهَا مِنْ قَرَارٍ ○

২৭- يَثْبُتُ اللَّهُ الَّذِينَ آمَنُوا بِالْقَوْلِ الثَّابِتِ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَفِي الْآخِرَةِ ۖ وَيُضِلُّ اللَّهُ الظَّالِمِينَ ۖ وَيَفْعَلُ اللَّهُ مَا يَشَاءُ ○

কসম ভংগকারীর উপমা

সূরা নাহল, ১৬ : ৯১, ৯২

৯১. যখন তোমরা পরস্পর আল্লাহর নামে ওয়াদা কর, তখন তা পূর্ণ কর এবং আল্লাহকে জামিন করে নিজেদের কসম দৃঢ় করার পর তোমরা তা ভঙ্গ করো না। নিশ্চয় আল্লাহ জানেন, তোমরা যা কর।
৯২. তোমরা হয়ো না ঐ নারীর মত, যে তার সূতা মজবুত করে পাকানোর পর তার পাক খুলে টুকরা টুকরা করে ফেলে। তোমরা পরস্পরকে প্রবঞ্চনা করার জন্য নিজেদের কসমকে ব্যবহার করে থাক, যাতে একদল অন্যদল অপেক্ষা অধিক লাভবান হয়। এ দিয়ে আল্লাহ তো শুধু তোমাদের পরীক্ষা করেন। অবশ্যই আল্লাহ কিয়ামতের দিন তোমাদের কাছে স্পষ্ট প্রকাশ করে দেবেন, যে বিষয়ে তোমরা মতভেদ করতে তা।

৯১- وَأَوْفُوا بِعَهْدِ اللَّهِ إِذَا عَاهَدْتُمْ وَلَا تَنْقُضُوا الْأَيْمَانَ بَعْدَ تَوْكِيدِهَا وَقَدْ جَعَلْتُمُ اللَّهَ عَلَيْكُمْ كَفِيلًا ۖ إِنَّ اللَّهَ يَعْلَمُ مَا تَفْعَلُونَ ○

৯২- وَلَا تَكُونُوا كَالَّتِي نَقَضَتْ غَزْلَهَا مِنْ بَعْدِ قُوَّةٍ أَنْكَاثًا ۖ تَتَّخِذُونَ أَيْمَانَكُمْ دَخَلًا بَيْنَكُمْ أَنْ تَكُونَ أُمَّةٌ هِيَ أَرْبَى مِنْ أُمَّةٍ ۗ إِنَّمَا يَبْلُوكُمُ اللَّهُ بِهِ ۖ وَلِيُبَيِّنَ لَكُمْ يَوْمَ الْقِيَامَةِ مَا كُنْتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ○

কর্তৃত্বহীন দাস ও দানশীল ব্যক্তি

সূরা নাহল, ১৬ : ৭৫

৭৫. আল্লাহ উপমা দিয়েছেন একটি ক্রীতদাসের, যে কোন কিছুর উপর

ۗ-۷۵ ضَرَبَ اللَّهُ مَثَلًا عَبْدًا

ক্ষমতা রাখে না এবং এমন এক ব্যক্তির, যাকে আমি নিজের তরফ থেকে প্রচুর রিযিক দান করেছি এবং সে তা থেকে ব্যয় করে গোপনে ও প্রকাশ্যে। তারা কি উভয়ে সমান হতে পারে? সমস্ত প্রশংসা আল্লাহর, কিন্তু তাদের অধিকাংশই জানে না।

مَمْلُوكًا لَا يَقْدِرُ عَلَى شَيْءٍ
وَمَنْ رَزَقْنَاهُ مِنَّا رِزْقًا حَسَنًا
فَهُوَ يَنْفِقُ مِنْهُ سِرًّا وَجَهْرًا
هَلْ يَسْتَوْنَ ۖ الْحَمْدُ لِلَّهِ
بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ

ক্ষমতাহীন বোবা ও ক্ষমতাবান ন্যায়পরায়ণ ব্যক্তি

সূরা নাহল, ১৬ : ৭৬

৭৬. আর আল্লাহ্ আরো উপমা দিয়েছেন দুই ব্যক্তির : তাদের মধ্যে একজন বোবা, কোন কাজই করতে পারে না; তাই সে তার মনীবের গলগ্রহ। মনীব তাকে যেখানেই পাঠায় সে ভাল কিছুই করে আসতে পারে না। সে কি ঐ ব্যক্তির সমান হতে পারে, যে ন্যায়ের আদেশ দেয় এবং সরল পথে রয়েছে?

۷۶- وَضَرَبَ اللَّهُ مَثَلًا رَجُلَيْنِ أَحَدُهُمَا
أَبْكُمُ لَا يَقْدِرُ عَلَى شَيْءٍ وَهُوَ كَلٌّ
عَلَى مَوْلَاهُ ۚ آيِنَّمَا يُوَجَّهُهُ لَأَيَّاتٍ بِخَيْرٍ
هَلْ يَسْتَوِي هُوَ وَمَنْ يَأْمُرُ بِالْعَدْلِ
وَهُوَ عَلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ

পার্শ্ব জীবন

সূরা কাহফ, ১৮ : ৪৫, ৪৬

৪৫. আর আপনি পেশ করুন তাদের কাছে পার্শ্ব জীবনের উপমা : তা হলো পানির মত, যা আমি আসমান থেকে বর্ষণ করি, যার সাহায্যে ভূমিজ উদ্ভিদ সবুজ শ্যামল হয়ে উদ্গত হয়, তারপর তা শুকিয়ে এমন চূর্ণ-বিচূর্ণ হয়ে যায় যে, বাতাস তাকে উড়িয়ে নিয়ে যায়। আল্লাহ্ সব কিছুর উপর সর্বশক্তিমান।

۴۵- وَاضْرِبْ لَهُم مَّثَلَ الْحَيَاةِ الدُّنْيَا
كَمَاءٍ أَنْزَلْنَاهُ مِنَ السَّمَاءِ فَاخْتَلَطَ بِهِ
نَبَاتُ الْأَرْضِ فَأَصْبَحَ هَشِيمًا تَذْرُوهُ
الرِّيْحُ ۖ وَكَانَ اللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ
مُقْتَدِرًا

৪৬. ধন-সম্পদ ও সম্ভান-সম্ভতি দুনিয়ার জীবনের শোভা ; আর স্থায়ী নেক আমল তোমার রবের কাছে সাওয়াবের দিক দিয়েও শ্রেয় এবং হিসাবের দিক দিয়েও উৎকৃষ্ট।

۴۶- الْمَالُ وَالْبَنُونَ زِينَةُ الْحَيَاةِ الدُّنْيَا
وَالْبَقِيَّةُ الصَّالِحَةُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ
ثَوَابًا وَخَيْرٌ أَمَلًا

দেবতাদের পূজার অসারতা

সূরা হায্জ, ২২ : ৭৩, ৭৪

৭৩. হে মানুষ! একটি উপমা দেয়া হচ্ছে, মনোযোগের সাথে তা শ্রবণ কর : তোমরা আল্লাহকে ছেড়ে যাদের পূজা কর, তারা তো কখনো একটি মাছিও সৃষ্টি করতে পারবে না, যদি তারা এ উদ্দেশ্যে সবাই একত্রিত হয়। আর মাছি যদি তাদের কাছ থেকে কোন কিছু ছিনিয়ে নিয়ে যায়, তবে তারা তা তার কাছ থেকে উদ্ধার করতে পারবে না। পূজারী ও দেবতা উভয়ই কত অক্ষম!

৭৪. তারা আল্লাহকে তেমন মর্যাদা দেয়নি, যেমন মর্যাদা তাঁকে দেয়া উচিত ছিল। নিশ্চয় আল্লাহ্ মহাক্ষমতাবান, পরাক্রম-শালী।

۷۳-يَا أَيُّهَا النَّاسُ ضُرِبَ مَثَلٌ
فَاسْمِعُوا لَهُ ۖ إِنَّ الَّذِينَ تَدْعُونَ مِنْ
دُونِ اللَّهِ
لَنْ يَخْلُقُوا ذُبَابًا وَلَوْ اجْتَمَعُوا لَهُ ۖ
وَإِنْ يَسْلُبْهُمُ الذُّبَابُ شَيْئًا
لَا يَسْتَنْقِذُوهُ مِنْهُ ۖ
ضَعْفَ الطَّالِبِ وَالْمَطْلُوبِ ۚ
۷۴-مَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ ۖ
إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ ۝

আল্লাহর নূর

সূরা নূর, ২৪ : ৩৪, ৩৫

৩৪. আর আমি তো নাযিল করেছি তোমাদের কাছে সুস্পষ্ট আয়াতসমূহ, তোমাদের পূর্ববর্তীদের জন্য কিছু দৃষ্টান্ত এবং মুত্তাকীদের জন্য উপদেশ।

৩৫. আল্লাহ্ আসমান ও যমীনের নূর, তাঁর নূরের উপমা যেন একটি তাক, যাতে আছে একটি প্রদীপ, সে প্রদীপটি একটি কাঁচের আবরণের মধ্যে রয়েছে, কাঁচের আবরণটি যেন একটি উজ্জ্বল নক্ষত্র, সে প্রদীপ জ্বালান হয় পূত-পবিত্র যায়তুন বৃক্ষের তেল দিয়ে, যা পূর্বেরও নয় এবং পশ্চিমেরও নয়, আগুন তা স্পর্শ না করলেও যেন তার তেল নিজেই উজ্জ্বল আলো দিচ্ছে, নূরের উপর নূর। আল্লাহ্ যাকে চান, নিজের নূরের দিকে হিদায়েত দান করেন। আল্লাহ্ মানুষের

۳۴-وَلَقَدْ أَنْزَلْنَا إِلَيْكُمْ آيَاتٍ مُبَيِّنَاتٍ
وَمَثَلًا مِّنَ الَّذِينَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ
وَمَوْعِظَةً لِّلْمُتَّقِينَ ۝

۳۵-اللَّهُ نُورُ السَّمَوَاتِ وَالْأَرْضِ ۚ
مَثَلُ نُورِهِ كَمِشْكَاةٍ فِيهَا مِصْبَاحٌ ۚ الْمِصْبَاحُ
فِي زُجَاجَةٍ ۚ الزُّجَاجَةُ كَأَنَّهَا كَوْكَبٌ دُرِّيٌّ
يُوقَدُ مِنْ شَجَرَةٍ مُّبَارَكَةٍ زَيْتُونَةٍ لَا شَرْقِيَّةٍ
وَلَا غَرْبِيَّةٍ ۚ يَكَادُ زَيْتُهَا يُضِيءُ وَلَوْ لَمْ
تَمْسَسْهُ نَارٌ ۚ نُورٌ عَلَى نُورٍ ۚ يَهْدِي اللَّهُ
لِنُورِهِ مَن يَشَاءُ ۚ وَيَضْرِبُ اللَّهُ الْأَمْثَالَ

জন্য উপমা দিয়ে থাকেন। আর আল্লাহ
সর্ববিষয়ে সর্বজ্ঞ।

لِّلنَّاسِ ۖ وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ۝

কাফিরদের কর্ম

সূরা নূর, ২৪ : ৩৯, ৪০

৩৯. আর যারা কুফরী করে, তাদের কর্ম
মরুভূমির মরীচিকা সদৃশ, তৃষ্ণার্ত
লোক যাকে দূর থেকে পানি বলে মনে
করে। কিন্তু সে যখন সেখানে যায়,
তখন সে কিছুই পায় না এবং পায়
সেখানে আল্লাহকে। তারপর আল্লাহ
তার কর্মফল পূর্ণ মাত্রায় দেবেন। আর
আল্লাহ হিসাব গ্রহণে তৎপর।

۳۹- وَالَّذِينَ كَفَرُوا أَعْمَالُهُمْ كَسَرَابٍ
بِقِيعَةٍ يَحْسَبُهُ الظَّمْآنُ مَاءً ۖ
حَتَّىٰ إِذَا جَاءَهُ لَمْ يَجِدْهُ شَيْئًا
وَوَجَدَ اللَّهَ عِنْدَهُ فَوَفَّاهُ حِسَابَهُ ۖ
وَاللَّهُ سَرِيعُ الْحِسَابِ ۝

৪০. অথবা তাদের কার্যাবলী গভীর সমুদ্রের
তলদেশের অন্ধকারের ন্যায়, যাকে
আচ্ছন্ন করে তরঙ্গের উপর তরঙ্গ, যার
উপরে রয়েছে কালোমেঘ। অন্ধকারের
উপর অন্ধকার। এমনকি যখন কেউ
তার হাত বের করবে, তখন সে তা
আদৌ দেখতে পাবে না। আল্লাহ যাকে
হিদায়েতের নূর দান করেন না, তার
জন্য কোন নূর নেই।

۴۰- أَوْ كَظُلُمٍ فِي بَحْرٍ لَّيِّ يَغْشَاهُ
مَوْجٌ مِّنْ فَوْقِهِ مَوْجٌ مِّنْ فَوْقِهِ سَحَابٌ ۖ
ظُلُمٌ بَعْضُهَا فَوْقَ بَعْضٍ ۖ إِذَا أَخْرَجَ
يَدَهُ لَمْ يَكِدْ يَرِبَهَا ۖ وَمَنْ لَّمْ يَجْعَلِ
اللَّهُ لَهُ نُورًا فَلَا لَهُ مِنْ نُورٍ ۝

যারা আল্লাহকে ছেড়ে অন্যকে মাবুদ হিসাবে গ্রহণ করে তাদের উপমা

সূরা আনকাবূত, ২৯ : ৪১

৪১. যারা আল্লাহকে ছেড়ে অন্যকে
অভিভাবকরূপে গ্রহণ করে, তাদের
দৃষ্টান্ত ঐ মাকড়সার মত, যে একটি ঘর
বানিয়েছে আর নিঃসন্দেহে সব ঘরের
মধ্যে মাকড়সার ঘরই তো দুর্বলতম।
যদি তারা জানত!

۴۱- مَثَلُ الَّذِينَ اتَّخَذُوا مِنْ دُونِ
اللَّهِ أَوْلِيَاءَ كَمَثَلِ الْعَنْكَبُوتِ ۖ إِتَّخَذَتْ
بَيْتًا ۖ وَإِنَّ أَوْهَنَ الْبُيُوتِ لَبَيْتُ
الْعَنْكَبُوتِ ۖ لَوْ كَانُوا يَعْلَمُونَ ۝

মানুষের নিজেদের মধ্যের একটি উপমা

সূরা রুম, ৩০ : ২৮

২৮. আল্লাহ তোমাদের জন্য তোমাদের
নিজেদের মধ্য থেকে একটি দৃষ্টান্ত

۲۸- ضَرَبَ لَكُمْ مَثَلًا مِّنْ أَنْفُسِكُمْ ۖ

বর্ণনা করেছেন : আমি তোমাদের যে রিয়ক দিয়েছি, তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীদের কেউ কি তাতে অংশীদার ? ফলে তোমরা কি এতে সমান? তোমরা কি তাদেরকে সেরূপ ভয় কর, যে রূপ তোমরা পরস্পরকে ভয় কর ? এভাবেই আমি বোধশক্তিসম্পন্ন লোকদের জন্য নিদর্শনসমূহ বিশদভাবে বর্ণনা করি।

আল-কুরআনে সব ধর

সূরা রুম, ৩০ : ৫৮

৫৮. আর আমি তো বর্ণনা করেছি এ কুরআনে মানুষের জন্য সব ধরনের দৃষ্টান্ত। আপনি যদি তাদের কাছে কোন নিদর্শন নিয়ে আসেন, তখন কাফিররা বলবে : তোমরা তো বাতিলপন্থী ছাড়া আর কিছুই নও।

দু'জন দাস

সূরা যুমার, ৩৯ : ২৯

২৯. আল্লাহ্ একটি দৃষ্টান্ত পেশ করেছেন : একজন দাস, যার রয়েছে পরস্পর বিরুদ্ধভাবাপন্ন কয়েকজন মালিক আর একজন দাস, যার আছে কেবল একজন মালিক, এদের দু'জনের অবস্থা কি সমান হতে পারে ? সমস্ত প্রশংসা আল্লাহ্র। কিন্তু তাদের অধিকাংশই জানে না।

যাদের তাওরাত দেয়া হয়েছিল, কিন্তু

সূরা জুমু'আ, ৬২ : ৫

৫. যাদেরকে তাওরাত অনুযায়ী আমল করার নির্দেশ দেয়া হয়েছিল, কিন্তু তারা তদনুযায়ী আমল করেনি, তাদের দৃষ্টান্ত

সেই গাধার মত, যে পুস্তক বহন করে।
কত নিকৃষ্ট তাদের দৃষ্টান্ত, যারা আল্লাহর
আয়াতকে অস্বীকার করে। আর আল্লাহ
যালিম কাওমকে হিদায়েত করেন না।

يُسْأَلُ مَثَلُ الْقَوْمِ الَّذِينَ كَذَبُوا آيَاتِ
اللَّهِ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ○

নূহের স্ত্রী ও লূতের স্ত্রীর দৃষ্টান্ত

সূরা তাহরীম, ৬৬ : ১০

১০. আল্লাহ কাফিরদের জন্য দৃষ্টান্ত পেশ
করছেন নূহের স্ত্রীর ও লূতের স্ত্রীর :
তারা ছিল আমার নেকবান্দাদের মধ্যে
দুই বান্দার অধীনে। কিন্তু তারা তাদের
প্রতি বিশ্বাসঘাতকতা করেছিল। কিন্তু
নূহ ও লূত তাদেরকে আল্লাহর শাস্তি
থেকে একটুও বাঁচাতে পারেনি। তাদের
বলা হলো : জাহান্নামে প্রবেশকারীদের
সাথে তোমরাও প্রবেশ কর।

۱۰- ضَرَبَ اللَّهُ مَثَلًا لِلَّذِينَ كَفَرُوا امْرَأَتِ
نُوحٍ وَامْرَأَتِ لُوطٍ ۚ
كَانَتَا تَحْتَ عَبْدَيْنِ مِنْ عِبَادِنَا
صَالِحَيْنِ فَخَانَتَهُمَا فَلَمْ يُغْنِيَا
عَنْهُمَا مِنَ اللَّهِ شَيْئًا
وَقِيلَ ادْخُلَا النَّارَ مَعَ الدَّٰخِلِينَ ○

দু'জন সৎনারীর দৃষ্টান্ত

সূরা তাহরীম, ৬৬ : ১১, ১২

১১. আর আল্লাহ দৃষ্টান্ত পেশ করছেন
মু'মিনদের জন্য ফির'আওনের স্ত্রীর, সে
প্রার্থনা করেছিল : হে আমার রব!
আমার জন্য আপনার কাছে জান্নাতে
একটি গৃহ নির্মাণ করুন এবং আমাকে
নাজাত দিন ফির'আওন ও তার দুষ্কর্ম
থেকে। আর আমাকে রক্ষা করুন
যালিম কাওম থেকে।

۱۱- وَضَرَبَ اللَّهُ مَثَلًا لِلَّذِينَ
آمَنُوا امْرَأَتَ فِرْعَوْنَ
إِذْ قَالَتْ رَبِّ ابْنِ لِي عِنْدَكَ بَيْتًا
فِي الْجَنَّةِ وَنَجِّنِي
مِنْ فِرْعَوْنَ وَعَمَلِهِ
وَنَجِّنِي مِنَ الْقَوْمِ الظَّالِمِينَ ○

১২. আরো দৃষ্টান্ত পেশ করেছেন ইমরানের
কন্যা মারইয়ামের : যে তার সতীত্ব
রক্ষা করেছিল। ফলে আমি তার মধ্যে
আমার তরফ থেকে রূহ ফুঁকে
দিয়েছিলাম এবং সে তার রবের বাণী ও
কিতাবসমূহ সত্য বলে গ্রহণ করেছিল।
আর সে ছিল বিনয়ী, ইবাদতকারীদের
অন্তর্ভুক্ত।

۱۲- وَمَرْيَمَ ابْنَتَ عِمْرَانَ الَّتِي
أَحْصَيْنَا فَرْجَهَا فَنَفَخْنَا فِيهِ
مِنْ رُوحِنَا وَصَدَّقَتْ بِكَلِمَاتِ رَبِّهَا
وَكُتِبَ لَهَا ○

সপ্তম পরিচ্ছেদ

মীসাক, আহাদ ও কসম বা অঙ্গীকার, চুক্তি ও শপথ

সূরা বাকারা, ২ : ৪০, ৬৩, ৮৩, ৮৪, ৯৩,
১০০, ১২৪, ১৭৭

৪০. হে বনী ইসরাঈল! তোমরা স্মরণ কর
আমার সে অনুগ্রহ, যা আমি তোমাদের
প্রতি করেছি এবং পূর্ণ কর আমার সঙ্গে
কৃত তোমাদের অঙ্গীকার, আমিও
তোমাদের সাথে আমার অঙ্গীকার পূর্ণ
করব। আর তোমরা কেবল আমাকেই
ভয় কর।

৬৩. আর স্মরণ কর, যখন আমি তোমাদের
কাছ থেকে অঙ্গীকার নিয়েছিলাম এবং
'তুর'-কে তোমাদের উপর তুলে ধরে
বলেছিলাম : আমি তোমাদের যা
দিলাম, তা দৃঢ়ভাবে ধর এবং তাতে যা
আছে তা স্মরণ রেখ। যাতে তোমরা
সাবধান হয়ে চলতে পার।

৮৩. স্মরণ কর, যখন আমি বনী ইসরাঈলের
কাছ থেকে অঙ্গীকার নিয়েছিলাম যে,
তোমরা আল্লাহ্ ছাড়া অন্য কারো
ইবাদত করবে না, মাতাপিতা, আত্মীয়-
স্বজন, ইয়াতীম ও দরিদ্রদের সাথে সদয়
ব্যবহার করবে, মানুষের সাথে সদালাপ
করবে, সালাত কায়েম করবে এবং
যাকাত দেবে। তখন অল্প কয়েকজন
ছাড়া তোমরা অগ্রাহ্যকারী হয়ে মুখ
ফিরিয়ে নিলে।

৮৪. আর যখন আমি তোমাদের কাছ থেকে
অঙ্গীকার নিয়েছিলাম যে, তোমরা

৬০- يٰۤاَيُّهَاۤ اِسْرَآءِیْلَ اذْكُرُوْا نِعْمَتِیَ الَّتِیْ
اَنْعَمْتُ عَلَیْكُمْ وَاَوْفُوا۟ بِعَهْدِیْٓ اُوْفِ
بِعَهْدِیْكُمْ
وَإِیَّایْ فَارْهَبُوْۤنَ ۝

৬৩- وَإِذْ اَخَذْنَا مِیثَاقَکُمْ وَرَفَعْنَا فَوْقَکُمُ
الطُّوْرَ خُذُوْا مَاۤ اَتٰیْنٰکُمْ بِقُوَّةٍ
وَادْكُرُوْا مَا فِیْهِ لَعَلَّکُمْ تَتَّقُوْنَ ۝

৮৩- وَإِذْ اَخَذْنَا مِیثَاقَ بَنِیۤ اِسْرَآءِیْلَ
لَا تَعْبُدُوْنَ اِلَآ اللّٰهَ ت وَبِالْوَالِدَیْنِ اِحْسَآۤئًا
وَّذِی الْقُرْبٰی وَالْیَتٰمٰی وَالْمَسٰکِیْنِ
وَقُوْلُوْا لِلنَّاسِ حُسْنًا وَّاَقِیْمُوا الصَّلٰوةَ
وَآتُوا الزَّکٰوةَ ۖ ثُمَّ تَوَلَّیْتُمْ اِلَّا قَلِیْلًا مِّنْکُمْ
وَاَنْتُمْ مُّعْرِضُوْنَ ۝

৮৪- وَإِذْ اَخَذْنَا مِیثَاقَکُمْ لَا تَسْفِكُوْنَ

পরস্পরের রক্তপাত করবে না, আর তোমরা তোমাদের আপন জনদের স্বদেশ থেকে বহিস্কার করবে না; তখন তোমরা তা স্বীকার করেছিলে এবং এ বিষয়ে তোমরাই সাক্ষী।

৯৩. আর স্মরণ কর, যখন আমি তোমাদের কাছ থেকে ওয়াদা নিয়েছিলাম এবং তোমাদের উপর 'তূর'-কে তুলে ধরেছিলাম, বলেছিলাম : দৃঢ়ভাবে ধর যা আমি তোমাদের দিয়েছি এবং শোন। তারা বলেছিল : আমরা শোনলাম এবং অমান্য করলাম। কুফরীর কারণে তাদের হৃদয়ে বাছুর-প্রীতি সিঞ্চিত হয়েছিল। আপনি বলুন : যদি তোমরা বিশ্বাসী হও, তবে তোমাদের বিশ্বাস যে নির্দেশ দেয়, তা কতই না মন্দ!

১০০. কী আশ্চর্য! যখনই বনী ইসরাঈল কোন অঙ্গীকারে আবদ্ধ হয়, তখনই তাদের কোন একদল তা ভঙ্গ করে, বরং তাদের অধিকাংশই বিশ্বাস করে না।

১২৪. আর স্মরণ কর, ইব্রাহীমকে তার রব কয়েকটি কথা দিয়ে পরীক্ষা করলেন, তারপর সে তা পূর্ণ করল। আল্লাহ বললেন : আমি তোমাকে মানব জাতির নেতা বানাব। সে বলল : আমার বংশধরদের মধ্য থেকেও ? আল্লাহ বললেন : আমার ওয়াদা যালিমদের ব্যাপারে প্রযোজ্য নয়।

১৭৭. কোন পুণ্য নেই পূর্ব এবং পশ্চিম দিকে তোমাদের মুখ ফিরানতে। কিন্তু পুণ্য আছে কেউ ঈমান আনলে আল্লাহর উপর, আখিরাতের উপর, ফিরিশতা-গণের উপর, সকল কিতাবের উপর, আর সকল নবীদের উপর এবং অর্থ দান করলে আল্লাহ প্রেমে আত্মীয়-স্বজন,

وَمَا لَكُمْ وَلَا تُخْرِجُونَ أَنْفُسَكُمْ مِنْ دِيَارِكُمْ ثُمَّ أَقْرَرْتُمْ وَأَنْتُمْ تَشْهَدُونَ ○

১২-وَإِذْ أَخَذْنَا مِيثَاقَكُمْ وَرَفَعْنَا فَوْقَكُمُ الطُّورَ خُذُوا مَا آتَيْنَاكُمْ بِقُوَّةٍ وَأَسْمِعُوا قَالُوا سَمِعْنَا وَعَصَيْنَا وَأَشْرَبُونَا فِي قُلُوبِهِمُ الْعِجْلَ بِكُفْرِهِمْ قُلْ بِسْمِ اللَّهِ يَأْمُرُكُمْ بِهِ إِيْمَانُكُمْ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ○

১-أَوْ كَلِمَاتٍ عَهْدٌ وَعَهْدٌ نَبَذَهُ فَرِيقٌ مِنْهُمْ بَلْ أَكْثَرُهُمْ لَا يُؤْمِنُونَ ○

১২৪-وَإِذْ ابْتَلَىٰ إِبْرَاهِيمَ رَبُّهُ بِكَلِمَاتٍ فَأَتَمَّهُنَّ ۖ قَالَ إِنِّي جَاعِلُكَ لِلنَّاسِ إِمَامًا ۖ قَالَ وَمِنْ ذُرِّيَّتِي ۖ قَالَ لَا يَنْتَالُ عَهْدِي الظَّالِمِينَ ○

১৭৭-لَيْسَ الْبِرُّ أَنْ تُولُوا وُجُوهَكُمْ قَبْلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلَكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَالْمَلَائِكَةِ وَالْكِتَابِ وَالنَّبِيِّينَ، وَأَتَى الْمَالَ عَلَىٰ حُبِّهِ ذَوِي الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسْكِينِ وَابْنَ السَّبِيلِ وَالسَّائِلِينَ وَفِي الرِّقَابِ، وَأَقَامَ

ইয়াতীম, মিস্কীন, মুসাফির, সাহায্য-প্রার্থী এবং দাস মুক্তির জন্য আর সালাত কায়েম করলে, যাকাত দিলে, কৃত ওয়াদা পূর্ণ করলে এবং অভাবে, রোগে শোকে ও সংগ্রাম সংকটে সবার করলে। এরাই হলো প্রকৃত সত্যপরায়ণ এবং এরাই মুত্তাকী।

সূরা আলে ইমরান, ৩ : ৭৬, ৭৭, ৮১, ১৮৭

৭৬. হাঁ, অবশ্যই যে ব্যক্তি তার অঙ্গীকার পূর্ণ করে এবং তাকুওয়া অবলম্বন করে, তবে তো এরূপ মুত্তাকীদের আল্লাহ্ ভালবাসেন।

৭৭. নিশ্চয় যারা আল্লাহর সংগে কৃত ওয়াদার পরিবর্তে এবং নিজেদের শপথের পরিবর্তে সামান্য বিনিময় গ্রহণ করে, তাদের জন্য আখিরাতে কোন অংশ নেই। আর কিয়ামতের দিন আল্লাহ্ তাদের সাথে কথা বলবেন না, তাদের দিকে তাকাবেন না এবং তাদের পরিশুদ্ধও করবেন না। তাদের জন্য নির্ধারিত আছে যন্ত্রণাদায়ক শাস্তি।

৮১. আর স্মরণ কর, যখন আল্লাহ্ অঙ্গীকার নিয়েছিলেন নবীদের কাছ থেকে যে, যা কিছু আমি তোমাদের কিতাব ও হিক্মত দিয়েছি এবং তোমাদের কাছে যা আছে তার সত্যায়নকারীরূপে যখন একজন রাসূল আসবে, তখন অবশ্যই তোমরা তাঁর প্রতি ঈমান আনবে এবং তাকে সাহায্য করবে। তারপর আল্লাহ্ বললেন : তোমরা কি স্বীকার করলে এবং এ বিষয়ে আমার অঙ্গীকার কবুল করলে? তারা বলল : আমরা স্বীকার করলাম। আল্লাহ্ বললেন : তা হলে তোমরা সাক্ষী থাক এবং আমিও তোমাদের সাথে সাক্ষী থাকলাম।

الصَّلَاةَ وَإِاتَى الزَّكَاةَ وَالْمُؤْتُونَ بِعَهْدِهِمْ
إِذَا عٰهَدُوْا وَالصّٰدِقِيْنَ فِي الْبَآسِآءِ
وَالضَّرَآءِ وَحِيْنَ الْبَآسِ اُولٰٓئِكَ الَّذِيْنَ
صَدَقُوْا وَاُولٰٓئِكَ هُمُ الْمُتَّقُوْنَ ○

৭৬- بَلٰى مَنْ اَوْفٰى بِعَهْدِهٖ
وَآتٰى فَاِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَّقِيْنَ ○

৭৭- اِنَّ الَّذِيْنَ يَشْتَرُوْنَ بِعَهْدِ اللّٰهِ
وَاٰمِنٰهُمْ ثَمَنًا قَلِيْلًا
اُولٰٓئِكَ لَا خَلٰقَ لَهُمْ فِي الْاٰخِرَةِ
وَلَا يُكَلِّمُهُمُ اللّٰهُ وَلَا يَنْظُرُ اِلَيْهِمْ يَوْمَ
الْقِيَمَةِ وَلَا يَزَكِّيْهِمْ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ

৮১- وَاِذْ اَخَذَ اللّٰهُ مِيثَاقَ النَّبِيِّنَ
لَآ اَتِيْتَكُمْ مِنْ كِتٰبٍ وَحِكْمَةٍ
ثُمَّ جَآءَكُمْ رَسُوْلٌ مُّصَدِّقٌ لِّمَا مَعَكُمْ
لَتُؤْمِنُنَّ بِهِ وَلَتَنْصُرُنَّهُ
قَالَ ؕ اَقْرَرْتُمْ وَاَخَذْتُمْ عَلٰى ذٰلِكُمْ
اٰصْرِيْ ؕ قَالُوْا اَقْرَرْنَا
قَالَ فَاَشْهَدُوْا
وََاَنَا مَعَكُمْ مِنَ الشّٰهِدِيْنَ ○

১৮৭. আর স্মরণ কর, যখন আল্লাহ ওয়াদা নিয়েছিলেন আহলে কিতাবের : তোমরা মানুষের কাছে কিতাব স্পষ্টভাবে প্রকাশ করবে এবং তা গোপন করবে না। কিন্তু তারা সে ওয়াদা নিজেদের পেছনে ফেলে রাখল এবং এর পরিবর্তে নগণ্য বিনিময়ে গ্রহণ করল। সুতরাং তারা যা বিনিময় গ্রহণ করল, তা কত নিকট!

১৮৭-وَإِذْ أَخَذَ اللَّهُ مِيثَاقَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ لَتُبَيِّنُنَّهُ لِلنَّاسِ وَلَا تَكْتُمُونَهُ ۚ فَنَبَذُوهُ وَرَاءَ ظُهُورِهِمْ وَاشْتَرَوْا بِهِ ثَمَنًا قَلِيلًا ۖ فَيَسْأَلُ مَا يَشْتَرُونَ ۝

সূরা নিসা, ৪ : ২১, ৮৯, ৯০, ৯৫, ১২০, ১৫৪, ১৫৫

২১. আর তোমরা তোমাদের স্ত্রীদের প্রদত্ত সম্পদ কিরূপে গ্রহণ করবে, অথচ তোমরা একে অপরের সাথে সংগত হয়েছে এবং সে নারীরা তোমাদের কাছ থেকে দৃঢ় অঙ্গীকার নিয়েছে ?

২১-وَكَيْفَ تَأْخُذُونَهُ وَقَدْ أَفْضَى بَعْضُكُمْ إِلَى بَعْضٍ وَأَخَذْنَ مِنْكُمْ مِيثَاقًا غَلِيظًا ۝

৮৯. মুনাফিকরা কামনা করে, যেন তোমরা কুফরী কর, যেমন তারা কুফরী করেছে, যাতে তোমরাও তারা সমান হয়ে যাও। সুতরাং তাদের মধ্য থেকে কাউকে বন্ধুরূপে গ্রহণ করো না, যে পর্যন্ত না তারা আল্লাহর পথে হিজরত করে। আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে তাদের পাকড়াও কর এবং হত্যা কর যেখানেই তাদের পাও আর তাদের মধ্য থেকে কাউকে বন্ধু ও সাহায্যকারীরূপে গ্রহণ করো না,

৮৯-وَدُّوا لَوْ تَكْفُرُونَ كَمَا كَفَرُوا فَتَكُونُونَ سَوَاءً ۚ فَلَا تَتَّخِذُوا مِنْهُمْ أَوْلِيَاءَ حَتَّىٰ يُهَاجِرُوا فِي سَبِيلِ اللَّهِ ۚ فَإِنْ تَوَلَّوْا فَخُذُوهُمْ وَاقْتُلُوهُمْ حَيْثُ وَجَدْتُمُوهُمْ ۖ وَلَا تَتَّخِذُوا مِنْهُمْ وَلِيًّا وَلَا نَصِيرًا ۝

৯০. কিন্তু তাদের নয়, যারা এমন এক সম্প্রদায়ের সাথে মিলিত হয়েছে, যাদের সাথে তোমরা অঙ্গীকারবদ্ধ, অথবা যারা তোমাদের কাছে এমন অবস্থায় আসে যে, তাদের মন সংকুচিত হয় তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করতে অথবা তাদের সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধ করতে। যদি আল্লাহ ইচ্ছা করতেন,

৯০-إِلَّا الَّذِينَ يَصِلُونَ إِلَىٰ قَوْمٍ بَيْنَكُمْ وَبَيْنَهُم مِّيثَاقٌ أَوْ جَاءُوكُمْ حَصِرَتْ صُدُورُهُمْ أَنْ يَقَاتِلُوكُمْ أَوْ يَاقَاتِلُوكُمْ قَوْمَهُمْ ۚ وَلَوْ شَاءَ اللَّهُ لَسَاطَهُمْ عَلَيْكُمْ فَذَلِكُمْ ۚ

তবে তিনি তোমাদের উপর তাদেরকে প্রবল করে দিতেন, ফলে অবশ্যই তারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করত। আর যদি তারা তোমাদের থেকে সরে দাঁড়ায়, তোমাদের বিরুদ্ধে যুদ্ধ না করে এবং তোমাদের কাছে শান্তি প্রস্তাব দেয়, তবে আল্লাহ্ তোমাদের জন্য তাদের বিরুদ্ধে কোন পথ রাখেননি।

৯৫. সমান নয় সে সব মু'মিন, যারা বিনা ওযরে ঘরে বসে থাকে এবং ঐ সব মু'মিন, যারা আল্লাহ্র পথে নিজেদের জান-মাল দিয়ে জিহাদ করে। আল্লাহ্ সে সব মুজাহিদদের মর্যাদা বাড়িয়ে দিয়েছেন, যারা তাদের জান-মাল দিয়ে জিহাদ করে তাদের উপর যারা ঘরে বসে থাকে। আর সকলের জন্য আল্লাহ্ কল্যাণের ওয়াদা করেছেন। আর আল্লাহ্ মুজাহিদদের মহাপুরস্কারের ক্ষেত্রে শ্রেষ্ঠত্ব দিয়েছেন, যারা ঘরে বসে থাকে তাদের উপর।

১২০. শয়তান তাদের প্রতিশ্রুতি দেয় এবং বৃথা আশ্বাস দেয়, শয়তান তাদের যে ওয়াদা দেয়, তা প্রতারণা ছাড়া আর কিছু নয়।

১৫৪. আর আমি তাদের উপর তুর পর্বতকে তুলে ধরেছিলাম, তাদের থেকে অঙ্গীকার নেয়ার জন্য এবং তাদের বলেছিলাম : প্রবেশ কর শহর দ্বারে অবনত মস্তকে এবং আমি তাদের আরো বলেছিলাম : শনিবার সম্বন্ধে সীমালংঘন করো না। এভাবে আমি তাদের কাছ থেকে দৃঢ় অঙ্গীকার নিয়েছিলাম।

১৫৫. আর তারা তো অভিশপ্ত হয়েছিল তাদের অঙ্গীকার ভংগের জন্য, আল্লাহ্র

فَإِنْ اعْتَزَلْتُمْ فَلَكُمْ يُقَاتِلُوكُمْ
وَالْقَوَا إِلَيْكُمْ السَّلَامُ
فَمَا جَعَلَ اللَّهُ لَكُمْ
عَلَيْهِمْ سَبِيلًا ۝

১১৫- لَا يَسْتَوِي الْقُعْدُونَ مِنَ الْمُؤْمِنِينَ
غَيْرُ أُولِي الضَّرَرِ وَالْمُجَاهِدُونَ فِي
سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فَضَّلَ
اللَّهُ الْمُجَاهِدِينَ بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ
عَلَى الْقُعْدِينَ دَرَجَةً ۖ وَكَلًّا وَعَدَ
اللَّهُ الْحُسْنَىٰ ۖ وَفَضَّلَ اللَّهُ الْمُجَاهِدِينَ
عَلَى الْقُعْدِينَ أَجْرًا عَظِيمًا ۝

১২০- يَعِدُهُمْ وَيُمَنِّيهِمْ
وَمَا يَعِدُهُم الشَّيْطَانُ إِلَّا غُرُورًا ۝

১৫৪- وَرَفَعْنَا فَوْقَهُمُ الطُّورَ
بَيْنَا وَهُمْ
وَقُلْنَا لَهُمْ ادْخُلُوا الْبَابَ سُجَّدًا
وَقُلْنَا لَهُمْ لَا تَعْدُوا فِي السَّبْتِ
وَإِخْذْنَا مِنْهُمْ مِيثَاقًا غَلِيظًا ۝

১৫৫- فَبِمَا نَفَضْنَاهُمْ مِيثَاقَهُمْ

আয়াতসমূহের সাথে তাদের কুফরী করার জন্য, অন্যায়ভাবে নবীদের হত্যা করার জন্য এবং “আমাদের অন্তর সংরক্ষিত” তাদের এ উক্তির জন্য বরং আল্লাহ তাদের হৃদয়ে মোহর মেরে দিয়েছেন তাদের কুফরীর কারণে। ফলে তারা খুব অল্প সংখ্যকই ঈমান আনে।

সূরা মায়িদা, ৫ : ৯, ১২, ১৩, ১৪, ৫৩, ৮৯, ১০৬, ১০৭, ১০৮

৯. আল্লাহ ওয়াদা দিয়েছেন এরূপ লোকদের জন্য, যারা ঈমান আনে ও নেককাজ করে যে, তাদের জন্য রয়েছে ক্ষমা ও মহাপুরস্কার।

১২. আর আল্লাহ বনী ইসরাঈলের কাছ থেকে অঙ্গীকার নিয়েছিলেন এবং আমি তাদের মধ্য থেকে বারজন নেতা নিযুক্ত করেছিলাম। আল্লাহ বলেছিলেন : অবশ্যই আমি তোমাদের সাথে আছি। যদি তোমরা সালাত কায়েম কর, যাকাত দাও, আমার রাসূলদের প্রতি ঈমান রাখ, তাদের সাহায্য কর এবং আল্লাহকে “করযে হাসানা” দাও, তাহলে অবশ্যই আমি তোমাদের গুনাহ মোচন করে দেব এবং অবশ্যই তোমাদের দাখিল করব জান্নাতে, যার পাদদেশে নহরসমূহ প্রবাহিত। এরপরও তোমাদের মধ্য থেকে যে কেউ কুফরী করবে, সে নিশ্চয়ই সরল পথ হারাবে।

১৩. অতএব তাদের এ ওয়াদা ভঙ্গের কারণে আমি তাদের লান'ত করেছি এবং তাদের হৃদয় কঠিন করে দিয়েছি। তারা আল্লাহর কালামকে যথাস্থান থেকে বিকৃত করে দেয় এবং ভুলে গেছে তার এক অংশ, যার উপদেশ তাদের দেয়া

وَكُفِّرْهُمْ بِآيَاتِ اللَّهِ
وَقَتِّلْهُمْ الْآثِمِينَ بِغَيْرِ حَقٍّ
وَقَوْلِهِمْ قُلُوبُنَا غُلْفٌ
بَلْ طَبَعَ اللَّهُ عَلَيْهَا بِكُفْرِهِمْ
فَلَا يُؤْمِنُونَ إِلَّا قَلِيلًا

৯- وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ مَغْفِرَةٌ وَأَجْرٌ عَظِيمٌ ○

১২- وَلَقَدْ أَخَذَ اللَّهُ مِيثَاقَ بَنِي إِسْرَءِيلَ وَبَعَثْنَا مِنْهُمُ اثْنَيْ عَشَرَ نَقِيبًا وَقَالَ اللَّهُ إِنِّي مَعَكُمْ إِنِّي أَنْتُمْ الصَّلَاةَ وَآتَيْتُمُ الزَّكَاةَ وَآمَنْتُمْ بِرُسُلِي وَعَزَّرْتُمْ ثَوْرَهُمْ وَأَقْرَضْتُمُ اللَّهَ قَرْضًا حَسَنًا لَّا كُفْرَانَ عَنْكُمْ سَيِّئَاتِكُمْ وَلَا دُخْلَكُمْ جَنَّتِ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ فَمَنْ كَفَرَ بَعْدَ ذَلِكَ مِنْكُمْ فَقَدْ ضَلَّ سَوَاءَ السَّبِيلِ ○

১৩- فَمَا نَقِضْهُمْ مِيثَاقَهُمْ لَعْنَهُمْ وَجَعَلْنَا قُلُوبَهُمْ قَسِيَةً يُحَرِّثُونَ الْكَلِمَ عَنْ مَوَاضِعِهِ وَنَسُوا حَظًّا مِمَّا ذُكِّرُوا بِهِ

হয়েছিল। আপনি সর্বদা তাদের অল্প সংখ্যক ছাড়া সবাইকে দেখতে পাবেন কোন না কোন বিশ্বাসঘাতকতা করতে। সুতরাং আপনি তাদের ক্ষমা করুন এবং উপেক্ষা করুন। নিশ্চয় আল্লাহ ভালবাসেন নেককারদের।

১৪. যারা বলে : আমরা নাসারা, আমি তাদেরও অঙ্গীকার নিয়েছিলাম, কিন্তু তারাও ভুলে গিয়েছিল যে উপদেশ তারা লাভ করেছিল, তার এক অংশ। সুতরাং আমি সঞ্চারিত করে দিয়েছি কিয়ামত পর্যন্ত তাদের মধ্যে স্থায়ী পারস্পরিক শত্রুতা ও বিদ্বেষ। আর অচিরেই আল্লাহ তাদের জানিয়ে দেবেন, যা তারা করত।

৫৩. আর যারা ঈমান এনেছে, তারা বলবে : এরাই কি সে সব লোক, যারা আল্লাহর নামে দৃঢ়ভাবে শপথ করেছিল যে, তারা তোমাদেরই সাথে আছে ? তাদের কৃতকর্মসমূহ নিষ্ফল হয়েছে, ফলে তারা ক্ষতিগ্রস্ত হয়েছে।

৮৯. আল্লাহ তোমাদের পাকড়াও করবেন না, তোমাদের নির্ধক কসমের জন্য, কিন্তু তিনি তোমাদের পাকড়াও করবেন সে সব কসমের জন্য, যা তোমরা ইচ্ছাকৃতভাবে কর। এর কাফফারা হলো দশজন মিস্কীনকে খাদ্য দান করা মধ্যম ধরনের খাদ্য, যা তোমরা সাধারণত তোমাদের পরিবারের লোকদের খেতে দাও। অথবা তাদের পরিধেয় বস্ত্র প্রদান করা, অথবা একজন ক্রীতদাস-দাসী মুক্ত করা, কিন্তু যে ব্যক্তি সামর্থ রাখে না, তার জন্য তিন দিন রোযা রাখা। এ হলো তোমাদের কসমের কাফফারা, যখন তোমরা কসম

وَلَا تَزَالُ تَطَّلِعُ عَلَى خَآئِنَةٍ مِنْهُمْ إِلَّا قَلِيلًا مِنْهُمْ
فَاعْفُ عَنْهُمْ وَاصْفَحْ
إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ

১৫-وَمِنَ الَّذِينَ قَالُوا إِنَّا نَصْرَى
أَخَذْنَا مِيثَاقَهُمْ فَنَسُوا حَظًّا مِمَّا ذُكِّرُوا بِهِ
فَاغْرَيْنَا بَيْنَهُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَاءَ إِلَى
يَوْمِ الْقِيَامَةِ
وَسَوْفَ يُنَبِّئُهُمُ اللَّهُ بِمَا كَانُوا يَصْنَعُونَ

৫৪-وَيَقُولُ الَّذِينَ آمَنُوا أَهَؤُلَاءِ
الَّذِينَ أَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ
إِنَّهُمْ لَعَبَكُمْ ۖ حَبِطَتْ أَعْمَالُهُمْ
فَأَصْبَحُوا خَاسِرِينَ

৮৯-لَا يَأْخُذُكُمُ اللَّهُ بِاللَّغْوِ فِي أَيْمَانِكُمْ
وَلَكِنْ يُؤْخِذُكُمْ بِمَا عَقَّدْتُمُ الْأَيْمَانَ
فَكَفَّارَتُهُ إِطْعَامُ عَشْرَةِ مَسْكِينٍ
مِنْ أَوْسَطِ مَا تَطْعَمُونَ أَهْلِيكُمْ
أَوْ كِسْوَتُهُمْ أَوْ تَحْرِيرُ رَقَبَةٍ
فَمَنْ لَمْ يَجِدْ فَصِيَامُ ثَلَاثَةِ أَيَّامٍ
ذَلِكَ كَفَّارَةُ أَيْمَانِكُمْ إِذَا حَلَفْتُمْ
وَاحْفَظُوا أَيْمَانَكُمْ

করবে। তোমরা তোমাদের কসমসমূহ রক্ষা কর। এভাবে আল্লাহ্ তোমাদের জন্য তাঁর আয়াতসমূহ বিশদভাবে বর্ণনা করেন, যাতে তোমরা শোকর আদায় কর।

كَذَٰلِكَ يَبَيِّنُ اللَّهُ لَكُمْ آيَاتِهِ
لَعَلَّكُمْ تَشْكُرُونَ ○

১০৬. ওহে যারা ঈমান এনেছ! তোমাদের মধ্যে যখন কোন ব্যক্তির মৃত্যু উপস্থিত হয়, তখন তোমাদের মধ্য থেকে দু'জন ন্যায়পরায়ণ লোককে ওসীয়াত করার সময় সাক্ষী রাখবে, যদি তোমরা সফরে থাক এবং তোমাদের মৃত্যুর মুসীবত উপস্থিত হয়, তবে তোমাদের ছাড়া অন্য লোকদের মধ্য থেকে দু'জন সাক্ষী রাখবে। তোমাদের সন্দেহ হলে, তাদের উভয়কে সালাতের পর অপেক্ষমান রাখবে এবং তারা আল্লাহ্র নামে কসম করে বলবে : আমরা এর বিনিময়ে কোন মূল্য গ্রহণ করতে চাই না, যদিও সে আত্মীয় হয়। আর আমরা আল্লাহ্র সাক্ষ্য গোপন করব না, করলে আমরা গুনাহগারদের মধ্যে शामिल হব।

۱-۶- يَٰٓأَيُّهَا الَّذِينَ آمَنُوا شَهَادَةٌ بَيْنَكُمْ
إِذَا حَضَرَ أَحَدَكُمُ الْمَوْتُ
حِينَ الْوَصِيَّةِ اثْنِ ذَوَا عَدْلٍ مِّنْكُمْ
أَوْ آخَرَيْنِ مِنْ غَيْرِكُمْ
إِنْ أَنْتُمْ ضَرَبْتُمْ فِي الْأَرْضِ
فَأَصَابَتْكُم مُّصِيبَةُ الْمَوْتِ
تَحْسِبُوهُمَا مِنْ بَعْدِ الصَّلَاةِ
فَيُقْسِمْنَ بِاللَّهِ
إِنْ ارْتَبْتُمْ لَا نَشْتَرِي بِهِ ثَمَنًا
وَلَوْ كَانَ ذَا قُرْبَىٰ ۖ وَلَا تَكُنُمْ شُهَدَاةَ
اللَّهِ إِنَّا إِذَا أَلَيْنَ الْأُثْمِينَ ○

১০৭. তবে যদি প্রকাশ পায় যে, তারা দু'জন কোন পাপে জড়িত হয়েছে, তাহলে যাদের স্বার্থহানী ঘটেছে, তাদের মধ্য থেকে নিকটতম দু'জন তাদের স্থলাভিষিক্ত হবে এবং তারা আল্লাহ্র নামে কসম করে বলবে : অবশ্যই আমাদের সাক্ষ্য তাদের সাক্ষ্য থেকে অধিক সত্য এবং আমরা সীমালংঘন করিনি, করলে অবশ্যই আমরা যালিমদের অন্তর্ভুক্ত হব।

۱-۷- فَإِنْ عُرِيَ عَلَىٰ أَنَّهُمَا اسْتَحَقَّ إِثْمًا
فَآخَرَيْنِ يَقُومُنِ مَقَامَهُمَا
مِّنَ الَّذِينَ اسْتَحَقَّ عَلَيْهِمُ الْأَوَّلِينَ
فَيُقْسِمْنَ بِاللَّهِ لَشَهَادَتُنَا أَحَقُّ
مِنْ شَهَادَتِهِمَا وَمَا اعْتَدَيْنَا
إِنَّا إِذَا أَلَيْنَ الظَّالِمِينَ ○

১০৮. এ পদ্ধতিতে অধিক সম্ভাবনা রয়েছে যে, লোকেরা যথাযথভাবে সাক্ষ্য দান করবে, অথবা তারা ভয় করবে যে,

۱-۸- ذَٰلِكَ أَدْنَىٰ أَنْ يَأْتُوا بِالشَّهَادَةِ
عَلَىٰ وَجْهِهَا أَوْ يَحْتَفُوا أَنْ يُرَدَّ أَيْمَانُ

কসমের পর আবার কসম করান হবে। তোমরা আল্লাহকে ভয় কর এবং শোন : আল্লাহ ফাসিক লোকদের সৎপথে পরিচালিত করেন না।

সূরা আন'আম, ৬ : ১০৯, ১৩৩, ১৩৪, ১৫২

১০৯. আর তারা আল্লাহর নামে কসম করে বলে : যদি তাদের কাছে কোন নিদর্শন আসে, তবে অবশ্যই তারা তাতে ঈমান আনবে। আপনি বলুন : নিদর্শনাবলী তো একমাত্র আল্লাহর ইচ্ছাতিয়ে, কিভাবে তোমাদের বুঝান যাবে যে, তাদের কাছে নিদর্শনাবলী আসলে ও তারা ঈমান আনবে না।

১৩৩. আর আপনার রব অভাবমুক্ত, করুণাময়। তিনি ইচ্ছা করলে তোমাদের অপসারিত করতে এবং তোমাদের পর যাদের ইচ্ছা তোমাদের স্থলাভিষিক্ত করতে পারেন, যেমন তিনি তোমাদের সৃষ্টি করেছেন অন্য এক কাওমের বংশ থেকে।

১৩৪. তোমাদের যে ওয়াদা দেয়া হয়, তা অবশ্যই বাস্তবায়িত হবে, আর তোমরা তা ব্যর্থ করতে পারবে না।

১৫২. ইয়াতীম সাবালক না হওয়া পর্যন্ত তোমরা সদুদ্দেশ্য ছাড়া তার সম্পদের কাছেও যাবে না এবং পরিমাপ ও ওয়ান ঠিকভাবে পুরোপুরি দেবে। আমি কাউকে তার সাধ্যতীত কষ্ট দেই না। আর যখন তোমরা কথা বলবে, তখন ন্যায়পরায়ণতা বহাল রাখবে, যদি ও সে আত্মীয় হয় এবং আল্লাহকে দেয়া ওয়াদা পূর্ণ করবে। এ সব নির্দেশ আল্লাহ তোমাদের দিয়েছেন, যাতে তোমরা উপদেশ গ্রহণ কর।

بَعْدَ آيَاتِهِمْ ۖ وَاتَّقُوا اللَّهَ ۖ وَاسْمَعُوا
وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ ○

১০৯- وَأَتَسْوَأُ بِاللَّهِ جَهْدَ آيَاتِهِمْ
لَئِنْ جَاءَتْهُمْ آيَةٌ لَّيُؤْمِنُنَّ بِهَا
قُلْ إِنَّمَا الْآيَاتُ عِنْدَ اللَّهِ
وَمَا يُشْعِرُكُمْ أَنَّهَا إِذَا جَاءَتْ
لَّيُؤْمِنُونَ ○

১৩৩- وَرَبُّكَ الْغَنِيُّ ذُو الرَّحْمَةِ
إِنْ يَشَأْ يُذْهِبْكُمْ وَيَسْتَخْلِفْ
مِنْ بَعْدِكُمْ مَا يَشَاءُ كَمَا أَنْشَأَكُمْ
مِنْ ذُرِّيَّةِ قَوْمٍ آخَرِينَ ○

১৩৪- إِنَّ مَا تُوْعَدُونَ لَأَتِي
وَمَا أَنْتُمْ بِمُعْجِزِينَ ○

১৫২- وَلَا تَقْرَبُوا مَالَ الْيَتِيمِ إِلَّا بِالَّتِي
هِيَ أَحْسَنُ حَتَّىٰ يَبْلُغَ أَشُدَّهُ ۖ
وَأَوْفُوا الْكَيْلَ وَالْمِيزَانَ بِالْقِسْطِ ۖ
لَا تَكِفُّ نَفْسًا إِلَّا وُسْعَهَا ۖ
وَإِذَا قُلْتُمْ فَاعْدُوا

وَلَوْ كَانَ ذَا قُرْبَىٰ ۖ وَبِعَهْدِ اللَّهِ أَوْفُوا
ذَلِكَ ۖ وَصِّمَكُمْ بِهِ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ ○

সূরা আ'রাফ, ৭ : ৪৪, ৪৫, ৪৮, ৪৯,
১৩৪

৪৪. জান্নাতীরা জান্নামীদের ডেকে বলবে :
আমাদের রব আমাদের সাথে যে
ওয়াদা করেছিলেন, আমরা তো তা
সত্য পেয়েছি, তবে তোমরাও কি
তোমাদের রব তোমাদেরকে যে
ওয়াদা দিয়েছিলেন তা সত্য পেয়েছ?
তারা বলবে : হ্যাঁ। তখন এক
ঘোষণাকারী তাদের মধ্যে ঘোষণা
করবে : আল্লাহর লা'নত যালিমদের
উপর।

৪৫. যারা আল্লাহর পথে বাধা দিত এবং
তাতে বক্রতা অব্বেষণ করত, আর
তরাই আখিরাতকে অবিশ্বাস করত।

৪৮. আ'রাফবাসীরা যাদের লক্ষণ দেখে
চিনবে, তাদেরকে ডেকে বলবে :
তোমাদের দলবল এবং তোমাদের
অহংকার কোন কাজেই এলো না।

৪৯. দেখ, এরাই কি তারা যাদের সম্বন্ধে
তোমরা কসম করে বলতে যে, আল্লাহ
এদের প্রতি রহম করবেন না? তাদের
বলা হবে : তোমরা জান্নাতে প্রবেশ
কর, তোমাদের কোন ভয় নেই এবং
তোমরা দুঃখিতও হবে না।

১৩৪. আর যখন তাদের উপর কোন আযাব
আপতিত হত, তখন তারা বলত : হে
মূসা! তুমি তোমার রবের কাছে
আমাদের জন্য দু'আ কর, আল্লাহর
সাথে তোমার যে ওয়াদা রয়েছে সে
অনুযায়ী। যদি তুমি আমাদের উপর
থেকে আযাব দূর করে দাও, তবে
অবশ্যই আমরা তোমার উপর ঈমান
আনব এবং বনী ইসরাঈলকেও তোমার
সাথে যেতে দেব।

৪৪- وَأَنذَارِي أَصْحَابُ الْجَنَّةِ أَصْحَابُ النَّارِ
أَنْ قَدْ وَجَدْنَا مَا وَعَدَنَا رَبُّنَا حَقًّا
فَهَلْ وَجَدْتُمْ مَا وَعَدَ رَبُّكُمْ حَقًّا
قَالُوا نَعَمْ
فَإِذَنْ مُّوَدِّتٍ
يَبَيِّنُهُمْ أَنْ لَعْنَةُ اللَّهِ عَلَى الظَّالِمِينَ ○

৪৫- الَّذِينَ يَصُدُّونَ عَنْ سَبِيلِ اللَّهِ
وَيَبْغُونَهَا عِوَجًا

وَهُمْ بِالْآخِرَةِ كَافِرُونَ ○
৪৮- وَأَنذَارِي أَصْحَابُ الْأَعْرَافِ رِجَالًا
يَعْرِفُونَهُمْ بِسِيمَاهُمْ قَالُوا مَا أَغْنَىٰ عَنْكُمْ
جَمْعُكُمْ وَمَا كُنْتُمْ تَسْتَكْبِرُونَ ○

৪৯- أَهَؤُلَاءِ الَّذِينَ أَقْسَمْتُمْ
لَا يَنَالُهُمُ اللَّهُ بِرَحْمَةٍ
أُدْخِلُوا الْجَنَّةَ لَا خَوْفٌ عَلَيْكُمْ
وَلَا أَنْتُمْ تَخْزَنُونَ ○

১৩৪- وَلَمَّا وَقَعَ عَلَيْهِمُ الرِّجْزُ قَالُوا
يُمُوسَىٰ ادْعُ لَنَا رَبَّكَ
بِمَا عٰهَدَ عِنْدَكَ
لَئِنْ كَشَفْتَ عَنَّا الرِّجْزَ
لَنُؤْمِنَنَّ لَكَ
وَلَنُرْسِلَنَّ مَعَكَ بَنِي إِسْرَءِيلَ ○

সূরা আনফাল, ৮ : ৭, ৮, ৫৬, ৫৭, ৫৮, ৭২

৭. স্বরণ কর, আল্লাহ্ তোমাদের সাথে ওয়াদা করেছিলেন যে, দু'টি দলের একটি তোমাদের করতলগত হবে, আর তোমরা চাচ্ছিলে যে, নিরস্ত্র দলটি যেন তোমাদের আয়ত্তে আসে, অথচ আল্লাহ্ চাচ্ছিলেন যে, তিনি সত্যকে তাঁর বাণী দ্বারা প্রতিষ্ঠিত করেন এবং কাফিরদের নির্মূল করেন।

৮. যাতে তিনি হককে হক এবং বাতিলকে বাতিল প্রতিপন্ন করেন যদিও অপরাধীরা তা অপছন্দ করে।

৫৬. তাদের মধ্য থেকে যাদের সাথে আপনি চুক্তি করেছেন, এরপর তারা প্রতিবার তাদের চুক্তি ভঙ্গ করে এবং তারা সাবধান হয় না,

৫৭. যদি আপনি তাদেরকে যুদ্ধে কাবু করতে পারেন, তবে তাদের মাধ্যমে বিচ্ছিন্ন করে দিন যারা তাদের পেছনে রয়েছে তাদেরকে, যাতে তারা শিক্ষা পায়।

৫৮. আর যদি আপনি কোন সম্প্রদায় থেকে চুক্তি ভঙ্গের আশংকা করেন, তবে আপনিও তাদের চুক্তি তাদের দিকে সমভাবে ছুঁড়ে দিন। নিশ্চয় আল্লাহ্ চুক্তিভঙ্গকারীকে পসন্দ করেন না।

৭২. নিশ্চয় যারা ঈমান এনেছে, হিজরত করেছে, নিজেদের সম্পদ ও জীবন দিয়ে আল্লাহ্র পথে জিহাদ করেছে এবং যারা তাদেরকে আশ্রয় দান করেছে ও সাহায্য করেছে, তারা একে অপরের বন্ধু। আর যারা ঈমান এনেছে, কিন্তু হিজরত করেনি, তাদের কোন অভিভাবকত্বের দায়িত্ব তোমাদের নেই, যে পর্যন্ত না

۷- وَإِذْ يَعِدُكُمُ اللَّهُ إِحْدَى الطَّائِفَتَيْنِ أَنَّهَا لَكُمْ وَتَوَدُّونَ أَنَّ غَيْرَ ذَاتِ الشَّوْكَةِ تَكُونُ لَكُمْ وَيُرِيدُ اللَّهُ أَنْ يُحِقَّ الْحَقَّ بِكَلِمَاتِهِ وَيَقْطَعَ دَابِرَ الْكَافِرِينَ ○

۸- لِيُحِقَّ الْحَقَّ وَيُبْطِلَ الْبَاطِلَ وَلِتُزْكَرَ الْعُجْرُمُونَ ○

۵۶- الَّذِينَ عَاهَدَتْ مِنْهُمْ ثُمَّ يَنْقُضُونَ عَهْدَهُمْ فِي كُلِّ مَرَّةٍ وَهُمْ لَا يَتَّقُونَ ○

۵۷- فَمَا تَتَّقِفْتَهُمْ فِي الْحَرْبِ فَشَرِّدْهُمْ مِّنْ خَلْفِهِمْ لَعَلَّهُمْ يَذْكُرُونَ ○

۵۸- وَإِمَّا تَخَافَنَّ مِنْ قَوْمٍ خِيَانَةً فَانْبِذْ إِلَيْهِمْ عَلَى سَوَاءٍ ۗ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْخَائِبِينَ ○

۷۲- إِنَّ الَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجُهِدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ آوَوْا وَنَصَرُوا أُولَئِكَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ ۚ وَالَّذِينَ آمَنُوا وَلَمْ

يُهَاجِرُوا مَا لَكُمْ مِنْ وَلَايَتِهِمْ
مِنْ شَيْءٍ حَتَّى يُهَاجِرُوا، وَإِنْ
اسْتَنْصَرُوكُمْ فِي الدِّينِ فَعَلَيْكُمْ النَّصْرُ إِلَّا
عَلَى قَوْمٍ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ مِيثَاقٌ ۗ وَاللَّهُ
بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ۝

১- بَرَاءَةٌ مِنَ اللَّهِ وَرَسُولِهِ إِلَى
الَّذِينَ عَاهَدْتُمْ مِنَ الْمُشْرِكِينَ ۝

২- فَسَيَحُومُوا عَلَى أَرْضِ أَرْبَعَةٍ
أَشْهُرٍ وَعَلِمُوا أَنَّكُمْ غَيْرُ مُعْجِزِي اللَّهِ ۙ
وَأَنَّ اللَّهَ مُخْزِي الْكَافِرِينَ ۝

৩- وَأَذَانٌ مِنَ اللَّهِ وَرَسُولِهِ إِلَى
النَّاسِ يَوْمَ الْحَجِّ الْأَكْبَرِ أَنَّ اللَّهَ
بَرْئٌ مِنَ الْمُشْرِكِينَ ۙ وَرَسُولُهُ ۚ فَإِنْ
تُبْتُمْ فَهُوَ خَيْرٌ لَكُمْ ۚ وَإِنْ تَوَلَّيْتُمْ
فَاعْلَمُوا أَنَّكُمْ غَيْرُ مُعْجِزِي اللَّهِ ۙ
وَبَشِّرِ الَّذِينَ كَفَرُوا بِعَذَابٍ أَلِيمٍ ۝

৪- إِلَّا الَّذِينَ عَاهَدْتُمْ مِنَ الْمُشْرِكِينَ
ثُمَّ لَمْ يَنْقُصُوكُمْ شَيْئًا وَلَمْ يُظَاهِرُوا
عَلَيْكُمْ أَحَدًا فَأَتَتْهُمْ إِلَيْهِمْ عَهْدُهُمْ

করবে তাদের সাথে কৃত চুক্তিকে তাদের মেয়াদ পর্যন্ত। নিশ্চয় আল্লাহ্ মুত্তাকীদের ভালবাসেন।

৭. কেমন করে আল্লাহ্‌র কাছে ও তাঁর রাসূলের কাছে মুশরিকদের চুক্তি কার্যকর থাকবে? তবে যাদের সাথে তোমরা মসজিদে হারামের কাছে অঙ্গীকারাবদ্ধ হয়েছে, যে পর্যন্ত তারা তোমাদের সাথে চুক্তিতে স্থির থাকবে, তোমরা ও তাদের সাথে চুক্তিতে স্থির থাকবে। নিশ্চয় আল্লাহ্ মুত্তাকীদের ভালবাসেন।

১২. আর তারা যদি ভঙ্গ করে তাদের অঙ্গীকার তাদের চুক্তির পর এবং তোমাদের দীন সম্বন্ধে বিদ্রূপ করে, তবে তোমরা যুদ্ধ করবে কাফিরদের প্রধানদের বিরুদ্ধে, কেননা তাদের কোন অঙ্গীকারই বহাল নেই, হয়ত তারা নিবৃত্ত হতে পারে।

১৩. তোমরা কি এমন লোকদের বিরুদ্ধে যুদ্ধ করবে না, যারা ভঙ্গ করেছে তাদের অঙ্গীকার এবং সংকল্প করেছে রাসূলকে দেশান্তরিত করতে? আর এরাই তোমাদের বিরুদ্ধে প্রথমে বিবাদ সৃষ্টি করেছে। তবে কি তোমরা তাদের অস্ত্র কর? বস্তুত আল্লাহ্‌ই অধিক হকদার যে, তোমরা তাকেই অধিক ভয় করবে, যদি তোমরা মু'মিন হও।

৬৮. আল্লাহ্ প্রতিশ্রুতি দিয়েছেন মুনাফিক নর ও মুনাফিক নারীদের এবং কাফিরদের জাহান্নামের আগুনের, সেখানে তারা অনন্তকাল থাকবে। সেটাই তাদের জন্য যথেষ্ট। আর আল্লাহ্ তাদের লানত করছেন এবং তাদের জন্য রয়েছে চিরস্থায়ী আযাব।

৭২- وَعَدَ اللَّهُ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ جَنَّاتٍ
تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ
فِيهَا وَمَسْكِنٌ طَيِّبَةٌ فِي جَنَّاتٍ
عَدْنٍ ۖ وَرِضْوَانٌ مِّنَ اللَّهِ أَكْبَرُ ۚ
ذَٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ ○

৭৩- يَأَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ
وَالْمُنَافِقِينَ ۖ وَاعْلُظْ عَلَيْهِمْ ۚ
وَمَا لَهُمْ بِهِمْ جَهَنَّمَ ۖ وَيَبْتَئَسُ الصَّيِّرُ ○

৭৪- يَخْلِقُونَ بِاللَّهِ مَا قَالُوا ۖ وَكَفَدُوا
قَالَُوا كَلِمَةً الْكُفْرِ وَكَفَرُوا بَعْدَ
إِسْلَامِهِمْ وَهَتُّوا بِمَا لَمْ يَنَالُوا ۖ وَمَا
نَقَمُوا إِلَّا أَنْ أَغْنَاهُمُ اللَّهُ وَرَسُولُهُ
مِنْ فَضْلِهِ ۖ فَإِنْ يَتُوبُوا يَكُ
خَيْرًا لَهُمْ ۖ وَإِنْ يَتَوَكَّلُوا يُعَذِّبْهُمُ اللَّهُ
عَذَابًا أَلِيمًا ۖ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۖ
وَمَا لَهُمْ فِي الْأَرْضِ
مِنْ وَلِيٍّ وَلَا نَصِيرٍ ○

৭৫- وَمِنْهُمْ مَّنْ عٰهَدَ اللّٰهَ لَئِنْ
اٰتٰنَا مِنْ فَضْلِهِ لَنَصَّدَّقَنَّ
وَلَنَكُوْنَنَّ مِنَ الصّٰلِحِيْنَ ○

৭৬. তারপর যখন আল্লাহ্ নিজ অনুগ্রহে তাদের দান করলেন, তখন তারা তাতে কার্পণ্য করল, আর তারা বিরুদ্ধভাবাপন্ন হয়ে মুখ ফিরিয়ে নিল।
৭৭. এর পরিণতিতে আল্লাহ্ তাদের অন্তরে মুনাফিকী পয়দা করে দিলেন, যা তার সাথে তাদের সাক্ষাতের দিন পর্যন্ত থাকবে। কারণ তারা আল্লাহ্র সাথে কৃত নিজেদের ওয়াদা খেলাফ করেছিল, আর এ জন্য যে, তারা মিথ্যা কথা বলত।
১১১. নিশ্চয় আল্লাহ্ খরিদ করে নিয়েছেন মু'মিনদের থেকে তাদের জান, তাদের মাল এর বিনিময়ে যে, অবশ্যই তাদের জন্য রয়েছে জান্নাত। তারা যুদ্ধ করে আল্লাহ্র পথে, কখন হত্যা করে এবং কখন নিহত হয়। তাওরাত, ইন্জীল ও কুরআনে এ সম্পর্কে সত্য ওয়াদা রয়েছে। আল্লাহ্র চাইতে নিজের ওয়াদা অধিক পালনকারী আর কে আছে? সুতরাং তোমরা আনন্দ কর তোমাদের সে সাওদার জন্য, যা তোমরা তাঁর সাথে করেছ। আর তা হলো বিরাট সাফল্য।
১১৪. আর ইব্রাহীমের স্বীয় পিতার জন্য ক্ষমা প্রার্থনা করা তো ছিল শুধু একটি ওয়াদার কারণে, যা সে তার পিতার সাথে করেছিল। তারপর যখন তার কাছে একথা স্পষ্ট হয়ে গেল যে, সে আল্লাহ্র শত্রু, তখন ইব্রাহীম তার সম্পর্ক ছিন্ন করল। নিশ্চয় ইব্রাহীম অত্যন্ত কোমল হৃদয়, সহনশীল।

সূরা ইউনুস, ১০ : ৪৭, ৪৮

৪৭. প্রত্যেক উম্মাতের জন্য রয়েছে একজন রাসূল। আর যখন তাদের রাসূল

এসেছে, তখন তাদের মাঝে ন্যায়ভাবে মীমাংসা করা হয়েছে এবং তাদের প্রতি যুলুম করা হয়নি।

৪৮. আর তারা বলে : এ ওয়াদা কবে আসবে, যদি তোমরা সত্যবাদী হও ?

সূরা রাদ, ১৩ : ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫

১৯. যে ব্যক্তি জানে যে, আপনার প্রতি আপনার রবের পক্ষ থেকে যা কিছু নাযিল হয়েছে তা সত্য, সে কি ঐ ব্যক্তির সমান যে অন্ধ ? উপদেশ তো গ্রহণ করে কেবল বোধশক্তিসম্পন্ন লোকেরাই,

২০. তারা এমন লোক, যারা আল্লাহর সাথে কৃত ওয়াদা পূরণ করে এবং চুক্তি ভঙ্গ করে না,

২১. যারা সে সম্পর্কে বজায় রাখে, যা বজায় রাখতে আল্লাহ আদেশ করেছেন, ভয় করে তাদের রবকে এবং ভয় করে কঠোর হিসাবকে।

২২. আর যারা তাদের রবের সন্তুষ্টি লাভের জন্য সবর করে, সালাত কায়েম করে, আমি তাদেরকে যা দিয়েছি, তা থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে এবং যারা ভাল দিয়ে মন্দকে দূরীভূত করে। তাদের জন্য রয়েছে আখিরাতের গুণ পরিণাম,

২৩. স্থায়ী জান্নাত, সেখানে তারা প্রবেশ করবে এবং তাদের পিতা-মাতা, স্বামী-স্ত্রী, সন্তান-সন্ততিদের মাঝে যারা নেককাজ করেছে তারাও। আর ফিরিশ্তারা প্রত্যেক দরজা দিয়ে তাদের কাছে আসবে,

فَإِذَا جَاءَ رَسُولُهُمْ قَضَىٰ بَيْنَهُمْ بِالْقِسْطِ
وَهُمْ لَا يُظْلَمُونَ ○

৪৮-وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْوَعْدُ
إِنْ كُنْتُمْ صَادِقِينَ ○

১৯-أَمَّنْ يَعْلَمُ أَنَّمَا أُنْزِلَ إِلَيْكَ
مِنْ رَبِّكَ الْحَقُّ كَمَنْ هُوَ أَعْمَىٰ
أَمَّا يَتَذَكَّرُ أُولَٰئِكَ ○

২০-الَّذِينَ يُؤْفُونَ بِعَهْدِ اللَّهِ
وَلَا يَنْقُضُونَ الْعِثْقَ ○

২১-وَالَّذِينَ يَصِلُونَ مَا أَمَرَ اللَّهُ
بِهِ أَنْ يُوصَلَ وَيَخْشَوْنَ رَبَّهُمْ
وَيَخَافُونَ سُوءَ الْحِسَابِ ○

২২-وَالَّذِينَ صَبَرُوا ابْتِغَاءَ وَجْهِ رَبِّهِمْ
وَأَقَامُوا الصَّلَاةَ وَأَنْفَقُوا مِمَّا رَزَقْنَاهُمْ
سِرًّا وَعَلَانِيَةً وَيَذَرُونَ بِالْحَسَنَةِ
السَّيِّئَةِ أُولَٰئِكَ لَهُمْ عُقْبَى الدَّارِ ○

২৩-جَنَّاتُ عَدْنٍ يَدْخُلُونَهَا
وَمَنْ صَلَحَ مِنْ آبَائِهِمْ وَأَزْوَاجِهِمْ
وَذُرِّيَّتِهِمْ وَالْمَلَائِكَةُ
يَدْخُلُونَ عَلَيْهِمْ مِنْ كُلِّ بَابٍ ○

২৪. এবং বলবে : তোমাদের প্রতি শান্তি বর্ষিত হোক, কেননা, তোমরা সবার করেছিলে, আর কত উত্তম এ পরিণাম!

২৫. আর যারা আল্লাহ্র সাথে দৃঢ় অঙ্গীকার করার পর তা ভঙ্গ করে এবং যে সম্পর্ক বজায় রাখতে আল্লাহ্ আদেশ করেছেন তা ছিন্ন করে আর পৃথিবীতে ফাসাদ সৃষ্টি করে বেড়ায়, তাদের জন্য রয়েছে লানত এবং তাদেরই জন্য আছে মন্দ আবাস!

সূরা নাহল, ১৬ : ৯১, ৯৫

৯১. আর যখন তোমরা পরস্পর আল্লাহ্র নামে অঙ্গীকার কর, তখন তা পূর্ণ কর এবং তোমরা আল্লাহকে যামিন করে নিজেদের কসম দৃঢ় করার পর, তোমরা তা ভঙ্গ করো না। নিশ্চয় আল্লাহ্ জানেন, তোমরা যা কর।

৯৫. তোমরা আল্লাহ্র সাথে কৃত অঙ্গীকারের বিনিময়ে সামান্য মূল্য গ্রহণ করো না। সম্ভবত আল্লাহ্র নিকট যা আছে, তাই তোমাদের জন্য উত্তম, যদি তোমরা জানতে!

সূরা বনী ইসরাঈল, ১৭ : ৩৪, ৬৪

৩৪. আর তোমরা ইয়াতীমের মালের কাছেও যাবে না, যতক্ষণ না সে বয়োপ্রাপ্ত হয়, কিন্তু এমন পন্থায় যা উত্তম। তোমরা অঙ্গীকার পূর্ণ কর, নিশ্চয় অঙ্গীকার সম্পর্কে জিজ্ঞেস করা হবে।

৬৪. আর শয়তান তো মানুষকে কেবল মিথ্যা ওয়াদাই দিয়ে থাকে।

সূরা কাহফ, ১৮ : ২১

২১. আর এরূপে আমি আসহাবে কাহাফের ব্যাপার প্রকাশ করে দিলাম, যেন লোকেরা জানতে পারে যে, আল্লাহ্র

২৫- سَلَامٌ عَلَيْكُمْ بِمَا صَبَرْتُمْ فَنِعْمَ عُقْبَى الدَّارِ ○

২৫- وَالَّذِينَ يَنْقُضُونَ عَهْدَ اللَّهِ مِنْ بَعْدِ مِيثَاقِهِ وَيَقْطَعُونَ مَا أَمَرَ اللَّهُ بِهِ أَنْ يُوصَلَ وَيُفْسِدُونَ فِي الْأَرْضِ ۖ أُولَٰئِكَ لَهُمُ اللَّعْنَةُ وَلَهُمْ سُوءُ الدَّارِ ○

৯১- وَأَوْفُوا بِعَهْدِ اللَّهِ إِذَا عَاهَدْتُمْ وَلَا تَنْقُضُوا الْأَيْمَانَ بَعْدَ تَوْكِيدِهَا وَقَدْ جَعَلْتُمُ اللَّهَ عَلَيْكُمْ كَفِيلًا ۚ إِنَّ اللَّهَ يَعْلَمُ مَا تَفْعَلُونَ ○

৯৫- وَلَا تَشْتَرُوا بِعَهْدِ اللَّهِ ثَمَنًا قَلِيلًا ۚ إِنَّمَا عِنْدَ اللَّهِ هُوَ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ○

৩৪- وَلَا تَقْرَبُوا مَالَ الْيَتِيمِ إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ حَتَّىٰ يَبْلُغَ أَشُدَّهُ ۖ وَأَوْفُوا بِالْعَهْدِ ۚ إِنَّ الْعَهْدَ كَانَ مَسْئُولًا ○

৬৪- ...وَمَا يَعِدُهُمُ الشَّيْطَانُ إِلَّا غُرُورًا ○

২১- وَكَذَٰلِكَ أَعْتَرْنَا عَلَيْهِمْ

ওয়াদা সত্য এবং কিয়ামত সম্বন্ধে কোন সন্দেহ নেই। যখন তারা নিজেদের মধ্যে তাদের ব্যাপারে বিতর্ক করছিল তখন তারা বলল : তাদের উপর সৌধ নির্মাণ কর, তাদের রব তাদের ব্যাপারে ভাল জানেন। অবশেষে তাদের ব্যাপারে যাদের মত প্রবল হল তারা বলল : অবশ্যই আমরা তাদের পাশে মসজিদ নির্মাণ করব।

সূরা আশ্বিয়া, ২১ : ১০৩, ১০৪, ১০৯,

১০৩. হাশ্বের মাঠের মহাদ্রাস তাদের চিন্তাযুক্ত করবে না এবং ফিরিশ্তারা তাদের এই বলে অভিনন্দন জানাবে : এই তোমাদের সে দিন যে দিনের ওয়াদা তোমাদের দেওয়া হয়েছিল।

১০৪. সে দিন আমি আসমানকে এমনভাবে গুটিয়ে নেব যেমন গুটানো হয় লিখিত কাগজপত্র, যেভাবে আমি প্রথমবার সৃষ্টি আরম্ভ করে ছিলাম, সেভাবে পুনরায় সৃষ্টি করব। এ আমার কৃত ওয়াদা আমি অবশ্যই তা পূর্ণ করব।

১০৯. এরপরও যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে বলে দিন : আমি তো তোমাদের পরিস্কারভাবে জানিয়ে দিয়েছি এবং আমি জানি না যে, তোমাদের যা ওয়াদা দেওয়া হয়েছে তা নিকটবর্তী না দূরবর্তী।

সূরা হায্জ, ২২ : ৭২,

৭২. আর যখন তাদের সামনে আমার সুস্পষ্ট আয়াতসমূহ তিলাওয়াত করা হয়, তখন তুমি যারা কুফরী করেছে তাদের চোখেমুখে অসন্তোষের চিহ্ন দেখতে পাবে। যারা তাদের সামনে আমার আয়াতসমূহ তিলাওয়াত করে, তাদেরকে তারা আক্রমণ করতে উদ্যত হয়। আপনি বলে দিন : তবে কি আমি

لِيَعْلَمُوا أَنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ وَأَنَّ السَّاعَةَ لَا رَيْبَ فِيهَا إِذْ يَتَنَازَعُونَ بَيْنَهُمْ أَمْرَهُمْ فَقَالُوا ابْنُوا عَلَيْهِم بُيُوتًا رَبُّهُمْ أَعْلَمُ بِهِمْ قَالَ الَّذِينَ غَلَبُوا عَلَىٰ أَمْرِهِمْ لَنَتَّخِذَنَّ عَلَيْهِم مَّسْجِدًا ۝

১০৩- لَا يَحْزَنُهُمُ الْفَزَعُ الْأَكْبَرُ وَتَتَلَقَّاهُمُ الْمَلَائِكَةُ ۝

هَذَا يَوْمُكُمْ الَّذِي كُنْتُمْ تُوعَدُونَ ۝

১০৪- يَوْمَ نَطْوِي السَّمَاءَ كَطَيِّ السِّجِلِّ لِلْكُتُبِ ۚ كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيدُهُ ۚ وَعَدًا عَلَيْنَا ۚ إِنَّا كُنَّا فَاعِلِينَ ۝

১০৯- فَإِنْ تَوَلَّوْا فَقُلْ أَذْنُكُمْ عَلَىٰ سَوَاءٍ ۚ وَإِنْ أَذْرِي أَقْرَبُ أَمَّ بَعِيدٌ مَّا تُوعَدُونَ ۝

৭২- وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمُ آيَاتُنَا بَيِّنَاتٍ تَعْرِفُ فِي وُجُوهِ الَّذِينَ كَفَرُوا الْمُنْكَرَ يَكَادُونَ يَسْطُونَ بِالَّذِينَ يَتْلُونَ عَلَيْهِمْ آيَاتِنَا ۚ قُلْ أَفَأَنْتُمْ بِشِرِّ مِّنْ دِلِكُمْ أَتَّارُهُ

তোমাদের এর চেয়ে মন্দ কিছু সংবাদ দেব, তা হলো দোযখ। কাফিরদেরকে আল্লাহ্ এর ওয়াদা দিয়েছেন। আর তা কত নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল।

সূরা মু'মিনুন, ২৩ : ৮, ৯, ১০, ১১,

৮. আর যারা নিজেদের আমানত ও ওয়াদা রক্ষা করে,
৯. এবং যারা নিজেদের সালাতের হিফায়ত করে,
১০. তারাই হবে অধিকারী-
১১. তারা অধিকারী হবে জান্নাতুল ফিরদাউসের। সেখানে তারা চিরকাল থাকবে।

সূরা নূর, ২৪ : ৫৫

৫৫. তোমাদের মধ্যে যারা ঈমান আনে ও নেক্কাজ করে, আল্লাহ্ তাদের ওয়াদা দিয়েছেন যে, অবশ্যই তিনি তাদের পৃথিবীতে আধিপত্য দান করবেন, যেমন তিনি আধিপত্য দান করেছিলেন তাদের পূর্ববর্তীদের এবং তিনি অবশ্যই সুদৃঢ় করবেন তাদের জন্য তাদের দীনকে, যা তিনি তাদের জন্য পসন্ত করেছেন। আর অবশ্যই তিনি তাদের ভয়-ভীতির পরে তা পরিবর্তিত করে দেবেন নিরাপত্তায়, তারা আমারই ইবাদত করবে, আমার সাথে কারো শরীক সাব্যস্ত করবে না। আর যারা এরপরও না-শোকরী করবে, তারাই তো নাফরমান।

সূরা শু'আরা, ২৫ : ১৫, ১৬

১৫. আপনি তাদের জিজ্ঞেস করুন : এটাই উত্তম, না অনন্তকালের আবাস জান্নাত, যার ওয়াদা মুত্তাকীদের দেয়া হয়েছে ? তা হবে তাদের জন্য পুরস্কার এবং সর্বশেষ বাসস্থান।

وَعَدَهَا اللَّهُ الَّذِينَ كَفَرُوا
وَيُسْأَلُ الْمَصِيرُ ○

৪- وَالَّذِينَ هُمْ لِأَمْنِهِمْ وَعَهْدِهِمْ رِعُونَ ○

৫- وَالَّذِينَ هُمْ عَلَى صَلَاتِهِمْ يُحَافِظُونَ ○

১০- أُولَئِكَ هُمُ الْوَارِثُونَ ○

১১- الَّذِينَ يَرِثُونَ الْفِرْدَوْسَ

هُم فِيهَا خَالِدُونَ ○

৫৫- وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ
وَعَمِلُوا الصَّالِحَاتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْأَرْضِ
كَمَا اسْتَخْلَفَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ
وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دِينَهُمُ الَّذِي
ارْتَضَى لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُمْ
مِنْ بَعْدِ خَوْفِهِمْ أَمْنًا
يَعْبُدُونَنِي لَا يُشْرِكُونَ بِي شَيْئًا
وَمَنْ كَفَرَ بَعْدَ ذَلِكَ
فَأُولَئِكَ هُمُ الْفَاسِقُونَ ○

১৫- قُلْ أَذَلِكَ خَيْرٌ أَمْ جَنَّةُ الْخُلْدِ

الَّتِي وَعَدَ الْمُتَّقُونَ

كَأَنْتَ لَهُمْ جَزَاءً وَمَصِيرًا ○

১৬. তারা সেখানে যা চাইবে তাই পাবে। চিরকাল তারা সেখানে থাকবে। এটা আপনার রবের জিম্মায় একটি ওয়াদা, যা পূরণের দায়িত্ব তাঁর।

সূরা কাসাস, ২৮ : ১৩

১৩. অবশেষে আমি মুসাকে তার মায়ের কাছে ফিরিয়ে দিলাম, যাতে তার চোখ জুড়ায় এবং সে চিন্তাভিত্তিক না থাকে, আর সে বুঝতে পারে যে, আল্লাহর ওয়াদা অবশ্যই সত্য। কিন্তু অধিকাংশ মানুষ তা জানে না।

সূরা রুম, ৩০ : ৬, ৬০

৬. আল্লাহর ওয়াদা। আল্লাহ তাঁর ওয়াদা খেলাফ করেন না। কিন্তু অধিকাংশ মানুষ তা জানে না।
৬০. আপনি সবর করুন, নিশ্চয় আল্লাহর ওয়াদা সত্য। যারা দৃঢ় বিশ্বাসী নয়, তারা যেন আপনাকে বিচলিত করতে না পারে।

সূরা লুকমান, ৩১ : ৮, ৯, ৩৩

৮. যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে, নিশ্চয় তাদের জন্য রয়েছে নিয়ামতপূর্ণ জ্ঞান।
৯. সেখানে তারা চিরকাল থাকবে। আল্লাহর ওয়াদা সত্য। আর তিনি পরাক্রমশালী, হিক্মতওয়ালা।
৩৩. হে মানুষ! তোমরা ভয় কর তোমাদের রবকে এবং ভয় কর সেই দিনকে, যেদিন পিতা সন্তানের কোন কাজে আসবে না আর সা সন্তান পিতার কোন কাজে আসবে। নিশ্চয় আল্লাহর ওয়াদা সত্য। সুতরাং পার্থিব জীবন যেন কিছুতেই তোমাদের ধোঁকা না দেয় এবং প্রতারক শয়তান যেন তোমাদের আল্লাহ সম্পর্কে প্রতারিত না করে।

১৬- لَهُمْ فِيهَا مَا يَشَاءُونَ خَالِدِينَ ۝
كَانَ عَلَىٰ رَبِّكَ وَعْدًا مَّسْئُولًا ۝

১৩- فَرَدَدْنَاهُ إِلَىٰ أُمِّهِ كَيْ تَقَرَّ عَيْنُهَا
وَلَا تَحْزَنَ وَلِتَعْلَمَ أَنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ
وَلَكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ۝

৬- وَعَدَ اللَّهُ ۝ لَا يُخْلِفُ اللَّهُ وَعْدَهُ
وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ۝
৬০- فَاصْبِرْ إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ
وَلَا يَسْتَخِفُّكَ الَّذِينَ لَا يُوقِنُونَ ۝

৮- إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ
لَهُمْ جَنَّاتُ النَّعِيمِ ۝

৯- خَالِدِينَ فِيهَا ۝ وَعَدَ اللَّهُ حَقًّا ۝
وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ۝

৩৩- يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمُ وَاحْشَوْا
يَوْمًا لَا يَجْزِي وَالِدٌ عَنْ وَلَدِهِ ۝
وَلَا مَوْلُودٌ هُوَ جَارٍ عَنْ وَالِدِهِ شَيْئًا
إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ ۝

فَلَا تَغُرَّكُمْ الْحَيَاةُ الدُّنْيَا ۝
وَلَا يَغُرَّكُمْ بِاللَّهِ الْغُرُورُ ۝

সূরা আহযাব, ৩৩ : ৭, ৮, ১২, ২২, ২৩, ২৪

৭. আর স্মরণ করুন, আমি অঙ্গীকার গ্রহণ করেছিলাম নবীদের কাছ থেকে এবং আপনার কাছ থেকেও, আর নূহ, ইব্রাহীম, মুসা এবং ঈসা ইবন মারইয়ামের কাছ থেকেও। আর আমি তাদের কাছ থেকে গ্রহণ করেছিলাম অতি মজবুত অঙ্গীকার।

৮. যেন সত্যবাদীদের তাদের সত্যবাদিতা সম্পর্কে জিজ্ঞাসা করেন। আর তিনি কাফিরদের জন্য প্রস্তুত করে রেখেছেন যন্ত্রণাদায়ক শাস্তি।

১২. আর স্মরণ করুন, মুনাফিকরা এবং যাদের অন্তরে রোগ ছিল, তারা বলছিল : আল্লাহ্ এবং তাঁর রাসূল আমাদের যে ওয়াদা দিয়েছেন, তা প্রতারণা ছাড়া আর কিছুই নয়।

২২. আর যখন মু'মিনরা সম্মিলিত শত্রু-বাহিনীকে দেখতে পেল, তখন তারা বলে উঠল : আল্লাহ্ এবং তাঁর রাসূল তো এরই ওয়াদা আমাদের দিয়েছিলেন এবং আল্লাহ্ ও তাঁর রাসূল সত্যই বলেছেন, এতে তাদের ঈমান ও আনুগত্য আরো বৃদ্ধি পেল।

২৩. মু'মিনদের মধ্যে কতক লোক এমনও আছে, যারা আল্লাহুর সাথে কৃত তাদের ওয়াদা পূর্ণ করেছে, তাদের কেউ কেউ শহীদ হয়েছে এবং কেউ কেউ প্রতীক্ষায় রয়েছে। তারা স্বীয় সংকল্প একটুও পরিবর্তন করেনি।

২৪. এটা এজন্য, যাতে আল্লাহ্ সত্যবাদীদের তাদের সত্যবাদিতার জন্য প্রতিদান দেন এবং ইচ্ছা করলে মুনাফিকদের শাস্তি দেন অথবা তাদেরকে তাওবা করার

৭- وَإِذْ أَخَذْنَا مِنَ النَّبِيِّينَ مِيثَاقَهُمْ وَمِنْكَ وَمِنْ نُوحٍ وَإِبْرَاهِيمَ وَمُوسَىٰ وَعِيسَىٰ ابْنِ مَرْيَمَ ۚ وَأَخَذْنَا مِنْهُم مِّيثَاقًا غَلِيظًا ۝

৮- لِيَسْأَلَ الصَّادِقِينَ عَنْ صِدْقِهِمْ وَأَعَدَّ لِلْكَافِرِينَ عَذَابًا أَلِيمًا ۝

১২- وَإِذْ يَقُولُ الْمُنَافِقُونَ وَالَّذِينَ فِي قُلُوبِهِمْ مَّرَضٌ مَّا وَعَدَنَا اللَّهُ وَرَسُولُهُ إِلَّا غُرُورًا ۝

২২- وَلَمَّا رَأَى الْمُؤْمِنُونَ الْأَحْزَابَ ۚ قَالُوا هَذَا مَا وَعَدَنَا اللَّهُ وَرَسُولُهُ وَصَدَقَ اللَّهُ وَرَسُولُهُ ۚ وَمَا زَادَهُمْ إِلَّا إِيمَانًا وَتَسْلِيمًا ۝

২৩- مِنَ الْمُؤْمِنِينَ رِجَالٌ صَدَقُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ ۖ فَمِنْهُمْ مَنْ قَضَىٰ نَحْبَهُ وَمِنْهُمْ مَنْ يَنْتَظِرُ ۚ وَمَا بَدَّلُوا تَبْدِيلًا ۝

২৪- لِيَجْزِيَ اللَّهُ الصَّادِقِينَ بِصِدْقِهِمْ وَيُعَذِّبَ الْمُنَافِقِينَ إِن شَاءَ أَوْ يَتُوبَ

عَلَيْهِمْ ۖ إِنَّ اللَّهَ كَانَ غَفُورًا رَحِيمًا ۝

২৯- وَيَقُولُونَ مَتَى هَذَا الْوَعْدُ
إِنْ كُنْتُمْ صَادِقِينَ ۝

৩০- قُلْ لَكُمْ مِيعَادُ يَوْمٍ لَا تَسْتَخِرُونَ
عَنْهُ سَاعَةً وَلَا تَسْتَقْدِمُونَ ۝

৩১- يَا أَيُّهَا النَّاسُ إِنَّ وَعْدَ اللَّهِ
حَقٌّ فَلَا تَغُرَّكُمْ الْهَيُوتُ الدُّنْيَا
وَلَا يَعُزَّكُمْ بِاللَّهِ الْغُرُورُ ۝

৩২- قُلْ أَرَأَيْتُمْ شُرَكَاءَكُمُ
الَّذِينَ تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ
أَرُونِي مَاذَا خَلَقُوا مِنَ الْأَرْضِ
أَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمَوَاتِ
أَمْ آتَيْنَاهُمْ كِتَابًا فَهُمْ عَلَى بَيِّنَةٍ مِنْهُ
بَلْ إِنْ يَعِدُ الظَّالِمُونَ بَعْضُهُمْ
بَعْضًا إِلَّا غُرُورًا ۝

৩৩- وَأَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ
لَئِنْ جَاءَهُمْ نَذِيرٌ
لَيَكُونُنَّ أَهْدَى مِنْ إِحْدَى الْأُمَمِ
فَلَمَّا جَاءَهُمْ نَذِيرٌ مَا زَادَهُمْ إِلَّا نُفُورًا ۝

৪৩. পৃথিবীতে নিজেদের প্রাধান্য বজায় রাখার জন্য এবং হীন ষড়যন্ত্রের কারণে। হীন ষড়যন্ত্রের কুফল পতিত হয় সে কুচক্রীদেরই উপর। তবে কি তারা কেবল পূর্ববর্তীদের প্রতি প্রযুক্ত বিধানের অপেক্ষা করছে? আপনি আল্লাহ্র বিধানে কখনো কোন পরিবর্তন পাবেন না এবং তাঁর বিধানে কোন বিচ্যুতিও দেখবেন না।

সূরা যুমার, ৩৯ : ২০, ৭৪

২০. তবে যারা তাদের রবকে ভয় করে, তাদের জন্য রয়েছে অনেক উঁচু উঁচু প্রাসাদ, তাছাড়া রয়েছে আরো অনেক নির্মিত প্রাসাদ, যার পাদদেশে প্রবাহিত হয় নহরসমূহ, আল্লাহ্ ওয়াদা দিয়েছেন। আল্লাহ্ কখনো ওয়াদা খেলাফ করেন না।

৭৪. আর জান্নাতবাসীরা বলবে : সমস্ত প্রশংসা আল্লাহ্র, যিনি আমাদের ব্যাপারে তাঁর ওয়াদা বাস্তবায়িত করেছেন এবং আমাদের মালিক করেছেন যমীনের, আমরা জান্নাতের যেখানে ইচ্ছা বসবাস করব। কত উত্তম পুরস্কার নেকআমলকারীদের জন্য!

সূরা মু'মিন, ৪০ : ৮, ৫৫, ৭৭,

৮. (ফিরিশ্তারা বলবে) হে আমাদের রব! আপনি মু'মিনদের দাখিল করুন স্থায়ী জান্নাতে, যার ওয়াদা আপনি তাদের দিয়েছেন এবং তাদের বাপ-দাদা, পতি-পত্নী ও সম্মান-সম্মতিদের মাঝে যারা নেকআমল করেছে তাদেরও। আপনি তো পরাক্রমশালী, হিক্মতওয়ালা।

৫৫. আর আপনি সবর করুন, নিশ্চয় আল্লাহ্র ওয়াদা সত্য। এবং আপনি আপনার ক্রটি-বিচ্যুতির জন্য ক্ষমা

يَحْمَدُ رَبَّكَ بِالْعِشْيِ وَالْإِبْكَارِ ۝

৭৭- فَأَصْبِرْ إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ ۚ
فَأَمَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِي نَعِدُهُمْ
أَوْ نَتَوَقَّيَنَّكَ
فَالْيَنَّا يُرْجَعُونَ ۝

৩২- وَإِذَا قِيلَ إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ
وَالسَّاعَةُ لَا رَيْبَ فِيهَا قُلْتُمْ
مَا نَدْرِي مَا السَّاعَةُ ۚ إِنَّ نَظْنَ
إِلَّا ظَنًّا وَمَا نَحْنُ بِمُستَيْقِنِينَ ۝

১৫- وَصَّيْنَا الْإِنْسَانَ بِوَالِدَيْهِ
إِحْسَانًا ۖ حَمَلَتْهُ أُمُّهُ كُرْهًا
وَوَضَعَتْهُ كُرْهًا ۖ
وَحَمَلُهُ وَفِضْلُهُ ثَلَاثُونَ شَهْرًا ۖ
حَتَّىٰ إِذَا بَلَغَ أَشُدَّهُ وَبَلَغَ أَرْبَعِينَ سَنَةً ۖ
قَالَ رَبِّ أَوْزِعْنِي أَنْ أَشْكُرَ نِعْمَتَكَ
الَّتِي أَنْعَمْتَ عَلَيَّ وَعَلَىٰ وَالِدَيَّ
وَأَنْ أَعْمَلَ صَالِحًا تَرْضَاهُ
وَأَصْلِحْ لِي فِي ذُرِّيَّتِي ۚ
إِنِّي تَتَّبِعُ إِلَيْكَ وَإِنِّي

আমি আপনার নিকট তাওবা করছি
এবং আমি তো একজন মুসলিম।

১৬. এরা এমন লোক যাদের নেককাজসমূহ
আমি কবুল করে থাকি এবং তাদের
যাবতীয় মন্দকাজ মার্জনা করি, তারা
জান্নাতবাসীদের শামিল। তাদের যে
ওয়াদা দেয়া হয়েছে, তা সত্য প্রমাণিত
হবেই।

১৭. আর যে ব্যক্তি তার মাতা-পিতাকে
বলে : ধিক তোমাদের প্রতি! তোমরা
কি আমাকে এ ভয় দেখাচ্ছ যে, আমি
কবর থেকে পুনরুজ্জীবিত হয়ে বের হব?
অথচ আমার আগে অনেক জনগোষ্ঠি
অতীত হয়েছে! তখন তার মাতা-পিতা
আল্লাহর দরবারে ফরিয়াদ করে বলে :
দুর্ভোগ তোমার জন্য! তুমি ঈমান
আন। নিশ্চয় আল্লাহর ওয়াদা সত্য।
কিন্তু সে বলে : এতো অতীত কালের
ভিত্তিহীন উপকথা ছাড়া আর কিছুই নয়।

সূরা ফাতহ, ৪৮ : ১৮, ১৯, ২০, ২৯

১৮. অবশ্যই আল্লাহ মু'মিনদের প্রতি সন্তুষ্ট
হলেন, যখন তারা গাছের নিচে আপনার
আনুগত্যের শপথ গ্রহণ করল। আর
তাদের অন্তরে যা ছিল, তা তিনি
জানতেন। তারপর তিনি তাদের প্রতি
নাযিল করলেন প্রশান্তি এবং তাদের দান
করলেন একটি নিকট বিজয়,

১৯. এবং বিপুল পরিমাণে গনীমতের মাল,
যা তারা লাভ করবে। আর আল্লাহ
পরাক্রমশালী, হিক্মতওয়ালা।

২০. আর আল্লাহ তোমাদের ওয়াদা দিয়েছেন
প্রচুর গনীমতের, যা তোমরা লাভ
করতে থাকবে। অতএব তিনি এটা
তোমাদের জন্য প্রথমে ত্বরান্বিত

وَكَفَّ أَيْدِي النَّاسِ عَنْكُمْ
وَلِتَكُونَ آيَةً لِّلْمُؤْمِنِينَ
وَيَهْدِيَكُمْ صِرَاطًا مُّسْتَقِيمًا ۝

২৯- مُحَمَّدٌ رَّسُولُ اللَّهِ
وَالَّذِينَ مَعَهُ أَشِدَّاءُ عَلَى الْكُفَّارِ
رُحَمَاءُ بَيْنَهُمْ تَرَاهُمْ رُكَّعًا سُجَّدًا
يَبْتَغُونَ فَضْلًا مِّنَ اللَّهِ وَرِضْوَانًا
سِيمَاهُمْ فِي وُجُوهِهِمْ مِّنْ أَثَرِ السُّجُودِ ۚ
ذَٰلِكَ مَثَلُهُمْ فِي التَّوْرَةِ ۖ
وَمَثَلُهُمْ فِي الْإِنْجِيلِ ۖ
كَزَّرِعٍ أَخْرَجَ شَطْأَهُ فَآزَرَهُ
فَاسْتَغْلَظَ فَاسْتَوَىٰ عَلَىٰ سَوْدٍ
يُعْجِبُ الزَّرَّاعَ لِيَغْيِظَ بِهِمُ الْكُفَّارَ
وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ
مِنْهُمْ مَّغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا ۝

৩১- وَأُزْلِفَتِ الْجَنَّةُ لِّلْمُتَّقِينَ غَيْرَ بَعِيدٍ ۝

৩২- هَٰذَا مَا تُوْعَدُونَ
بِكُلِّ آوَابٍ حَفِيفٍ ۝

৮- وَمَا لَكُمْ لَا تُؤْمِنُونَ بِاللَّهِ ۖ

রাসূল তোমাদের আহ্বান করছেন, যেন তোমরা তোমাদের রবের প্রতি ঈমান আন, আর আল্লাহ্ তো তোমাদের থেকে পূর্বেই অঙ্গীকার গ্রহণ করেছেন। যদি তোমরা মু'মিন হও।

১০. আর তোমাদের কি হলো যে, তোমরা আল্লাহ্র পথে ব্যয় করছ না? অথচ আসমান ও যমীনের মালিকানা তো আল্লাহ্রই। তোমাদের মধ্যে যারা মক্কা বিজয়ের পূর্বে আল্লাহ্র পথে ব্যয় করেছে এবং যুদ্ধ করেছে, তারা এবং পরবর্তীরা সমান নয়। বরং তারা মর্যাদার অনেক শ্রেষ্ঠ তাদের থেকে যারা মক্কা বিজয়ের পরে ব্যয় করেছে ও যুদ্ধ করেছে। তবে আল্লাহ্ সকলকে কল্যাণের প্রতিশ্রুতি দিয়েছেন। আর তোমরা যা কর, আল্লাহ্ তা সম্যক অবহিত।

সূরা মূলক, ৬৭ : ২৪, ২৫, ২৬

২৪. আপনি বলুন : তিনিই তোমাদের ছড়িয়ে দিয়েছেন পৃথিবীতে এবং তাঁরই কাছে তোমাদের একত্র করা হবে।
২৫. আর তারা বলে : এ ওয়াদা কখন বাস্তবায়িত হবে, যদি তোমরা সত্যবাদী হও?
২৬. বলুন : এর জ্ঞান তো কেবল আল্লাহ্রই কাছে আছে। আমি তো একজন স্পষ্ট সতর্ককারী মাত্র।

সূরা মুরসালাত, ৭৭ : ৭

৭. নিশ্চয় তোমাদের যে প্রতিশ্রুতি দেয়া হচ্ছে তা অবধারিত।